আওয়ামী লীগ

যুদ্ধদিনের কথা ১৯৭১

মহিউদ্দিন আহমদ

আওয়ামী লীগ : যুদ্ধদিনের কথা ১৯৭১ • মহিউদ্দিন আহমদ

পাকিস্তানের রাজনীতির মঞ্চে তখন তিনটি প্রধান পক্ষ—আওয়ামী লীগ, পিপলস পার্টি এবং সেনাবাহিনী। আলোচনার মাধ্যমে দ্বন্দ্ব নিরসনের সম্ভাবনা শেষ হয়ে গিয়েছিল এবং আমরা প্রবেশ করেছিলাম একটা রক্তাক্ত অধ্যায়ে। এই বইয়ে আওয়ামী লীগের মুক্তিযুদ্ধ-পর্বের একটা ছবি এঁকেছেন গবেষক মহিউদ্দিন আহমদ।

বাংলাদেশ রাষ্ট্রটির জন্ম স্বাভাবিকভাবে হয়নি। একটি রাষ্ট্র ভেঙে আরেকটি রাষ্ট্র, তা-ও আবার আপসে নয়, রক্তক্ষয়ী যুদ্ধের মধ্য দিয়ে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর এমন উদাহরণ বিরল। বাংলাদেশের ঠিকুজি খুঁজতে গেলে আওয়ামী লীগের প্রসঙ্গ এসে পড়ে। এই বইয়ে আছে দলটির ওই সময়ের পথচলার বিবরণ, যখন দেশ একটি যুদ্ধে জড়িয়ে পড়েছিল। এই যুদ্ধ ছিল বাঙালির দীর্ঘদিনের রাজনৈতিক লড়াইয়ের অনিবার্য গন্তব্য। আলোচনার মাধ্যমে দ্বন্দ্ব নিরসনের সম্ভাবনা নিঃশেষ হয়ে গিয়েছিল এবং আমরা একটা রক্তাক্ত অধ্যায়ে প্রবেশ করেছিলাম। আওয়ামী লীগ হয়ে উঠেছিল বাঙালির আশা-আকাঙ্ক্ষার প্রতীক। ওই পর্বের একটা ছবি আঁকা হয়েছে এই বইয়ে।

আলোকচিত্র : সাইফুল ইসলাম

মহিউদ্দিন আহমদ

জন্ম ১৯৫২, ঢাকায়। পড়াশোনা গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা কলেজ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে। ১৯৭০ সালের ডাকসু নির্বাচনে মুহসীন হল ছাত্র সংসদের সহসাধারণ সম্পাদক নির্বাচিত হন। বিএলএফের সদস্য হিসেবে মুক্তিযুদ্ধে অংশ নেন। দৈনিক *গণকণ্ঠ*-এ কাজ করেছেন প্রতিবেদক ও সহকারী সম্পাদক হিসেবে। দক্ষিণ কোরিয়ার সুংকোংহে বিশ্ববিদ্যালয়ে 'মাস্টার্স ইন এনজিও স্টাডিজ' কোর্সের প্রতিষ্ঠাতা পরিচালক ও অধ্যাপক। তাঁর লেখা ও সম্পাদনায় দেশ ও বিদেশ থেকে বেরিয়েছে বাংলা ও ইংরেজিতে লেখা অনেক বই। প্রথমা প্রকাশন থেকে বেরিয়েছে *জাসদের উত্থান পতন : অস্থির সময়ের রাজনীতি*, *বিএনপি : সময়-অসময়* ও *আওয়ামী লীগ : উত্থানপর্ব ১৯৪৮-১৯৭০*। *প্রথম আলো*য় কলাম লেখেন।

প্রচ্ছদ : মাসুক হেলাল

উৎসর্গ

ঈসা

সূচিপত্র

ভূমিকা

১৯৭০ সালের সাধারণ নির্বাচনের পরপরই পাকিস্তান রাষ্ট্রটি একটি ঘূর্ণিঝড়ের মধ্যে পড়ে যায়, যার অনিবার্য পরিণতি হলো বাংলাদেশের মুক্তিযুদ্ধ। এই যুদ্ধ হঠাৎ করে শুরু হয়নি। এর আছে এক বিস্তৃত পটভূমি। এ প্রসঙ্গে কবি-সাংবাদিক মাশুক চৌধুরীর লেখা থেকে উদ্ধৃতি দিচ্ছি :

ইতিহাসের বুকের ওপর
হাজার বছরের পুরোনো একটা পাথর ছিল
সেই পাথর ভেঙে ভেঙে
আমরা ছিনিয়ে এনেছি স্বাধীনতা
এই ইতিহাসটুকু আজো লেখা হয়নি।

ইতিহাস হলো নির্দিষ্ট একটা সময়ের দলিল। সময় হলো কতগুলো ঘটনার পরম্পরা, যা এক দিনে নির্মিত হয় না। ইতিহাসও এক দিনে লেখা যায় না। ইতিহাস নিয়ে আমাদের আছে প্রবল আগ্রহ এবং জিজ্ঞাসা। এই তাড়না থেকেই লিখে যাচ্ছি। আমার লেখার বিষয় রাজনীতির সুলুকসন্ধান করা। এর আগে জাসদ এবং বিএনপি নিয়ে লিখেছি। তো একপর্যায়ে হাত দিলাম আওয়ামী লীগে। এটি একটি পুরোনো এবং বড় রাজনৈতিক দল। বিশাল এর ক্যানভাস। ইতিমধ্যে *আওয়ামী লীগ : উত্থানপর্ব* নামে আমার একটি বই বেরিয়েছে প্রথমা প্রকাশন থেকে। ওই বইয়ে ১৯৪৮ থেকে ১৯৭০ সাল পর্যন্ত সময়ের ইতিহাস তুলে ধরা হয়েছে। এবার লিখছি আওয়ামী লীগের মুক্তিযুদ্ধকালীন অধ্যায়টি।

বাংলাদেশ রাষ্ট্রটির জন্ম স্বাভাবিকভাবে হয়নি। একটি রাষ্ট্র ভেঙে আরেকটি রাষ্ট্র, তা-ও আবার আপসে নয়, রক্তক্ষয়ী যুদ্ধের মধ্য দিয়ে। এমন একটা উদাহরণ দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর বিরল। বাংলাদেশের ইতিহাসচর্চা তাই সাধারণ নিয়মের মধ্যে পড়ে না। আর দেশটির ইতিহাসের সঙ্গে জড়িয়ে আছে একটা রাজনৈতিক দল, আওয়ামী লীগ। বাংলাদেশের ঠিকুজি খুঁজতে গেলে তাই আওয়ামী লীগের প্রসঙ্গ এসে পড়বেই।

মুক্তিযুদ্ধের ২৬৮ দিনের পর্বটির একটি পূর্ব ইতিহাস আছে। যুদ্ধ তো হঠাৎ করে শুরু হয়ে যায়নি। যুদ্ধের সময়টায় ছিল নানান টানাপোড়েন। ছিল প্রকাশ্য ও অপ্রকাশ্য নানান দ্বন্দ্ব। এর সবটা এখনো অজানা। সবকিছু ছকে বাঁধা ছিল না, সরলরেখায় চলেনি। বহুমাত্রিক এই অধ্যায়ের একটা পূর্ণাঙ্গ ছবি দুই মলাটের মধ্যে বন্দী করা অসম্ভব।

বাহাত্তর সালের ৭ ফেব্রুয়ারি লেখক-সাংবাদিক আবু জাফর শামসুদ্দীন তাজউদ্দীন আহমদের সঙ্গে দেখা করে একাত্তর সালের সরকার গঠন ও অন্যান্য বিষয় সম্বন্ধে জানতে চেয়েছিলেন। ঘটনাটি তিনি *আত্মস্মৃতি* গ্রন্থে উল্লেখ করেছেন। জবাবে তাজউদ্দীন বলেছিলেন, 'আমি, আপনি এবং কমরুদ্দীন সাহেব একত্রে বসলে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের ইতিহাস লিখতে পারি।' পরে বললেন, 'এখন সত্য ইতিহাস লেখা যাবে না। লিখবেন না, লিখলে মেরে ফেলবে।' বোঝা যায়, একাত্তরের ঘটনাবলি নিয়ে অনেক টানাপোড়েন ছিল। অনেক সত্যই চাপা পড়েছে বা চাপা দেওয়া হয়েছে। ইতিহাসের সাক্ষী একেকজন ব্যক্তির মৃত্যুর সঙ্গে সঙ্গে ইতিহাসেরও মৃত্যু হয়।

মুক্তিযুদ্ধ নিয়ে আমাদের মধ্যে আছে প্রচণ্ড আবেগ। এর একটা বস্তুনিষ্ঠ ও নির্মোহ বয়ান তুলে ধরার জন্য প্রয়োজনীয় সব তথ্য এখনো আমাদের সংগ্রহে নেই। যখন যেটুকু জানতে পারি, তার ভিত্তিতেই আমরা লিখি। এখানেও সেই চেষ্টা হয়েছে। তা ছাড়া অনেক কিছু লেখার মতো অনুকূল পরিবেশ তৈরি হয়নি। নতুন তথ্য ও বিশ্লেষণ গ্রহণ করার মতো পাঠকমন তৈরি হওয়ার জন্যও সময় দরকার। এ দেশে ইতিহাসচর্চার ক্ষেত্রে এটা একটা চ্যালেঞ্জ।

তবে এটি কোনোভাবেই মুক্তিযুদ্ধের ইতিহাস নয়। এ হলো আওয়ামী লীগের পথচলার একটি অংশের বিবরণ, যখন দেশ একটি যুদ্ধের মধ্যে প্রবিষ্ট হয়েছিল। এই যুদ্ধ ছিল আওয়ামী লীগের দীর্ঘদিনের রাজনৈতিক লড়াইয়ের অনিবার্য গন্তব্য।

পাকিস্তানের রাজনীতির মঞ্চে তখন তিনটি প্রধান পক্ষ—আওয়ামী লীগ, পিপলস পার্টি ও সেনাবাহিনী। একটা টেকসই যুক্তরাষ্ট্রীয় কাঠামোর ভিত্তিতে সংবিধান তৈরি করা নিয়ে এই তিন পক্ষ একমত হতে পারেনি। একমত হওয়ার সুযোগও ছিল না। কেননা একটি পক্ষ চেয়েছিল বৈষম্যমূলক রাষ্ট্র কাঠামোটি টিকিয়ে রাখতে, যেখানে পিপলস পার্টি ও সেনাবাহিনীর মধ্যে একটা আঁতাত তৈরি হয়েছিল। অন্যদিকে এটা ছিল পাকিস্তানের বাঙালি জনগোষ্ঠীর আত্মপ্রতিষ্ঠা ও আত্মনিয়ন্ত্রণের লড়াই। আওয়ামী লীগ বাঙালি জনগোষ্ঠীর আকাঙ্ক্ষার প্রতীক হয়ে উঠেছিল। আলোচনার মাধ্যমে দ্বন্দ্ব নিরসনের সম্ভাবনা নিঃশেষিত হয়ে গিয়েছিল এবং আমরা একটা রক্তাক্ত অধ্যায়ের মধ্যে প্রবেশ করেছিলাম। এই

বইয়ে আমি ওই পর্বের একটা ছবি আঁকতে চেয়েছি। তবে ছবিটা আংশিক। এ নিয়ে অনেকেই লিখেছেন, আরও অনেকে লিখবেন। তারপর আমরা মুক্তিযুদ্ধের একটা পরিপূর্ণ অবয়ব হয়তো দেখতে পাব।

বইটি লিখতে অনেকেই গুরুত্বপূর্ণ তথ্য ও পরামর্শ দিয়ে সাহায্য করেছেন। এ ছাড়া প্রাসঙ্গিক অনেকের সাক্ষাৎকার নিয়েছি। আমি তাঁদের সবার কাছে ঋণ স্বীকার করছি। তাঁদের নাম ও সংক্ষিপ্ত পরিচিতি বইয়ের শেষে দেওয়া আছে। এ বইয়ে যেসব ছবি ব্যবহার করেছি, তা বিভিন্ন পত্রিকা, ব্যক্তিগত সংগ্রহ ও ইন্টারনেট থেকে নেওয়া।

কাজটি করতে গিয়ে অনেক কিছু জেনেছি, শিখেছি। আমার যেটুকু জানা, তা অন্যদের সঙ্গে ভাগ করে নিতে চাই। একটা মাত্র বইয়ে একাত্তর সালের টালমাটাল দিনগুলোতে আওয়ামী লীগের সম্পূর্ণ ছবি তুলে ধরা সম্ভব নয়। আমি আমার সীমিত ক্ষমতা দিয়ে এ কাজে অংশ নিয়েছি মাত্র।

লেখায় কিছু ভুল থাকতে পারে। শুদ্ধতার কোনো সীমা নেই। শুভাকাঙ্ক্ষী পাঠক ভুল ধরিয়ে দিয়ে লেখাটি যদ্দুর সম্ভব ত্রুটিমুক্ত রাখতে সাহায্য করবেন বলে আশা করছি।

মহিউদ্দিন আহমদ
mohi2005@gmail.com

সংলাপ

১৯৭০ সাল, ৭ ডিসেম্বর সকাল আটটা। প্রেসিডেন্ট আগা মোহাম্মদ ইয়াহিয়া খান তাঁর এডিসি স্কোয়াড্রন লিডার আরশাদ সামি খানকে নিয়ে ভোট দিতে রাওয়ালপিন্ডির প্রেজেন্টেশন কনভেন্ট স্কুলে যাবেন। গাড়িচালক এজাজ কালো ক্যাডিলাক বের করল। যেতে যেতে প্রেসিডেন্ট বললেন, 'মনে আছে তো, সাইকেল মার্কায় ভোট দিতে হবে। সাইকেল মার্কাকে জিততেই হবে, জিততেই হবে।' সাইকেল হলো কনভেনশন মুসলিম লীগের প্রতীক। আইয়ুব খান এ দলের প্রতিষ্ঠাতা। সামি খান ভাবছেন, প্রেসিডেন্টের সামনে আরও বিস্ময় অপেক্ষা করছে। প্রেসিডেন্ট ভবনের সুরক্ষিত চার দেয়ালের ভেতরে বসে এবং জাতীয় নিরাপত্তা সেলের পুরোনো একটি রিপোর্টের ওপর ভরসা করে আছেন তিনি। সামি খান অবাক হলেন এই ভেবে যে জাতীয় নিরাপত্তা সেলের প্রধান মেজর জেনারেল গোলাম উমর প্রেসিডেন্টকে অন্ধকারে রেখে দিয়েছেন।

সন্ধ্যায় প্রেসিডেন্ট ইয়াহিয়া নির্বাচনের ফলাফল শোনার জন্য সামি খানকে নিয়ে টেলিভিশনের সামনে আয়েশ করে বসলেন। এক এক করে ফলাফল আসছে, আওয়ামী লীগ আর পিপলস পার্টির জয়রথ ছুটে চলেছে। রাত তিনটার দিকে যখন অধিকাংশ আসনের ফল ঘোষণা করা হয়ে গেছে, ইয়াহিয়া খুবই মনমরা হয়ে পড়লেন। এডিসিকে বললেন, 'উমরকে এখনই খবর দাও।' এডিসি ফোনে জেনারেল উমরকে পেলেন। উমর বললেন, 'প্রেসিডেন্ট কি বেশি রেগে আছেন?' এডিসি বললেন, 'আপনার কেমন মনে হয়?' প্রেসিডেন্ট ইয়াহিয়া উমরের সঙ্গে সরাসরি কথা বললেন।

ইয়াহিয়া : উমর, এসব হচ্ছেটা কী? তোমার সব হিসাব-নিকাশ কোথায় গেল? কাইয়ুম খান, সবুর খান আর ভাসানীকে যে এত টাকাপয়সা দিলাম, সেসব কোথায় গেল? তুমি কি লাইনে আছ, উমর? বোবা হয়ে গেছ নাকি? কথা বলো।

উমর : জি স্যার, জি স্যার, আমি শুনছি স্যার, আমি শুনছি।

ইয়াহিয়া : শোনা বন্ধ করো এবং জবাব দাও। আমি জবাব চাই। কীভাবে পরিস্থিতি সামাল দেবে ভাবো। শুনতে পাচ্ছ?

উমর : জি স্যার, জি স্যার। আমি আর কী বলব। একটা পথ নিশ্চয়ই বের হবে।

ইয়াহিয়া : কান খুলে আমার কথা শোনো। এক সপ্তাহ পর প্রাদেশিক পরিষদের নির্বাচন হবে। আমি ফলাফল উল্টে দিতে চাই। এখানে যারা খারাপ করেছে, ওটায় ওরা ভালো করবে। আমরা বলতে পারব, বড় দুটি দল জাতীয় নির্বাচনে কারচুপি করেছে, কিন্তু সরকারের হস্তক্ষেপে প্রাদেশিক নির্বাচন সুষ্ঠু হয়েছে। কাল সকালে আমার সঙ্গে দেখা কোরো। বুঝতে পেরেছ?

উমর : জি স্যার, জি স্যার।

ইয়াহিয়া খুবই বিরক্ত হলেন। এত দিন তাঁকে বোঝানো হয়েছে ৩৩টি দল নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে, কেউ সংখ্যাগরিষ্ঠতা পাবে না। অথচ ফলাফল একেবারে উল্টো![১]

পত্রপত্রিকায় প্রেসিডেন্টকে সাধুবাদ জানিয়ে খবর ছাপা হলো, নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়েছে। নির্বাচনের ফলাফলে যে বিভক্তি স্পষ্ট হয়ে উঠেছে, সেখানে হয়তো প্রেসিডেন্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারেন। তিনি হতে পারেন একজন 'সৎ মধ্যস্থতাকারী'। দুদিন পর ইয়াহিয়া উমরকে ডেকে বললেন, কিছুই করতে হবে না। প্রাদেশিক পরিষদের নির্বাচনে হস্তক্ষেপ করার দরকার নেই।[২]

নির্বাচন নিয়ে প্রেসিডেন্ট ইয়াহিয়ার যে সূক্ষ্ম একটি পরিকল্পনা ছিল, উমরের সঙ্গে সংলাপে সেটি স্পষ্ট। প্রশ্ন হলো, পরিকল্পনাটি বাস্তবায়ন না হওয়ার পেছনে কী কারণ থাকতে পারে। এটি কি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের গাফিলতি, নাকি বাইরের কারও সঙ্গে তাঁদের আঁতাতের ফল। ইয়াহিয়া কখনো এটি খুঁজে দেখার চেষ্টা করেননি। করলে হয়তো থলের বিড়াল বেরিয়ে পড়ত।[৩]

নির্বাচনের ফল ঘোষণার পরপরই শেখ মুজিবুর রহমান ও জুলফিকার আলী ভুট্টো দুজনকেই অভিনন্দন জানিয়ে ইয়াহিয়া বার্তা পাঠিয়েছিলেন। নির্বাচনের আগের মাসগুলোতে সামরিক আদালতে যাঁরা বিভিন্ন অভিযোগে দণ্ডিত হয়েছিলেন, তাঁদের অনেককেই সাধারণ ক্ষমার আওতায় ছেড়ে দেওয়া হয়। ইয়াহিয়া শেখ মুজিবের সঙ্গে আলোচনা শুরু করতে খুবই উদ্‌গ্রীব ছিলেন। এ জন্য তিনি তাঁর মন্ত্রিসভার সদস্য মাহমুদ হারুনকে ঢাকায় পাঠান। মাহমুদ হারুন হলেন ইউসুফ হারুনের ভাই এবং শেখ মুজিবের একজন আস্থাভাজন ব্যক্তি। শেখ মুজিবকে ইসলামাবাদে আসার আমন্ত্রণ জানানো হয়। তিনি ইসলামাবাদে যেতে অপারগতা জানান। বিষয়টিকে অনেকে এভাবে ব্যাখ্যা করতে চান যে শেখ মুজিব পাকিস্তানের প্রধানমন্ত্রী হওয়ার ব্যাপারে আগ্রহী ছিলেন না। অন্য

একটি ব্যাখ্যাও ছিল। মুজিব চেয়েছিলেন এর পর রাজনীতির কেন্দ্র হবে ঢাকা। এ প্রসঙ্গে সাংবাদিক আমানউল্লাহর সঙ্গে শেখ মুজিবের একটি অনানুষ্ঠানিক আলাপের কথা উল্লেখ করা যেতে পারে।

সত্তরের ডিসেম্বরের প্রথম সপ্তাহে সিলেটে নির্বাচনী সফর শেষে শেখ মুজিব সড়কপথে ঢাকায় ফিরছিলেন। তাঁর সঙ্গে দলের অন্যরা ছাড়াও ছিলেন কয়েকজন সাংবাদিক। এপিপির পক্ষ থেকে মুজিবের নির্বাচনী সফর কভার করছিলেন আমানউল্লাহ। তিনি পারিবারিকভাবে শেখ মুজিবের পরিচিত ছিলেন। আমানউল্লাহর বাবা বি ডি হাবীবউল্লাহ ছিলেন শেরেবাংলার অনুজপ্রতিম এবং শেখ মুজিব তাঁকে খুব সম্মান করতেন, যদিও দুজনের রাজনীতি ছিল দুই মেরুর। তখন রাত। মেঘনাঘাটে ফেরি পার হওয়ার সময় শেখ মুজিব বলেছিলেন, 'আমানউল্লাহ, আমি নির্বাচনে জিতবই। এবং আমি হয়তো একবার ইসলামাবাদ যাব। তারপর আর না। ঢাকা হবে আমার হেডকোয়ার্টার। আমি সব সেক্রেটারিকে ঢাকায় তলব করব। ওরা সবাই এখানে আমার সঙ্গে কাজ করবে, যত দিন আমি চাইব তত দিন। সবকিছুই হবে ঢাকাকেন্দ্রিক।'[৪]

নির্বাচনের ফলাফলে ইয়াহিয়া যে একেবারে আকাশ থেকে পড়েছেন, তা কিন্তু নয়। নভেম্বরের ঘূর্ণিঝড়ের পর ইয়াহিয়া যখন নির্বাচন পেছাতে রাজি হননি, তখনই তাঁর সংবিধানবিষয়ক উপদেষ্টা অধ্যাপক গোলাম ওয়াহেদ চৌধুরী তাঁকে এর সম্ভাব্য ফল কী হতে পারে, সে ব্যাপারে সতর্ক করে দিয়েছিলেন। ইয়াহিয়ার সাফ জবাব ছিল, 'অর্থাৎ মুজিবের জয় হবে? হ্যাঁ, আমি তা জানি এবং এ নিয়ে আমার কোনো দুশ্চিন্তা নেই। আহসান ও পীরজাদার সঙ্গে মুজিবের অনেক কথা হয়েছে এবং তারা আমাকে আশ্বস্ত করেছে, সে ছয় দফা সংশোধন করবে। ইনশাআল্লাহ পাকিস্তান রক্ষা পাবে, কোনো চিন্তা করবেন না।'[৫]

নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব প্রচণ্ড আত্মবিশ্বাসী হয়ে উঠেছিলেন। এত দিন ছয় দফা ছিল স্বায়ত্তশাসনের জন্য দর-কষাকষির অস্ত্র। নির্বাচনে একচেটিয়া জয় তাঁর মনোবল বাড়িয়ে দিয়েছিল বহুগুণ। ইয়াহিয়ার প্রশাসন বা সেনাবাহিনী নিয়ে তাঁর যে কোনো পরোয়া ছিল না, তার একটি প্রমাণ পাওয়া যায় পররাষ্ট্রসচিব সুলতান মোহাম্মদ খানের বিবরণে।

সুলতান খান সিঙ্গাপুরে কমনওয়েলথ শীর্ষ সম্মেলন শেষে ফেরার পথে ঢাকায় আরসিডির (রিজিওনাল কো-অপারেশন ফর ডেভেলপমেন্ট) সদস্য পাকিস্তান, ইরান ও তুরস্কের পররাষ্ট্রমন্ত্রীদের একটি বৈঠকে অংশ নেন। ইরানের পররাষ্ট্রমন্ত্রী আরদেশির জাহেদি ও তুর্কি পররাষ্ট্রমন্ত্রী ক্যালিয়াংগিল তাঁর কাছে জানতে চান, নির্বাচনে বিজয়ী দলের নেতা শেখ মুজিবের সঙ্গে তাঁরা সৌজন্য সাক্ষাৎ করতে পারবেন কি না। সুলতান খান বলেন, এতে কোনো সমস্যা নেই।

শেখ মুজিবের সঙ্গে দেখা করে তাঁরা সুলতান খানকে বলেন, মুজিবকে মনে হলো আপসহীন; তিনি বলেছেন, জনগণ তাঁর বিরুদ্ধে কিছু করতে পারবে না। তিনি পাকিস্তানের প্রধানমন্ত্রী হওয়ার চেয়ে নতুন এক জাতির পিতা হতেই পছন্দ করবেন। তাঁরা দুজনই বেশ বিচলিত হয়েছেন। জাহেদি ইয়াহিয়ার সঙ্গে দেখা করতে চান। তাঁরা ইসলামাবাদ পৌঁছালে ইয়াহিয়া তাঁদের মধ্যাহ্নভোজের আমন্ত্রণ জানান। জাহেদির কথা শুনে ইয়াহিয়া বলেন, দায়িত্বজ্ঞানহীন কথা বলে মুজিব আসলে বিদেশি অতিথিদের মনোযোগ আকর্ষণ করতে চেয়েছেন। জাহেদিকে আশ্বস্ত করে ইয়াহিয়া বলেন, মুজিবের সঙ্গে কাজ করতে তাঁর অসুবিধা হবে না।[৬]

নির্বাচনে আওয়ামী লীগ নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেলেও পাকিস্তান পিপলস পার্টির (পিপিপি) নেতা জুলফিকার আলী ভুট্টো মনে করতেন, তাঁর সঙ্গে সমঝোতা না করে আওয়ামী লীগ সরকার গঠন করতে পারবে না। ২০ ডিসেম্বর লাহোরে পাঞ্জাব অ্যাসেম্বলি চেম্বারসের সামনে পিপিপির এক সমাবেশে তিনি বলেন, তাঁর দলের সহযোগিতা ছাড়া সংবিধান ও কেন্দ্রীয় সরকার গঠন করা যাবে না। জাতীয় পরিষদে বিরোধী দলের আসনে বসার জন্য পিপিপি প্রস্তুত নয়। তিনি আরও বলেন, 'পিপিপির পক্ষে আরও পাঁচ বছর (পরবর্তী নির্বাচন পর্যন্ত) অপেক্ষা করা সম্ভব নয়।' তিনি বলেন, 'জাতীয় রাজনীতিতে সংখ্যাগরিষ্ঠতার কোনো দাম নেই। কেন্দ্রের আসল শক্তি হলো সিন্ধু ও পাঞ্জাব। প্রদেশ দুটিতে পিপিপি জিতেছে। সুতরাং পিপিপির সমর্থন ছাড়া কেন্দ্রে কোনো সরকার থাকতে পারে না। তিনি যদি বিরোধী দলে থাকেন, তাহলে কীভাবে তিনি জনগণের সমস্যার সমাধান করবেন?'[৭]

পরদিন ভুট্টোর বক্তব্যের প্রতিবাদ করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তাজউদ্দীন আহমদ একটি বিবৃতি দেন। বিবৃতিতে তিনি বলেন, আওয়ামী লীগ জনগণের রায় পেয়েছে এবং সে একাই সংবিধান তৈরি ও কেন্দ্রে সরকার গঠনের ক্ষমতা রাখে। আওয়ামী লীগ তার দলের নীতি ও কর্মসূচির আলোকে প্রয়োজনবোধে অন্যদের সমর্থন চাইতে পারে।[৮]

আওয়ামী লীগের বিজয়ে পাকিস্তানের সামরিক বাহিনীতে নেতিবাচক প্রতিক্রিয়া হয়েছিল। ১২ জন জেনারেল শেখ মুজিবের হাতে ক্ষমতা হস্তান্তরের বিরোধী ছিলেন বলে মেজর জেনারেল রাও ফরমান আলী তথ্য দিয়েছেন। সামরিক গোয়েন্দা সংস্থা আইএসআই-এর মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আকবর খান বলেছিলেন, 'আমরা ওই হারামজাদাকে দেশ শাসন করতে দেব না।' তাঁদের আশঙ্কা ছিল, 'আওয়ামী লীগ ক্ষমতায় গেলে তারা ভারতের প্রতি নমনীয় হবে, কাশ্মীর সমস্যার দিকে নজর দেবে না, প্রতিরক্ষা

খাতের বরাদ্দ কেটে উন্নয়ন খাতে নিয়ে যাবে এবং জ্যেষ্ঠতা ও যোগ্যতা বিচার না করে বাঙালিদের অধিক হারে গুরুত্বপূর্ণ সরকারি পদে বসাবে। প্রেসিডেন্টের ক্ষমতা, যা সংখ্যাগরিষ্ঠ দলের নীতির ব্যাপারে ভারসাম্য বজায় রাখতে পারে, তা কমে যাবে।'[৯]

৩ জানুয়ারি (১৯৭১) সোহরাওয়ার্দী উদ্যানে আয়োজিত এক জনসভায় আওয়ামী লীগের নির্বাচিত জাতীয় ও প্রাদেশিক পরিষদের সদস্যদের নিয়ে শপথ অনুষ্ঠান পরিচালনা করেন স্বয়ং শেখ মুজিব। নৌকা আকৃতির একটি বিশাল মঞ্চ তৈরি করা হয়েছিল। নির্বাচিত প্রতিনিধিরা সবাই মঞ্চে ছিলেন। শপথনামায় নির্বাচিত প্রতিনিধিরা ছয় দফা ও এগারো দফার ভিত্তিতে স্বায়ত্তশাসনসংবলিত সংবিধান তৈরি করতে অঙ্গীকার করেন। শপথ নেওয়া শেষ হলে শেখ মুজিব উপস্থিত জনতাকে আহ্বান করে বলেন, 'কেউ যদি বাংলার মানুষের সঙ্গে বেইমানি করে তবে তোমরা তাকে জ্যান্ত পুঁতে ফেলবে।' শেখ মুজিব 'জয় বাংলা' ও 'জয় পাকিস্তান' বলে ভাষণ শেষ করেছিলেন।[১০]

শপথ অনুষ্ঠানে বিদেশি কূটনীতিকদের আমন্ত্রণ জানানো হয়েছিল। মঞ্চের সামনে সাংবাদিকদের জন্য নির্ধারিত স্থানের পাশে তাঁদের বসার ব্যবস্থা করা হয়েছিল। অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, জাপান, ভারত ও ইরান দূতাবাসের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। চীন ও রাশিয়ার দূতাবাস প্রতিনিধির অনুপস্থিতি ছিল লক্ষণীয়।[১১]

৪ জানুয়ারি ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে রমনার বটমূলে ছাত্রলীগের বর্তমান ও সাবেক সদস্যদের একটি সম্মিলনের আয়োজন করা হয়। প্রধান অতিথি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বিশেষ অতিথি ছিলেন সৈয়দ নজরুল ইসলাম, অধ্যাপক মোজাফফর আহমদ চৌধুরী ও ড. কামাল হোসেন। অনুষ্ঠানে সদ্যনির্বাচিত জাতীয় ও প্রাদেশিক পরিষদের সদস্যদের আমন্ত্রণ জানানো হয়েছিল। তাঁদের মধ্যে অনেকেই উপস্থিত ছিলেন। ছাত্রলীগের সভাপতি নূরে আলম সিদ্দিকী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বসন্ত রোগে আক্রান্ত হওয়ার কারণে ছাত্রলীগের সাধারণ সম্পাদক শাজাহান সিরাজ উপস্থিত হতে পারেননি। তাঁর বদলে ছাত্রলীগের সহসম্পাদক আ ফ ম মাহবুবুল হক সভা পরিচালনা করেন।

সভা শুরু হওয়ার আগে ২০-২৫ জনের একটি দল স্লোগান দিতে দিতে সভা প্রাঙ্গণ প্রদক্ষিণ করে। তাদের স্লোগানগুলো ছিল: বীর বাঙালি অস্ত্র ধরো—বাংলাদেশ স্বাধীন করো, মুক্তিফৌজ গঠন করো—বাংলাদেশ স্বাধীন করো, লাল সূর্য উঠেছে—বীর জনতা জেগেছে, মুক্তির একই পথ—সশস্ত্র বিপ্লব, স্বাধীন করো স্বাধীন করো—বাংলাদেশ স্বাধীন করো, শেখ মুজিবের মন্ত্র—সমাজতন্ত্র। এ সময় আরেকটি গ্রুপ অন্য রকম স্লোগান দেয়। তাদের

সশস্ত্র সংগ্রামের মাধ্যমে স্বাধীনতার লক্ষ্যে ছাত্রলীগের স্লোগান

স্লোগান ছিল : শেখ মুজিবের মতবাদ—গণতান্ত্রিক সমাজবাদ, ছয় দফা মানতে হবে—নইলে গদি ছাড়তে হবে ইত্যাদি। স্লোগানগুলোর মধ্যে ছাত্রলীগের মধ্যকার বিপরীতধর্মী দুটি প্রবণতা ছিল লক্ষণীয়। সৈয়দ নজরুল ইসলাম তাঁর বক্তৃতার একপর্যায়ে বললেন, কিছু কিছু ছেলে সংগঠনবিরোধী স্লোগান দিয়েছে। দলে এসব বরদাশত করা হবে না। শেখ মুজিব তাঁর ভাষণে স্লোগান প্রসঙ্গ এড়িয়ে যান। অধ্যাপক মোজাফফর আহমদ চৌধুরীকে উদ্দেশ করে একটু কৌতুকও করেন, 'আপনি বিশ্ববিদ্যালয়ের ডক্টরেট, আমি মাঠের ডক্টরেট।' তবে স্লোগান-পাল্টা স্লোগানের মধ্য থেকে উঠে আসা বার্তাটি শেখ মুজিব ঠিকই ধরতে পেরেছিলেন। তিনি বক্তৃতা শেষ করলেন 'জয় বাংলা' বলে। অন্যান্য দিনের মতো 'জয় পাকিস্তান' আর বলেননি।[১২]

৯ জানুয়ারি মওলানা আবদুল হামিদ খান ভাসানী টাঙ্গাইলের সন্তোষে একটি জাতীয় সম্মেলন ডাকেন। সম্মেলনে তিনি লাহোর প্রস্তাবের ভিত্তিতে 'স্বাধীন পূর্ব পাকিস্তান' দাবি করেন। উল্লেখ্য, নির্বাচনের আগে নভেম্বরে পল্টনের এক জনসভায় তিনি এ দাবি উচ্চারণ করেছিলেন। ওই সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন আতাউর রহমান খান, শাহ আজিজুর রহমান, মোহাম্মদ সোলায়মান ও পীর মোহসেন উদ্দিন দুদু মিয়া।

নির্বাচন-পরবর্তী সময়ে যখন বিভিন্ন দলের মধ্যে সংবিধান তৈরির প্রশ্নে সংলাপ ও সমঝোতার বিষয়টি নিয়ে সবাই উদ্বিগ্ন, ঠিক সে সময় এ ধরনের দাবি উত্থাপন করার কী যুক্তি থাকতে পারে, তা বোঝা কষ্টকর। মওলানা ভাসানীকে ১৯৬৩ সালের পর থেকেই পাকিস্তানের সামরিক জান্তা নানাভাবে ব্যবহার করেছে। তাঁর এ দাবির আড়ালে অন্য কিছু আছে কি না, তা নিয়ে বেশ গুঞ্জন ছিল। যা হোক, সন্তোষে আয়োজিত সম্মেলনে দাবি আদায়ের জন্য মওলানা ভাসানীকে আহ্বায়ক করে পাকিস্তান ন্যাশনাল লীগ ও ন্যাপ (ভাসানী) থেকে পাঁচজন করে প্রতিনিধি নিয়ে ১০ সদস্যবিশিষ্ট একটি সমন্বয় কমিটি তৈরি করা হয়। কমিটির সদস্যদের মধ্যে ছিলেন ন্যাশনাল লীগের আতাউর রহমান খান, শাহ আজিজুর রহমান ও আমেনা বেগম এবং ন্যাপের মশিউর রহমান, আবদুল জলিল ও আবদুল জব্বার।[১৩]

নির্বাচনে বিপুল বিজয়ের পর আওয়ামী লীগের সামনে প্রধান চ্যালেঞ্জ ছিল ছয় দফার ভিত্তিতে একটি কার্যকর সংবিধান তৈরি করা। এত দিন যা ছিল দাবি, এখন তা হয়ে দাঁড়াল দায়িত্ব। সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দীন আহমদ, ক্যাপ্টেন মনসুর আলী, এ এইচ এম কামারুজ্জামান ও খন্দকার মোশতাক আহমদকে নিয়ে শেখ মুজিবের একটি অনানুষ্ঠানিক 'হাইকমান্ড' ছিল। বঙ্গবন্ধু শেখ মুজিব তাঁদের সঙ্গে বারবার বৈঠক করেন। সংবিধান তৈরির জন্য বিশেষজ্ঞের দরকার ছিল। শেখ মুজিব এ কাজে তাঁর পরীক্ষিত সহযোগীদের জড়ালেন। তাঁদের মধ্যে ছিলেন ড. নুরুল ইসলাম, অধ্যাপক মোজাফফর আহমদ চৌধুরী, অধ্যাপক খান সারওয়ার মুরশিদ, অধ্যাপক আনিসুর রহমান, ড. কামাল হোসেন ও অধ্যাপক রেহমান সোবহান। ঢাকা থেকে নারায়ণগঞ্জে যাওয়ার মাঝামাঝি পথে বুড়িগঙ্গার পারে পাট ব্যবসায়ী হামিদের বাড়িতে লোকচক্ষুর আড়ালে চলত তাঁদের আলোচনা। ঢাকা থেকে তাঁরা ভোরবেলায় যেতেন, ফিরতেন সন্ধ্যার পর। তাঁরা যেসব নোট তৈরি করতেন, সেগুলো শেখ মুজিবের হাতে দেওয়া হতো এবং মুজিব তা নিজের কাছেই রাখতেন। প্রেসিডেন্ট ইয়াহিয়ার সঙ্গে সংলাপ ও দর-কষাকষির জন্য একটি খসড়া সংবিধান তৈরির কাজ শেখ মুজিব আগেভাগেই করে রাখলেন। অতি গোপনে কাজটি করা হলেও

গণমাধ্যম ও গোয়েন্দা সংস্থাগুলোর কাছে তার কিছু অংশ ফাঁস হয়ে যায়। শেখ মুজিব এ জন্য খন্দকার মোশতাককে সন্দেহ করতেন। মোশতাক ছয় দফার ব্যাপারে আপস করতে আগ্রহী ছিলেন।[১৪]

নির্বাচনের পরপরই প্রেসিডেন্ট ইয়াহিয়া বিজয়ী প্রধান দুটি দলের নেতাদের সঙ্গে কথাবার্তা বলার সিদ্ধান্ত নেন। ১১ জানুয়ারি তিনি ঢাকায় আসেন। তাঁর সফরসঙ্গীদের মধ্যে ছিলেন সেনাসদরের প্রিন্সিপাল স্টাফ অফিসার লে. জেনারেল সৈয়দ গোলাম মোহাম্মদ মহিউদ্দিন পীরজাদা, ব্রিগেডিয়ার ইস্কান্দার উল করিম (পরে মেজর জেনারেল) ও লে. কর্নেল মাহমুদ। করিম ও মাহমুদ দুজনই ছিলেন বাঙালি। করিম প্রেসিডেন্টের সচিবালয়ে বসতেন এবং মাহমুদ ছিলেন পীরজাদার স্টাফ অফিসার। করিমকে পীরজাদার ডান হাত মনে করা হতো।[১৫]

ইয়াহিয়া রওনা হওয়ার আগে করাচি বিমানবন্দরে এবং ঢাকায় পৌঁছে সাংবাদিকদের সঙ্গে বেশ খোলামেলাভাবেই বলেন, তিনি ভবিষ্যৎ প্রধানমন্ত্রীকে স্বাগত জানাতে এবং তাঁর সঙ্গে দেখা করতে উৎসুক। ঢাকায় পৌঁছে ইয়াহিয়া তাঁর সাহায্যকারী দলের সঙ্গে প্রস্তুতিমূলক সভা করেন। সভায় উপস্থিত ছিলেন লে. জেনারেল পীরজাদা, মেজর জেনারেল রাও ফরমান আলী ও ব্রিগেডিয়ার ইস্কান্দার করিম। সভায় শেখ মুজিবকে প্রধানমন্ত্রী এবং ইয়াহিয়াকে প্রেসিডেন্ট রেখে কীভাবে ক্ষমতার একটি কার্যকর বিন্যাস করা যায়, তা নিয়ে আলোচনা হয়। সভায় সিদ্ধান্ত হয়, প্রেসিডেন্টের হাতে দেশরক্ষা, পররাষ্ট্র, অর্থ, স্বরাষ্ট্র, বাণিজ্য ও যোগাযোগ মন্ত্রণালয় ছাড়াও সংস্থাপন বিভাগ এবং বিচারপতি, অ্যাটর্নি জেনারেল, প্রধান নির্বাচন কমিশনারসহ তিন বাহিনীর প্রধান নিয়োগের ক্ষমতা থাকতে হবে। পরবর্তী সময়ে গোয়েন্দা সূত্রে জানা যায় যে এসব কথাবার্তা শেখ মুজিবের কাছে দ্রুতই পৌঁছে গিয়েছিল। পরদিন সকালে শেখ মুজিব যখন তাঁর সহযোগীদের নিয়ে প্রেসিডেন্ট ভবনে আসেন, তিনি তখন মোটামুটি ওয়াকিবহাল, কী নিয়ে আলোচনা হতে যাচ্ছে এবং এর মোকাবিলা হবে কেমন করে, তার প্রস্তুতিও তিনি নিয়ে রেখেছেন।[১৬]

বঙ্গবন্ধুর সঙ্গে ছিলেন কামাল হোসেন, তাজউদ্দীন আহমদ ও খন্দকার মোশতাক আহমদ। প্রেসিডেন্ট ইয়াহিয়া শেখ মুজিবের সঙ্গে কোলাকুলি করলেন। প্রেস ফটোগ্রাফারদের ফটোসেশন চলল অনেকক্ষণ ধরে। তারপর তাঁদের সরিয়ে দেওয়া হলো। শুরু হলো সভা। প্রেসিডেন্টের এডিসি আরশাদ সামি খান সভাকক্ষের সঙ্গে লাগোয়া খাবার ঘরের একটি সুবিধাজনক জায়গায় বসলেন, যেখান থেকে সব কথাবার্তা শোনা যায়।[১৭]

ইয়াহিয়া তাঁর কথা শুরু করলেন। আওয়ামী লীগ পূর্ব পাকিস্তানে বিশাল জয় পেয়েছে, কিন্তু পশ্চিম পাকিস্তানে তার কোনো সমর্থন নেই। পিপলস পার্টি পশ্চিম

পাকিস্তানে বিজয়ী হয়েছে, কিন্তু পূর্ব পাকিস্তানে তার কোনো আসন নেই। দেশের দুই অংশ যদি একটি ভূখণ্ড হতো, তাহলে হয়তো বিষয়টি অন্য রকম হতো। কিন্তু এখানে বাস্তবতা ভিন্ন। দুই প্রদেশের মধ্যে হাজার মাইলের ব্যবধান, মাঝখানে বৈরী ভারত। এ অবস্থায় আওয়ামী লীগ যদি সরকার গঠন করে এবং পশ্চিম পাকিস্তান থেকে কোনো রকম সহযোগিতা না পায়, তাহলে অচলাবস্থা তৈরি হতে পারে। আওয়ামী লীগ হয়তো-বা একটি সংবিধান তৈরি করে দিতে পারে। কিন্তু সংবিধান তো কেবল একটি আইনমাত্র নয়। এটি একটি পবিত্র দলিল এবং এর ওপর সব প্রদেশের আস্থা থাকতে হবে। তা না হলে এটি কত দিন টিকবে?

ইয়াহিয়া ধীরে ধীরে যুক্তির জাল বিস্তার করছিলেন। এবার তিনি বললেন, একটি বিকল্প হলো আওয়ামী লীগ ভুট্টোর সঙ্গে কোয়ালিশন করতে পারে। যত দূর জানা গেছে, ভুট্টো তাঁর দলের জাতীয় পরিষদ সদস্যদের ঢাকায় পরিষদের আসন্ন অধিবেশনে যোগ দিতে নিষেধ করেছেন। বিষয়টি জেনে তিনি (ইয়াহিয়া) ভুট্টোর সঙ্গে কথা বলেছেন এবং এ কাজ থেকে বিরত থাকতে পরামর্শ দিয়েছেন। ভুট্টো জবাব দিয়েছেন, 'জেনারেল সাহেব, আমরা রাজনীতিবিদেরা বলি এক রকম, কিন্তু ভাবি অন্য রকম।'

ইয়াহিয়া এরপর তৃতীয় একটি বিকল্পের কথা বললেন। আওয়ামী লীগ পশ্চিম পাকিস্তানের ছোট দলগুলোর সঙ্গে জোট বাঁধতে পারে। কিন্তু এর ফল শুভ হবে না। ভুট্টো আমলাদের ওপর প্রভাব খাটিয়ে এমন পরিস্থিতি তৈরি করতে পারেন, যেখানে পশ্চিম পাকিস্তানে আওয়ামী লীগের সঙ্গে জোটভুক্ত দলগুলো ভুট্টোর

THE PAKISTAN OBSERVER

ISCUSSION WAS SATISFACTORY'

ujib future Prime
inister, says Yahya

NO LOAN FOR
AFFECTED
PEOPLE

শেখ মুজিবকে ভবিষ্যৎ প্রধানমন্ত্রী হিসেবে উল্লেখ করলেন প্রেসিডেন্ট ইয়াহিয়া খান

দলের শক্তির সঙ্গে এঁটে উঠতে পারবে না। সামরিক আইন উঠে গেলে পরিস্থিতি ভয়াবহ হয়ে উঠতে পারে।

ইয়াহিয়া এবার তাঁর তুরুপের শেষ তাসটা বের করলেন। বললেন, তুর্কিপদ্ধতি একটি বিকল্প হতে পারে। ক্ষমতার সব কেন্দ্রকে একসঙ্গে না রাখলে কোনো দলের পক্ষেই সরকার চালানো সম্ভব নয়। অবশ্যই সেনাবাহিনীর সহযোগিতা দরকার। 'যদিও আমি ব্যারাকে ফিরে যেতে চাই, পরিস্থিতি সামাল দিতে প্রয়োজনে আমি সাহায্যের হাত বাড়িয়ে দেব। সেনাবাহিনীর কাজ তো এটাই।'

বঙ্গবন্ধু শেখ মুজিব এবং তাঁর দলের সদস্যরা চুপচাপ প্রেসিডেন্টের কথা শুনছিলেন। করিম ও মাহমুদের কল্যাণে তাঁরা আগেই জেনে গিয়েছিলেন, কী প্রস্তাব আসতে পারে। তাঁদের সংলাপ চলল কিছুক্ষণ।

মুজিব : আমি কি কিছু বলতে পারি?

ইয়াহিয়া : নিশ্চয়ই।

মুজিব : আমাকে ভবিষ্যৎ প্রধানমন্ত্রী হিসেবে উল্লেখ করা এবং প্রথমেই আমার দলের সঙ্গে সংলাপের উদ্যোগ নেওয়ার জন্য আপনার প্রতি আমি কৃতজ্ঞ। আমি বুঝতে পারছি, পরিস্থিতি কেন জটিল। খুবই সাবধানে বিষয়টি সামলাতে হবে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য সেনাবাহিনীর সমর্থন দরকার হবে। কিন্তু একটি গণতান্ত্রিক প্রতিষ্ঠানের প্রধান হিসেবে আমার কিংবা আমার দলের কাছে এই প্রক্রিয়ায় সেনাবাহিনীর সংশ্লিষ্টতার বিষয়টি মেনে নেওয়া কষ্টকর হবে। বিশেষ করে তুর্কি স্টাইলের একটি ব্যবস্থা নির্বাচনের আসল উদ্দেশ্যকেই মাটি করে দেবে। যেটুকু সম্ভব তা হলো, আপনি নামমাত্র (টিটুলার) প্রেসিডেন্ট হিসেবে থেকে যেতে পারেন, যেমনটি ভারতে আছে।

ইয়াহিয়া : শেখ সাহেব, নির্বাচনে বিশাল জয় পেয়ে নিশ্চয়ই আপনার মতিভ্রম হয়নি। আপনার প্রয়োজন হবে রাষ্ট্রপ্রধান হিসেবে একজন শক্তিশালী সেনাপতির, যাঁকে সবাই মান্য করবে। অথচ আপনি চাচ্ছেন একটি দন্তহীন সিংহ। একজন নামমাত্র প্রেসিডেন্ট শেখ মুজিব ও আওয়ামী লীগের কোনো উপকারে আসবে না। পশ্চিম পাকিস্তানের ধূর্ত রাজনীতিবিদ ও আমলাদের কথা না হয় বাদ দিলাম, অন্য কেউই তাঁর কথা শুনবে না। ভারতে স্বাধীনতার পর থেকেই একটি কার্যকর ব্যবস্থা গড়ে উঠেছে এবং এটি কেউ চ্যালেঞ্জ করতে পারে না। পাকিস্তানে আমাদের নতুন করে শুরু করতে হচ্ছে।

মুজিব : স্যার, আপনি কি পার্লামেন্টারি পদ্ধতির বদলে প্রেসিডেন্ট পদ্ধতির সরকার প্রস্তাব করছেন?

ইয়াহিয়া : একটি মিশ্র ব্যবস্থা চাচ্ছি। এমন একটি ব্যবস্থা, যেখানে প্রধানমন্ত্রীর হাতে কয়েকটি মন্ত্রণালয়ের দায়িত্ব থাকবে, প্রেসিডেন্টের দায়িত্বে থাকবে কয়েকটি।

মুজিব : অনুগ্রহ করে বলবেন কি, প্রেসিডেন্টের হাতে কোন মন্ত্রণালয়গুলো থাকবে?

ইয়াহিয়া : ধরুন দেশরক্ষা, পররাষ্ট্র, অর্থ, স্বরাষ্ট্র, বাণিজ্য ও যোগাযোগ। এ ছাড়া সংস্থাপন বিভাগ এবং বিচারপতি, অ্যাটর্নি জেনারেল, প্রধান নির্বাচন কমিশনার, বাহিনীপ্রধান ইত্যাদি নিয়োগের ক্ষমতা।

মুজিব : অনিচ্ছা সত্ত্বেও আপনাকে আমরা নামমাত্র প্রেসিডেন্ট হিসেবে রাখতে চেয়েছিলাম। এখন দেখছি জনগণের দ্বারা নির্বাচিত একজন নেতাকে আপনি নামমাত্র প্রধানমন্ত্রী হওয়ার প্রস্তাব করছেন।

ইয়াহিয়া : সবকিছুই আলোচনা সাপেক্ষে ঠিক করা হবে। আমার টিম আপনার টিমের সঙ্গে বসে উভয়ের কাছে গ্রহণযোগ্য একটি আপস-ফর্মুলা বের করার উদ্যোগ নিক।

মুজিব : কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে আমাকে আমার দলের সিনিয়র নেতাদের সঙ্গে আলোচনা করতে হবে এবং এ জন্য আরও সময় দরকার। তবে আমি জানতে চাই, জাতীয় পরিষদের অধিবেশন ডাকা হচ্ছে কবে? আমি চাই যতশীঘ্র সম্ভব এটি ডাকা হোক, অবশ্যই ফেব্রুয়ারির প্রথম সপ্তাহের মধ্যে।

ইয়াহিয়া : ফেব্রুয়ারির প্রথম সপ্তাহের মধ্যে অধিবেশন ডাকা বাস্তবসম্মত নয়। আমাকে পশ্চিম পাকিস্তানে অন্য নেতাদের সঙ্গে কথা বলতে হবে। ইতিমধ্যে ঘোষণা করা হয়েছে, অধিবেশন বসবে ঢাকায়। কিন্তু সেখানে বসার আসন মাত্র ১৫০টি। অথচ প্রয়োজন ৩১৩টি আসনের। এটি প্রস্তুত করতে সময় লাগবে। এ ছাড়া আপনার উচিত হবে পশ্চিম পাকিস্তানের নেতাদের সঙ্গে আলাপ-আলোচনা করে সংবিধানের মূল বিষয়গুলো নিয়ে ঐকমত্যে পৌছানো। যত দূর মনে হয়, ফেব্রুয়ারির শেষ দিকে হয়তো অধিবেশন ডাকা যায়, তার আগে নয়।

মুজিব : এ নিয়ে পশ্চিম পাকিস্তানের কারও সঙ্গে আলাপ করার প্রয়োজন দেখি না।[১৮]

এর কিছুক্ষণ পরই সভা শেষ হয়। শেখ মুজিব তাঁর দল নিয়ে প্রেসিডেন্ট ভবন ছেড়ে যান। প্রেসিডেন্টের সঙ্গে শেখ মুজিবের সংলাপের বিষয় নিয়ে তাঁদের কাটাছেঁড়া চলে কিছুক্ষণ। মনে হলো, প্রেসিডেন্ট বেশ খোশমেজাজে আছেন। তিনি বললেন, মুজিবের কাছ থেকে জবাব পেলেই পরবর্তী আলোচনার তারিখ ঠিক করা হবে।

বিকেল পাঁচটায় কর্নেল মাহমুদ জানালেন, শেখ মুজিব তাঁর সহযোগীদের নিয়ে পরদিন প্রেসিডেন্টের সুবিধাজনক সময়ে আসতে চান। প্রেসিডেন্ট তাঁর রুটিন দেখলেন। দু-একটি কর্মসূচি কাটছাঁট করে বললেন, সকাল ১০টায় সভা হবে।

১৪ জানুয়ারি ১০টায় সভা শুরু হলো। মুজিব ইয়াহিয়াকে স্পষ্ট জানিয়ে দিলেন, একজন টিটুলার প্রেসিডেন্ট ছাড়া ইয়াহিয়াকে অন্য কিছু ভাবা তাঁর দলের পক্ষে সম্ভব নয়। এরপর ইয়াহিয়া ও মুজিব দলের অন্যদের ছাড়া একান্তে কিছুক্ষণ কথা বলেন। ইয়াহিয়া মুজিবকে বলেন, 'আমি আপনার অবস্থা বুঝতে পারছি। আমি আপনাকে পরামর্শ দিচ্ছি, দলের চরমপন্থীদের হাতে নিজেকে ছেড়ে দেবেন না। কেননা, আপনাকে রাষ্ট্রের দায়িত্ব নিতে হবে। আপনার উচিত পশ্চিম পাকিস্তান সফর করা এবং আপনার সরকার ও ভবিষ্যৎ সংবিধানের পক্ষে সমর্থন আদায় করা।'[১৯]

১৫ জানুয়ারি ইয়াহিয়া ঢাকা থেকে করাচি ফিরে যান। ঢাকা বিমানবন্দরে তিনি সাংবাদিকদের সঙ্গে আলাপ প্রসঙ্গে শেখ মুজিবকে আবারও ভবিষ্যৎ প্রধানমন্ত্রী হিসেবে উল্লেখ করেন। করাচির প্রেসিডেন্ট ভবনে দুদিন পর এক নৈশভোজে ভুট্টোকে আমন্ত্রণ জানানো হয়। ভুট্টো নৈশভোজে যোগ দেন। ভুট্টোর সঙ্গে ইয়াহিয়ার এই যোগাযোগ পরবর্তী সময়ে দুজনের মধ্যে পারস্পরিক আস্থা তৈরি করার ক্ষেত্রে ভূমিকা রেখেছে বলে অনুমান করা হয়। এই যোগাযোগের উদ্যোক্তা ছিলেন জেনারেল পীরজাদা। যদিও নৈশভোজে আমন্ত্রিত ব্যক্তিদের তালিকায় তিনি ছিলেন না।[২০]

এক সপ্তাহ পর ইয়াহিয়া তাঁর কয়েকজন ব্যক্তিগত স্টাফকে সঙ্গে নিয়ে লারকানায় ভুট্টোর পৈতৃক বাড়িতে বেড়াতে যান। উদ্দেশ্য, পাখি শিকার করা। কিন্তু নেপথ্যে অন্য কারণও ছিল। ইয়াহিয়ার এডিসি আরশাদ সামি খানের ভাষ্য অনুযায়ী, রাতের খাবার খেতে খেতে ভুট্টো ইয়াহিয়াকে সোজাসাপটা প্রশ্ন করেন। তাঁদের কথাবার্তা ছিল এ রকম :

ভুট্টো : মুজিব ও আওয়ামী লীগের একগুঁয়েমির পরিপ্রেক্ষিতে আপনি কী ভাবছেন?

ইয়াহিয়া : দুটো পথ আছে। একটি হলো পরিষদ ডেকে দেখা, রাজনীতিবিদেরা তাঁদের তৈরি জঞ্জাল কীভাবে সাফ করেন। দ্বিতীয় পথ হলো পাকিস্তান ভাঙার ষড়যন্ত্রের জন্য মুজিবের বিরুদ্ধে অভিযোগ আনা। আগরতলা ষড়যন্ত্র মামলার বিষয়টি একেবারে শেষ হয়ে যায়নি। কিন্তু প্রথম পথটিই মনে হয় সুবিধাজনক। পার্লামেন্ট ব্যর্থ হতে বাধ্য, যদি না আওয়ামী লীগ আর পিপলস পার্টি একটি কার্যকর

কোয়ালিশন গঠন করতে পারে। আপনি কি আওয়ামী লীগের সঙ্গে এ রকম একটি জোট বাঁধতে ইচ্ছুক?

ভুট্টো : আওয়ামী লীগের সঙ্গে জোট বেঁধে পাকিস্তান ভাঙার দায় কাঁধে নেওয়া? কখনো না, কখনো না।

ইয়াহিয়া : আইয়ুববিরোধী আন্দোলনের সময় আপনি মুজিবের পক্ষ নিয়েছিলেন। আইয়ুবকে ক্ষমতা ছাড়তে হয়েছিল। অথচ আইয়ুব বারবার বলেছিলেন, মুজিব পাকিস্তানবিরোধী ও ষড়যন্ত্রকারী। এখন কী করে আপনি মুজিবের বিরুদ্ধে কথা বলেন?

ভুট্টো : জেনারেল সাহেব, এটি হচ্ছে রাজনীতি। রাজনীতি এমন একটি ধারণা, যেখানে চিরস্থায়ী কোনো বন্ধু বা শত্রু নেই। রাজনৈতিক সুবিধা হচ্ছে মূল বিষয়। আপনি কী করে প্রথম পথটির কথা ভাবলেন? সে তো প্রথমেই আপনাকে পদচ্যুত করবে এবং তার আস্থাভাজন এমন একজনকে আপনার জায়গায় বসাবে, ভবিষ্যতে সামরিক বাহিনীর হস্তক্ষেপের আর কোনো সম্ভাবনা থাকবে না। সে হয়তো আপনি ও আইয়ুব খান দুজনকেই ষড়যন্ত্রকারী হিসেবে বিচার করবে, কেননা আপনারা দুজনই সংবিধান বাতিল করেছেন। জেনারেল সাহেব, আপনার জায়গায় আমি থাকলে দ্বিতীয় পথটিই বেছে নিতাম।

ইয়াহিয়া : শেখ মুজিব ও আওয়ামী লীগ দেশের একটি বড় রাজনৈতিক শক্তি। রাজনীতি থেকে তাদের সরিয়ে দেওয়া খুবই কঠিন কাজ এবং এ জন্য শক্তিশালী রাজনৈতিক সমর্থন দরকার, পূর্ব পাকিস্তান থেকে তো বটেই, পশ্চিম পাকিস্তান থেকেও এটি দরকার।

ভুট্টো : (সবুর খান ও মওলানা ভাসানীর প্রতি ইঙ্গিত করে) আপনি তো তাঁদের টাকাপয়সা দিয়ে প্রতিপালন করেছেন নির্বাচনে হারার জন্য নয়। এখনই সময় তাঁদের কাছ থেকে প্রতিদান নেওয়ার।[২১]

লারকানা বৈঠক নিয়ে জেনারেল পীরজাদার বয়ানটি একটু অন্য ধরনের। একপর্যায়ে তিনিও আলোচনায় অংশ নিয়েছিলেন। লারকানায় ভুট্টোর পৈতৃক বাড়ি শাহনেওয়াজ হাউসের বাগানে তাঁদের মধ্যে কথাবার্তা হয়। ভুট্টোর সঙ্গে ছিলেন পিপলস পার্টির নেতা গোলাম মোস্তফা খার এবং চাচাতো ভাই মমতাজ আলী ভুট্টো। ইয়াহিয়ার সহযোগীদের মধ্যে ছিলেন সেনাবাহিনীর চিফ অব স্টাফ জেনারেল আবদুল হামিদ খান এবং সেনাসদরের পিএসও লে. জেনারেল পীরজাদা। এই বৈঠকে নানা রকম ষড়যন্ত্র হয় বলে গুঞ্জন ওঠে। পীরজাদার মতে, ঢাকায় অনুষ্ঠিত মুজিব-ইয়াহিয়া বৈঠকের মতো লারকানার বৈঠক 'ততটা সৌহার্দ্যপূর্ণ ছিল না'। পীরজাদার সাক্ষাৎকারের ভিত্তিতে লেখা পাকিস্তানি

গবেষক লে. জেনারেল কামাল মতিনউদ্দিনের বিবরণে ইয়াহিয়া-ভুট্টো সংলাপের একটি ছবি পাওয়া যায়।

ভুট্টো : (তিনটি সম্ভাবনার কথা তুলে ধরে) মুজিব এককভাবে, পশ্চিম পাকিস্তানের ছোট কয়েকটি দলকে সঙ্গে নিয়ে শাসন চালাবেন; তাঁর (ভুট্টোর) সঙ্গে হাত মিলিয়ে যৌথভাবে সরকার গঠন করবেন; মুজিব ও ভুট্টো সেনাবাহিনীর সহায়তা নিয়ে দেশ শাসন করবেন।

ইয়াহিয়া : আমি এসবের মধ্যে নেই। আমি আশা করব, এখন থেকে আপনারাই দায়িত্ব নেবেন। আইনশৃঙ্খলা বজায় রাখা ছাড়া সেনাবাহিনীর আর কোনো ভূমিকা থাকবে না। আমি তো এখনো প্রেসিডেন্ট। কোনো সাহায্যের দরকার হলে আমি তো আছিই।

ভুট্টো : অনুগ্রহ করে মুজিবকে বলুন, ভুট্টোর হাতেই পশ্চিম পাকিস্তানের নেতৃত্ব। তাই দেশের স্বার্থে ভুট্টোকে সরকারে নেওয়া হলে তা সবার জন্যই ভালো হবে।

ইয়াহিয়া : (অবাক হয়ে) জুলফি, জুলফি, ভেবেচিন্তে কথা বলুন। সেনাবাহিনী কোনো হুকুম দেবে না বা তদবির করবে না। মুজিবের সঙ্গে কথা বলা আপনার দায়িত্ব এবং কাকে নেবেন বা নেবেন না এটি তাঁর বিষয়।

ভুট্টো : না, না, আমি কথাটা সে অর্থে বলিনি। পাকিস্তানে একটি কোয়ালিশন সরকার হলে ভালো হতো না?

পীরজাদা : আওয়ামী লীগ পূর্ব পাকিস্তানে একচেটিয়া জয় পেয়েছে। কিন্তু আপনি পশ্চিম পাকিস্তানে স্বাভাবিক সংখ্যাগরিষ্ঠতা পেয়েছেন মাত্র। দুজনের অবস্থান এক নয়।

ভুট্টো : তা হতে পারে। কিন্তু জেনারেল, আমি আঞ্চলিক পরিপ্রেক্ষিতের কথা বলছি।

ইয়াহিয়া : আমি আপনাকে মুজিবের সঙ্গে দেখা করতে বলব। আমি মুজিবকেও বলব, ছয় দফার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার আগে তিনি যেন পশ্চিম পাকিস্তানের নেতাদের সঙ্গে কথা বলেন, যাঁদের অন্যতম আপনি। তিনি আপনাকে বাদ দিতে পারবেন না। আপনাকে মুজিবের সঙ্গে কথা বলতে হবে, নতুবা আপনাকে বিরোধী দলের আসনে বসতে হবে। তাতে বিরোধী দল বেশ শক্তিশালী হবে বৈকি।

ভুট্টো : (পীরজাদার কানে কানে) আপনারা কি আমাকে বন্দরনায়েক ভাবছেন (অর্থাৎ তিনি বিরোধী দলের ভূমিকা নিতে চান না)?[২২]

হাসি-ঠাট্টার মধ্য দিয়ে আলাপ শেষ হলো। লারকানা ছেড়ে যাওয়ার আগে ইয়াহিয়া ভুট্টোকে ঢাকায় গিয়ে মুজিবের সঙ্গে কথা বলার পরামর্শ দেন। ভুট্টো ঢাকায় এলেন ২৭ জানুয়ারি। তাঁর সঙ্গে কয়েকজন সশস্ত্র দেহরক্ষী ছিল। কয়েক

দফা বৈঠকের পর ভুট্টো করাচি ফিরে যান। তিনি বলেন, দুই বড় দলের মধ্যে আরও আলাপ-আলোচনার দরকার আছে। ঢাকায় মুজিব-ভুট্টো সংলাপ নিয়ে একাধিক বিবরণ পাওয়া যায়।

মুজিব-ভুট্টো সংলাপ ঢাকায় শুরু হয় ১৯৭১ সালের ২৭ জানুয়ারি ধানমন্ডিতে শেখ মুজিবের বাসায়। পরদিন সকালে আওয়ামী লীগ ও পিপলস পার্টির বিশেষজ্ঞ আলোচক দল তাদের মধ্যে মতবিনিময় করে। সন্ধ্যায় শেখ মুজিব হোটেল ইন্টারকন্টিনেন্টালে ভুট্টোর সঙ্গে বৈঠকে বসেন। ৭০ মিনিটের এই সভা আন্তরিক পরিবেশে হাসি-কৌতুকের মধ্য দিয়েই শেষ হয়েছিল। তাঁরা একসঙ্গে ছবি তোলার জন্য সাংবাদিকদের ক্যামেরার সামনে দাঁড়ান। তাঁদের সংলাপের কিছু অংশ ছিল এ রকম :

ভুট্টো : শেখ সাহেবকে আমার চেয়ে তরুণ দেখায়।
মুজিব : তবে মি. ভুট্টো বেশি সুদর্শন।
ভুট্টো : তাহলে আপনার উচিত আরও ছাড় দেওয়া।
মুজিব : আমি কোনো ছাড় দেব না।[২৩]

ওপরে ওপরে তাঁরা সাংবাদিকদের সঙ্গে যা-ই বলুন না কেন, আলোচনা আসলে এগোচ্ছিল না। আওয়ামী লীগ কেন্দ্রে সরকার গঠনের ব্যাপারে আস্থাশীল ছিল।

ভুট্টো দুটো বিকল্প প্রস্তাব দিয়েছিলেন :

ক) জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত করা; অথবা
খ) জাতীয় পরিষদে ১২০ দিনের মধ্যে সংবিধান তৈরির বাধ্যবাধকতা তুলে দেওয়া।[২৪]

ভুট্টোর মন্তব্য ছিল, তাঁর প্রস্তাব না মানার অর্থ হলো এখানেই গণতন্ত্রের শেষ। ভুট্টোর এ মন্তব্যে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে। শেখ মুজিব বলেন, '৮১ জন সদস্য নিয়ে তুমি যদি ১৬৭ জন সদস্যের সঙ্গে সমঝোতায় না আসো, তাহলে তোমরা যেতে পারো। সংবিধান হবে ছয় দফা ও এগারো দফার ভিত্তিতে। কেউ আমাদের দাবিয়ে রাখতে পারবে না। আমরা মরব, তবু আপস করব না।'[২৫]

বিরোধী দলের নেতা হয়ে থাকার মোটেও ইচ্ছা ছিল না ভুট্টোর। কোয়ালিশন সরকারের প্রস্তাবে শেখ মুজিবের মূল সমস্যা ছিল ভুট্টোকে অনেক ছাড় দিতে হতো। এটি তাঁর পক্ষে সম্ভব ছিল না। দুজনই চাইছিলেন একে অন্যের ওপর দোষ চাপাতে। পাকিস্তানের ঐক্য রেখে সমস্যা সমাধানের সুযোগ ক্ষীণ হয়ে আসছিল। ইয়াহিয়ার সামনে উভয়সংকট। তিনি দুই পক্ষকেই সমঝোতায় আসার জন্য অবিরাম পরামর্শ দিয়ে যাচ্ছিলেন।

কোয়ালিশন সরকার গঠনের ব্যাপারে ভুট্টো কী শর্ত দিয়েছিলেন, এ নিয়ে ভুট্টো ও মুজিব কেউই মুখ খোলেননি। যতটুকু জানা যায়, ভুট্টো নিজে উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী থাকতে চেয়েছিলেন। পররাষ্ট্রমন্ত্রী হিসেবে ভুট্টো মুজিবের কাছে একেবারেই অগ্রহণযোগ্য ছিলেন। ভুট্টো ছিলেন প্রচণ্ড রকম ভারতবিরোধী। অন্যদিকে মুজিব চাইছিলেন ভারতের সঙ্গে সুসম্পর্ক। মুজিব ভুট্টোকে সামরিক বাহিনীর চর মনে করতেন। কথিত আছে যে মুজিব ভুট্টোকে খুব বেশি হলে কৃষিমন্ত্রীর দায়িত্ব দিতে রাজি ছিলেন।[২৬]

এ প্রসঙ্গে রাও ফরমান আলীর ভাষ্য খুব চমকপ্রদ। তাঁর বয়ানে শেখ মুজিবের সঙ্গে ভুট্টোর আলোচনার কিছু অংশ এখানে উদ্ধৃত হলো :

ভুট্টো : পূর্ব পাকিস্তান থেকে একজন প্রধানমন্ত্রী হবেন। সুতরাং প্রেসিডেন্ট নিশ্চয়ই হবেন পশ্চিম পাকিস্তান থেকে।

মুজিব : আমার তাতে কোনো আপত্তি নেই।

ভুট্টো : পশ্চিম পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠের নির্বাচিত নেতা হিসেবে তাহলে আমাকে প্রেসিডেন্ট প্রার্থী মনোনয়নে ক্ষমতা দেওয়া হোক।

মুজিব : না, এটা হবে না। সমগ্র পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ সদস্যদের নেতা হিসেবে প্রেসিডেন্ট মনোনয়নের অধিকার একমাত্র আমারই এবং আমি পশ্চিম পাকিস্তান থেকেই একজনকে বাছাই করব। আমি ইতিমধ্যে প্রার্থী মনোনীত করে ফেলেছি।

ভুট্টো : ধরুন, আমি যদি একই ব্যক্তিকে মনোনয়ন দিই, যাঁকে আপনিও মনে মনে ঠিক করে রেখেছেন।

মুজিব : তাহলেও প্রেসিডেন্ট মনোনয়নের ক্ষমতা আমি ছেড়ে দিতে পারি না।

শেখ মুজিব পরে ফরমান আলীকে বলেছিলেন, 'ভুট্টোকে ওই ক্ষমতা দিলে সে কী করত; সে নিজেকেই প্রেসিডেন্ট ঘোষণা করত এবং দশ দিনের মাথায় আমাকে পদচ্যুত করত।'[২৭]

বঙ্গবন্ধু মাঝেমধ্যে একটি ধারণা দেওয়ার চেষ্টা করতেন যে তিনি একজন উদারপন্থী রাজনীতিবিদ, কিন্তু দলের চরমপন্থীরা তাঁকে চাপে রেখেছেন। এ ব্যাপারে জুলফিকার আলী ভুট্টোর অভিমত ছিল বিপরীত। তাঁর মতে, এটি ছিল শেখ মুজিবের একটি কৌশল। জনগণের ওপর তাঁর পূর্ণ নিয়ন্ত্রণ আছে। জনতার ওপর যাঁর একচ্ছত্র আধিপত্য, তিনি কিছুতেই গুটিকয়েক ছাত্রনেতা কিংবা আওয়ামী লীগের পেছনের সারির চরমপন্থীদের হাতের পুতুল হতে পারেন না। শেখ মুজিব সম্বন্ধে ভুট্টো বলেন :

> একাত্তরের জানুয়ারিতে যখন আমি ঢাকায় শেখ মুজিবুর রহমানের সঙ্গে বৈঠক করি, তখন আমি তাঁকে জানতে ও বুঝতে পেরেছিলাম। তিনি ছিলেন অত্যন্ত বিনয়ী। যেসব বিষয়ে তাঁর দখল আছে, তা নিয়ে তিনি খুব দৃঢ়তার সঙ্গে কথা

বলতেন। যেসব বিষয়ে তাঁর ধারণা অস্পষ্ট, তিনি সংক্ষেপে তা শেষ করে দিতেন। বৈশ্বিক বিষয়ে তাঁর জ্ঞান ছিল ভাসা ভাসা এবং কিছু মৌলিক বিষয় তিনি অতি সরলীকরণ করতেন। আমার মূল্যায়ন ভুল হতে পারে, কিন্তু তাঁর বিরুদ্ধে আমার ব্যক্তিগত কোনো পূর্বসংস্কার নেই। যখন তিনি জেলে ছিলেন, আমি কয়েকবার তাঁর পরিবারের সঙ্গে দেখা করেছি। আগরতলা ষড়যন্ত্র মামলা চলার সময় আমি আদালতে গিয়ে তাঁর সঙ্গে দেখাও করেছি।...

> শেখ মুজিবের সঙ্গে আমার নীতিগত মতভেদ আছে। এটি হলো ন্যায্যতার প্রশ্নে আমাদের লড়াই। মুজিবুর রহমানের কাছে ন্যায্যতা হলো স্বাধীন বাংলা; আর আমার কাছে হলো পাকিস্তান রক্ষা করা। তাঁর মতে, ছয় দফা হলো জনগণের সম্পদ, আমার কাছে জনগণের সম্পত্তি হলো পাকিস্তান। এখানেই আমাদের দৃষ্টিভঙ্গির বিরোধ।[২৮]

এ সময় একটি ঘটনা ঘটেছিল, যার সামরিক গুরুত্ব ছিল অপরিসীম। জানুয়ারির (১৯৭১) চতুর্থ সপ্তাহের শুরুর দিকে ভারতের পররাষ্ট্রসচিব কেওয়াল সিং দিল্লিতে নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার সাজ্জাদ হায়দারকে ডেকে বললেন, ভারতের একটি বিমান ছিনতাই করে পাকিস্তানে নিয়ে যাওয়া হবে বলে তিনি তথ্য পেয়েছেন এবং এ রকম কিছু যদি ঘটে, তাহলে এ জন্য পাকিস্তান দায়ী থাকবে। সাজ্জাদ হায়দার বিষয়টি ইসলামাবাদে পাকিস্তানের পররাষ্ট্রসচিব সুলতান খানকে জানালেন। সুলতান খান এই হুঁশিয়ারির পেছনে ষড়যন্ত্রের গন্ধ পেলেন। তাঁর মনে প্রশ্ন, ভারতীয়রা যদি এ রকম খবর পেয়ে থাকে, তাহলে তারা প্রতিরোধমূলক ব্যবস্থা নিচ্ছে না কেন? তিনি বিষয়টি গোয়েন্দা ব্যুরোকে বলেন এবং এ ব্যাপারে তাদের মন্তব্য জানতে চান। এক সপ্তাহের মধ্যেই ৩০ জানুয়ারি ইন্ডিয়ান এয়ারলাইন্সের বিমান 'গঙ্গা' শ্রীনগর থেকে দিল্লি যাওয়ার পথে ছিনতাই হয়ে লাহোরে নামে। সব যাত্রীকে একটি হোটেলে নিয়ে যাওয়া হয়। এক দিন পর জুলফিকার আলী ভুট্টো বিমানটি দেখতে যান এবং ছিনতাইকারীদের অভিনন্দন জানিয়ে বলেন, 'কাশ্মীরের মুক্তিসংগ্রামের প্রথম গুলিটি ছোড়া হলো।'[২৯]

বিমান থেকে যাত্রীরা নেমে যাওয়ার পর পুলিশি পাহারা ভেদ করে এক ব্যক্তি বিমানে উঠে দুজন ছিনতাইকারীকে সরিয়ে দিয়ে বললেন, 'আমি জানি, তোমাদের কাছে কী অস্ত্র আছে।' পরে জানা যায়, তাদের কাছে ছিল একটি খেলনা পিস্তল আর একটি কাঠের তৈরি গ্রেনেড। ওই লোকটির পরিচয় জানার কোনো চেষ্টা করা হয়নি। ছিনতাইকারী দুজন তৃতীয় দিনে বিমানটিতে আগুন ধরিয়ে ধ্বংস করে দেয়। তারা শুধু মুক্তই ছিল না, তাদের বীরোচিত সংবর্ধনা দিয়ে লাহোরের রাস্তায় মিছিল হয়। সুলতান খান ছিনতাইকারীদের ব্যাপারে তদন্ত করার কথা বললেন। প্রেসিডেন্ট ইয়াহিয়া খান ইন্টার সার্ভিসেস

ইন্টেলিজেন্সকে (আইএসআই) তদন্তের নির্দেশ দেন। আইএসআই কিছুই করেনি। পরে পুলিশের একজন ডিআইজিকে তদন্তের দায়িত্ব দেওয়া হলেও কোনো কাজ হয়নি। পরে জানা যায়, ছিনতাইকারীদের একজন ছিল 'ডাবল এজেন্ট'। কেওয়াল সিংকে সে-ই তথ্য সরবরাহ করেছিল। পরে আরও চমকপ্রদ তথ্য বেরিয়ে আসে। কাশ্মীরের নেতা শেখ আবদুল্লাহ ভারতের প্রবীণ রাজনীতিবিদ জয়প্রকাশ নারায়ণকে একটি চিঠি লিখেছিলেন। চিঠিটি ১৫ ফেব্রুয়ারি (১৯৭১) *ইন্ডিয়ান এক্সপ্রেস*-এ ছাপা হয়। চিঠিতে উল্লেখ করা হয়, প্রধান ছিনতাইকারী ভারতীয় বিএসএফের সদস্য। সে সীমান্ত পেরিয়ে পাকিস্তানে গিয়ে ছিনতাইয়ের ওপর প্রশিক্ষণ দিয়েছিল। পরে সে আবার বিএসএফে যোগ দেয়। সে বিমানবন্দরেই ডিউটিতে ছিল। কাশ্মীরের পুলিশ তাকে জিজ্ঞাসাবাদ করতে চেয়েছিল। কিন্তু বিএসএফ তাকে কাশ্মীরের পুলিশের কাছে হস্তান্তর করেনি। সে একজন সঙ্গী নিয়ে ওই বিমানে ওঠে এবং তা ছিনতাই করে। বিষয়টি বিএসএফের জানার মধ্যেই ছিল।[৩০]

ছিনতাইয়ের পরপরই ভারত ঘোষণা দেয়, কাশ্মীরি সন্ত্রাসীরা পাকিস্তানের সঙ্গে যোগসাজশ করে কাণ্ডটি ঘটিয়েছে। সঙ্গে সঙ্গেই ভারত তার আকাশসীমার ওপর দিয়ে পাকিস্তানের সব ধরনের বিমানের ওড়া নিষিদ্ধ ঘোষণা করে। ব্যাপারটির সামরিক গুরুত্ব ছিল অপরিসীম। করাচি থেকে ঢাকায় সরাসরি উড়ালপথে তিন ঘণ্টার যাত্রা এখন কলম্বো হয়ে সাত ঘণ্টা লাগে। ফলে পূর্ব পাকিস্তানে সেনা ও অস্ত্র পাঠানো কঠিন হয়ে পড়ে।[৩১]

ঘটনাপ্রবাহ দেখে মনে হয়, ছিনতাই নাটকটি ছিল সাজানো। ভারতের ওপর দিয়ে পাকিস্তানি বিমান চলাচল বন্ধ হয়ে যাওয়ার ফলে ভারত সামরিক কৌশলগত বিরাট সুবিধা পায় এবং পাকিস্তান মারাত্মক অসুবিধার মধ্যে পড়ে। একটি যুদ্ধ যে আসন্ন, তার প্রস্তুতি হিসেবেই এই ছিনতাইয়ের ব্যাপারটি বিবেচিত হয়। তড়িঘড়ি করে বিমানটি বোমা মেরে উড়িয়ে দেওয়ার জন্য ভুট্টোর উসকানি ছিল সন্দেহজনক। মনে হয়, ভারত আর পাকিস্তান কোনো ছুতোনাতায় একটি যুদ্ধে জড়িয়ে পড়ুক, ভুট্টো এটিই চেয়েছিলেন। পরবর্তী সময়ে সিন্ধু হাইকোর্টের বিচারপতি আরেফিনের নেতৃত্বে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন থেকে জানা যায়, ভারতীয় গোয়েন্দারাই বিমানটি ছিনতাই করেছিল।[৩২]

ঢাকার সঙ্গে পশ্চিম পাকিস্তানের সরাসরি বিমান চলাচল বন্ধ হয়ে যাওয়ায় পাকিস্তানের সামরিক বাহিনীর সামর্থ্য মারাত্মকভাবে বাধাগ্রস্ত হয়। ভুট্টোর সঙ্গে আলোচনা ব্যর্থ হওয়ায় এবং জাতীয় পরিষদের অধিবেশন ডাকতে দেরি হওয়ায় ধারণা হলো যে সামরিক জান্তা জাতীয় পরিষদের অধিবেশন না ডাকার ছুতো

খুঁজছে। এ পরিস্থিতিতে কী করণীয়, তার একটি বর্ণনা পাওয়া যায় ড. কামাল হোসেনের কাছ থেকে।

ফেব্রুয়ারির গোড়াতেই দলের নেতাদের সঙ্গে গোপন বৈঠকে বঙ্গবন্ধু স্বাধীনতা ঘোষণার সম্ভাবনার কথা বিবেচনা করেছিলেন। একতরফা স্বাধীনতা ঘোষণার জন্য কী পদক্ষেপ নেওয়া যেতে পারে, তা নিয়ে বঙ্গবন্ধু ও তাজউদ্দীন আহমদ সতর্কতার সঙ্গে পর্যালোচনা করেছিলেন। একতরফা স্বাধীনতা ঘোষণাকে একটি বিকল্প হিসেবে ভাবা হয়েছিল। এ ঘোষণার সামরিক প্রতিক্রিয়া কী হতে পারে এবং আক্রান্ত হলে জনগণের তা মোকাবিলা করার ক্ষমতা আছে কি না, তা নিয়ে হিসাব-নিকাশ করা হয়েছিল। এই হিসাবের ভিত্তি ছিল সামরিক বাহিনীর ওই সময়ের সামর্থ্য। ঢাকার সঙ্গে সরাসরি বিমান চলাচল বন্ধ হয়ে যাওয়ার ফলে পাকিস্তানি সামরিক শক্তি যে বাড়ানো কঠিন, তা বিবেচনায় নেওয়া হয়। কামাল হোসেন বলেছেন :

> স্বাধীনতার ঘোষণাপত্রের একটি খসড়া তৈরির দায়িত্ব দেওয়া হয় আমাকে। আমি তাজউদ্দীন আহমদের পরামর্শ অনুযায়ী খসড়া তৈরি করি। খসড়ায় আমেরিকার স্বাধীনতার ঘোষণাপত্রের প্রসঙ্গ উল্লেখ করা হয়েছিল, যেখানে স্বাধীনতা ঘোষণার কারণ হিসেবে ব্রিটিশ রাজের অবিচারের কথা বলা হয়েছিল। তাজউদ্দীন ভাইকে কাছে রেখে মতিঝিলে আমার শরীফ ম্যানশনের অফিসে আমি দুদিন কাজ করি। ঘোষণাপত্রটি আমি নিজেই টাইপ করি। খুব গোপনে এটি করা হয়। ১০ ফেব্রুয়ারি আমরা এটি বঙ্গবন্ধুর হাতে দিই এবং তিনি এটি তাঁর কাছে রেখে দেন। তাজউদ্দীন আহমদ শুধু খসড়া তৈরিতেই অংশ নেননি, ঘোষণাপত্র বাস্তবায়নের একটি কর্মসূচিও তিনি তৈরি করে দিয়েছিলেন। এই কর্মসূচিতে প্রধান প্রধান শহরে মহাসমাবেশ আয়োজনের মাধ্যমে লাখ লাখ মানুষকে রাজপথে নামিয়ে আনার কথা বলা হয়। সামরিক বাহিনী এ নিয়ে ব্যস্ত হয়ে পড়লে আমরা রেডিও স্টেশন, সচিবালয় ও গভর্নর হাউসের দখল নিয়ে নেব এবং গভর্নর নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করতে বাধ্য হবেন।
>
> আওয়ামী লীগ জাতীয় পরিষদের অধিবেশন ডাকার দাবি করে আসছিল। ১৩ ফেব্রুয়ারি আওয়ামী লীগের জাতীয় ও প্রাদেশিক পরিষদ সদস্য ও কার্যকরী কমিটির সদস্যদের একটি সভা ডাকা হয়। সভায় ভবিষ্যৎ কর্মপন্থা নিয়ে সিদ্ধান্ত হবে বলে জানানো হয়। মনে হয়েছিল, ওই সভায় স্বাধীনতা ঘোষণার বিষয়টি নিয়ে আলোচনা হবে। আমার মনে আছে, এক বিদেশি কূটনীতিক আমাকে আগের দিন প্রশ্ন করেছিলেন, 'আপনারা কি এই সভায় একতরফা স্বাধীনতা ঘোষণা করতে যাচ্ছেন?'
>
> জাতীয় পরিষদের অধিবেশন ডাকতে দেরি হওয়ায় জনমনে ক্ষোভ বাড়ছিল। ১৩ ফেব্রুয়ারি আওয়ামী লীগের সভা হওয়ার কথা, ওই দিন

সকালে ইয়াহিয়া খান ঘোষণা করেন যে ৩ মার্চ ঢাকায় জাতীয় পরিষদের অধিবেশন বসবে।[৩৩]

পশ্চিম পাকিস্তানের ছোট রাজনৈতিক দলগুলোর অধিকাংশ সদস্য ৩ মার্চের অধিবেশনে যোগ দেওয়ার প্রস্তুতি নিতে থাকেন। কিন্তু ভুট্টো জানিয়ে দেন, তিনি বা তাঁর দল অধিবেশনে যোগ দেবে না। কাইয়ুম খানের মুসলিম লীগও একই সিদ্ধান্ত নেয়।

ফেব্রুয়ারির মাঝামাঝি এটি মোটামুটি পরিষ্কার হয়ে গিয়েছিল যে সমঝোতার আশা খুব ক্ষীণ। ইয়াহিয়া তাঁর অসামরিক মন্ত্রিসভা ভেঙে দিলেন। গভর্নর আহসান দায়িত্ব থেকে অব্যাহতি চাইলেন। সিদ্ধান্ত হলো, তাঁর বদলে লে. জেনারেল টিক্কা খানকে পূর্ব পাকিস্তানের গভর্নর নিয়োগ করা হবে। লে. জেনারেল ইয়াকুব খান পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য 'অপারেশন ব্লিৎস' নামে একটি পরিকল্পনা তৈরি করেছিলেন। তবে তিনি মনে করতেন, সামরিক পদ্ধতিতে এ পরিস্থিতির সমাধান হবে না। এর সঙ্গে যুগপৎ রাজনৈতিক ও অর্থনৈতিক কর্মসূচি থাকতে হবে। প্রেসিডেন্ট ইয়াহিয়াকে চিঠি দিয়ে তিনি এ ব্যাপারে সতর্ক করে দেন।[৩৪]

এটি ক্রমেই পরিষ্কার হয়ে আসছিল যে শেখ মুজিব ছয় দফার ব্যাপারে কোনো আপস করবেন না। পক্ষান্তরে ভুট্টো, ইয়াহিয়া এবং তাঁর সামরিক জান্তার কাছে ছয় দফা কোনোভাবেই গ্রহণযোগ্য ছিল না। এত দিন ইয়াহিয়া মনে করেছিলেন, মুজিব ছয় দফা পরিমার্জন করবেন। কিন্তু ফেব্রুয়ারির মাঝামাঝি তাঁর সেই আশা ধূলিসাৎ হয়ে যায়।

১৬ ফেব্রুয়ারি জাতীয় পরিষদে আওয়ামী লীগের সংসদীয় দলের সভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নেতা নির্বাচন করা হয়। উপনেতা নির্বাচিত হন সৈয়দ নজরুল ইসলাম। এ এইচ এম কামারুজ্জামানকে সংসদীয় দলের সম্পাদক করা হয়। এ ছাড়া অধ্যাপক ইউসুফ আলী (দিনাজপুর) চিফ হুইপ এবং আব্দুল মান্নান (টাঙ্গাইল) ও আমীর-উল-ইসলাম (কুষ্টিয়া) হুইপ নির্বাচিত হন। জল্পনা ছিল যে খন্দকার মোশতাক আহমদকে জাতীয় পরিষদের স্পিকার করা হতে পারে। মোশতাক অবশ্য মন্ত্রিসভায় থাকতে ইচ্ছুক, কেননা স্পিকার হলে তিনি আর দলীয় কর্মকাণ্ডে অংশ নিতে পারবেন না। এ ছাড়া দলের সাধারণ সম্পাদক তাজউদ্দীন আহমদকে কেন্দ্রীয় সরকারের একজন গুরুত্বপূর্ণ মন্ত্রী করা হতে পারে। প্রস্তাবিত মন্ত্রিসভায় কর্নেল ওসমানী, মশিউর রহমান, কামারুজ্জামান, এম আর সিদ্দিকী, ড. কামাল হোসেন ও মুহম্মদ ইদ্রিস স্থান পেতে পারেন। আবদুল মালেক উকিলকে ডেপুটি স্পিকার করা হতে পারে।[৩৫]

ইয়াহিয়া মন্ত্রিসভা ভেঙে দেওয়ার পর রাওয়ালপিন্ডিতে একটি বিদায়ী নৈশভোজের আয়োজন করেছিলেন। এ সময় সবাই হালকা মেজাজে কথাবার্তা বলছিলেন। একপর্যায়ে জেনারেল হামিদ অধ্যাপক জি. ডব্লিউ চৌধুরীকে বলেন, 'আমার ছেলেরা ক্রমেই অশান্ত হয়ে উঠছে, তারা চায় অ্যাকশন।' অধ্যাপক চৌধুরী এর বিপজ্জনক দিকের প্রতি ইঙ্গিত করলে হামিদ বলেন, 'আমি বাহাত্তর ঘণ্টার মধ্যে সব ঠান্ডা করে দিতে পারি।' ১৯ ফেব্রুয়ারি পীরজাদা ও রাও ফরমান আলী ইয়াহিয়ার সঙ্গে দেখা করলে ইয়াহিয়া তাঁদের বলেছিলেন, 'আমি বদমাশটাকে শায়েস্তা করে ছাড়ব।' ফরমান আলী মুজিবের সঙ্গে সংঘাত থেকে নিবৃত্ত করার জন্য ইয়াহিয়াকে মুজিবের সঙ্গে কথা বলতে অনুরোধ করেছিলেন। ইয়াহিয়া তাঁকে বলেছিলেন, 'আমি নিজেকে নিয়ে ভাবি না, আমার ভিত্তি হচ্ছে পশ্চিম পাকিস্তান। আমাকে এর দেখভাল করতে হবে।'[৩৬]

পিপলস পার্টির নেতারা শেখ মুজিব ও আওয়ামী লীগকে বিচ্ছিন্নতাবাদী বলে প্রচার করছিলেন। ইরানের *দৈনিক কিহান*কে দেওয়া এক সাক্ষাৎকারে শেখ মুজিব বলেন, যারা তাঁকে বিচ্ছিন্নতাবাদী বলছে, তারা ছোট মনের মানুষ এবং তারা জঘন্য অপপ্রচার চালাচ্ছে। তিনি ঐক্য ও ন্যায্যতার ভিত্তিতে সমগ্র পাকিস্তানের উন্নতি চান। পাকিস্তান একটি ফেডারেশন হলে ভারত বাংলাদেশকে গিলে ফেলবে কি না, এ প্রশ্নের জবাবে শেখ মুজিব বলেন, 'আজকের দুনিয়ায় কেউ কাউকে খেতে পারে না। ভারত তো তার "বাংলা" নিয়েই সমস্যায় আছে। আমরা গরিব হতে পারি, কিন্তু আমরা আমাদের স্বাধীনতা রক্ষা করতে পারব। ভিয়েতনামের দিকে তাকিয়ে দেখুন। গরিব কৃষকদের একটি দেশের ওপর মতামত চাপিয়ে দিতে গিয়ে পরাক্রমশালী যুক্তরাষ্ট্রের কেমন বেহাল দশা হয়েছে? আমেরিকা যদি ভিয়েতনামকে গিলতে না পারে, তাহলে ভারত কীভাবে বাংলাদেশকে গিলে খাওয়ার স্বপ্ন দেখে?' শেখ মুজিব ভারতের সঙ্গে ভালো সম্পর্ক চান। তিনি বলেন, 'আমরা একই উপমহাদেশের বাসিন্দা। আমরা চাই বা না চাই আমাদের একসঙ্গে থাকতে এবং ব্যবসা-বাণিজ্য করতে হবে।' চীনের সঙ্গে সম্পর্ক কেমন হবে এ প্রশ্নের জবাবে শেখ মুজিব বলেন, 'ভূগোল ও রাজনীতির ওপর বন্ধুতা নির্ভর করে। তার মানে এই নয় যে আমরা আমাদের ব্যবস্থা বা দৃষ্টিভঙ্গি পরিবর্তন করব না। আমরা মুসলমান এবং কখনোই কমিউনিজম গ্রহণ করব না।' ইরানের সঙ্গে সম্পর্কের ব্যাপারে মন্তব্য করে মুজিব বলেন, 'এ নিয়ে দীর্ঘ আলোচনার দরকার নেই। ইরান হলো আমাদের সবচেয়ে কাছের মুসলমান রাষ্ট্র এবং আমাদের দুই ভ্রাতৃপ্রতিম দেশের মধ্যে কেউ বিভেদ তৈরি করতে পারবে না।'[৩৭]

ঢাকায় আসন্ন জাতীয় পরিষদের অধিবেশনে যোগ দেওয়ার ব্যাপারে ভুট্টোর আগ্রহ ছিল না। ২০-২১ ফেব্রুয়ারি করাচিতে পিপলস পার্টির জাতীয় ও প্রাদেশিক পরিষদে নির্বাচিত সদস্যদের এক সভায় ভুট্টো অধিবেশনে যোগ না দেওয়ার প্রস্তাব করলে সবাই তাতে সায় দেন।[৩৮]

ইয়াহিয়া যখন বুঝতে পারলেন, ভুট্টো ঢাকায় জাতীয় পরিষদের অধিবেশনে যোগ দেবেন না, তিনি ৩ মার্চের অধিবেশন স্থগিত করার সিদ্ধান্ত নিলেন। ২২ ফেব্রুয়ারি তিনি প্রাদেশিক গভর্নর ও সামরিক আইন প্রশাসকদের একটি সভা ডাকেন। সভায় জেনারেল হামিদ ও পীরজাদা উপস্থিত ছিলেন। ওই সভায় ইয়াহিয়া চলমান অচলাবস্থার পরিপ্রেক্ষিতে আসন্ন জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত করার প্রস্তাব দেন। গভর্নর আহসান ও জেনারেল ইয়াকুব এ প্রস্তাবের বিরোধিতা করে বলেন, এর ফল হবে খুব খারাপ। ইয়াহিয়া বললেন, 'তাহলে আপনারা ভুট্টোকে রাজি করান, সে যেন অধিবেশনে যোগ দেয়।' আহসান ও ইয়াকুব করাচি গেলেন। কিন্তু ভুট্টোকে রাজি করাতে পারলেন না। তাঁরা রাওয়ালপিন্ডিতে ফিরে এলেন। ইয়াহিয়া তাঁদের বললেন মুজিবকে জানাতে যে অধিবেশন স্থগিত করা হচ্ছে। কথাটি যেন ২৮ ফেব্রুয়ারি জানানো হয়, তার আগেও নয় পরেও নয়।[৩৯]

২৮ ফেব্রুয়ারি আহসান, ইয়াকুব ও ফরমান আলী শেখ মুজিবের সঙ্গে গভর্নর হাউসে দেখা করেন। ওই সময় তাজউদ্দীন শেখ মুজিবের সঙ্গে ছিলেন। খবরটি শুনেই মুজিব উত্তেজিত হয়ে পড়েন। তিনি তাজউদ্দীনকে বাইরে গিয়ে অপেক্ষা করতে বলেন। তাজউদ্দীন কক্ষ ছেড়ে চলে যান। মুজিব তাঁদের বলেন, তিনি দলে চরমপন্থীদের নিয়ে খুবই মুশকিলে আছেন। যদি অধিবেশন স্থগিত করতেই হয়, একই সঙ্গে নতুন একটি তারিখ যেন অবশ্যই ঘোষণা করা হয়। তাহলে তিনি পরিস্থিতি সামাল দিতে পারবেন।[৪০]

জাতীয় পরিষদের অধিবেশনের জন্য নতুন একটি তারিখ চেয়ে শেখ মুজিব সংঘাত এড়াতে চেয়েছিলেন। এ প্রসঙ্গে ফরমান আলীর মন্তব্য হলো, মুজিব যদি বিচ্ছিন্নতা চাইতেন তাহলে অধিবেশন স্থগিতের সিদ্ধান্ত তাঁর জন্য একটি উপযুক্ত অজুহাত তৈরি করতে পারত। তিনি এটি নিজের স্বার্থে ব্যবহার করতে পারতেন। কিন্তু নতুন একটি তারিখের জন্য অনুরোধের অর্থ হলো, তিনি পাকিস্তানের প্রধানমন্ত্রী হতে চেয়েছিলেন। ফরমান আলীর মতে, 'এই একটি ঘটনা থেকেই আমার দৃঢ় বিশ্বাস হয়েছিল, শেখ মুজিব পাকিস্তান দ্বিখণ্ডিত করার পক্ষে ছিলেন না। তাঁর যদি খারাপ মতলব থাকত, তাহলে নতুন তারিখ কেন চাইতে যাবেন তিনি?'[৪১]

গভর্নর এস এম আহসানের সাক্ষাৎকারের ভিত্তিতে লেখা বিবরণে ওই সময়ের উত্তপ্ত পরিস্থিতির একটি চিত্র পাওয়া যায় রিচার্ড সিসন ও লিও রোজের

গবেষণা গ্রন্থে। বঙ্গভবন থেকে শেখ মুজিব ও তাজউদ্দীন চলে যাওয়ার পর কী করা যায় তা নিয়ে গভর্নর আহসান, জেনারেল ইয়াকুব ও রাও ফরমান আলী নিজেদের মধ্যে কথা বলেন। রাত নয়টা থেকে দশটা পর্যন্ত তাঁরা ইয়াহিয়ার সঙ্গে ফোনে কথা বলার চেষ্টা করেন। ইয়াহিয়ার ব্যক্তিগত স্টাফ আহসানকে করাচিতে ফোন করে ইয়াহিয়ার সঙ্গে কথা বলার পরামর্শ দেন। আহসান করাচিতে ফোন করে জাতীয় নিরাপত্তা প্রধান মেজর জেনারেল গোলাম উমরের সঙ্গে কথা বলেন। উমর জানান, প্রেসিডেন্ট অন্য কাজে ব্যস্ত; তবে তিনি আহসানের বার্তাটি প্রেসিডেন্টের কাছে পৌঁছে দেবেন। এরপর আহসান জেনারেল হামিদের সঙ্গে যোগাযোগ করেন। হামিদ তখন পাঞ্জাবের শিয়ালকোটে। আহসান হামিদকে অনুনয় করে বলেন, প্রেসিডেন্টকে যেন জানানো হয় পরিস্থিতি খুবই গুরুতর। জবাবে হামিদ বলেন, রাজনীতি তিনি বোঝেন না, তবে তিনি প্রেসিডেন্টের সঙ্গে যোগাযোগের চেষ্টা করবেন। এরপর আহসান করাচিতে ইয়াহিয়ার কাছে একটি টেলেক্স বার্তা পাঠান। বার্তায় তিনি লেখেন, 'আই বেগ ইউ ইভেন অ্যাট দিস লেট আওয়ার টু গিভ আ নিউ ডেট ফর সামোনিং অব দ্য অ্যাসেম্বলি অ্যান্ড নট টু পস্টপন ইট সাইনে ডাই, আদার ওয়াইজ...উই উইল হ্যাড রিচড দ্য পয়েন্ট অব নো রিটার্ন।' (এত রাতে আমি অনুনয় করছি, অধিবেশন বসার নতুন একটি তারিখ দিন এবং অনির্দিষ্টকালের জন্য স্থগিত করবেন না, নইলে আমরা এমন জায়গায় চলে যাব, যেখান থেকে আর ফেরা যাবে না)।[৪২]

ফেব্রুয়ারিতে পরিস্থিতির যখন অবনতি হচ্ছিল, শেখ মুজিব তখন সংকট থেকে উদ্ধারের জন্য মার্কিন প্রশাসনের সাহায্য চেয়েছিলেন। ঢাকাস্থ মার্কিন কনসাল জেনারেল আর্চার কেন্ট ব্লাডের সঙ্গে শেখ মুজিবের পক্ষ থেকে যোগাযোগ করতেন মার্কিন তেল কোম্পানি এসোর (ESSO) পূর্ব পাকিস্তান অঞ্চলের জেনারেল ম্যানেজার আলমগীর রহমান।[৪৩] আলমগীরকে দিয়ে মুজিব বার্তা পাঠান, বাংলাদেশ (পূর্ব পাকিস্তান) যদি স্বাধীনতা ঘোষণা করে, তাহলে যুক্তরাষ্ট্র মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করবে কি না। আর্চার ব্লাড জানিয়ে দেন যে তাঁর সরকার চায় পাকিস্তানের ঐক্য টিকে থাকুক এবং সংবিধান তৈরির প্রক্রিয়ায় মধ্যস্থতা করার সুযোগ আছে। মুজিবের স্বাধীনতা ঘোষণার ব্যাপারে মধ্যস্থতা করা হবে পাকিস্তানের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করার শামিল এবং এটি উচিত হবে না। ১২ ফেব্রুয়ারি স্টেট ডিপার্টমেন্টে পাঠানো এক বার্তায় রাষ্ট্রদূত জোসেফ ফারল্যান্ড বিষয়টি উল্লেখ করে বলেন, 'কনস্যুলেট জেনারেল আওয়ামী লীগের প্রতিনিধিকে মধ্যস্থতা করার ব্যাপারে অপারগতা জানিয়ে ঠিক কাজটি করেছে। যুক্তরাষ্ট্র পাকিস্তানের কোনো অংশের বিচ্ছিন্নতা চায় না এবং পাকিস্তান টিকে থাকুক এটিই আশা করে। আমাদের খুব সতর্ক থাকতে হবে,

যাতে করে আমাদের কোনো কাজে কোনো পক্ষ মনে করতে না পারে যে আমাদের এই অবস্থার পরিবর্তন হয়েছে।'[৪৪]

বৈরুতের *টাইম লাইফ*-এর সংবাদদাতা ভ্যান কগিন ২৫ ফেব্রুয়ারি সকালে আর্চার ব্লাডের সঙ্গে দেখা করেন। আগের দিন বিকেলে শেখ মুজিবের সঙ্গে তাঁর এক ঘণ্টা কথাবার্তা হয়। মুজিব তাঁর মাধ্যমে মার্কিন প্রশাসনের মনোভাব জানতে চান, ছয় দফার ভিত্তিতে একটি সংবিধান গ্রহণ করতে ইয়াহিয়ার ওপর যুক্তরাষ্ট্র চাপ প্রয়োগ করতে রাজি হবে কি না। এটি যদি না হয়, তাহলে একজন নামমাত্র প্রেসিডেন্টের অধীনে দুটি সংবিধানের মাধ্যমে দুটি প্রদেশ নিয়ে পাকিস্তান একটি কনফেডারেশন হিসেবে থাকুক। এ ব্যাপারে যুক্তরাষ্ট্র ইয়াহিয়াকে রাজি করাবে কি না। ভ্যান কগিনের ওই দিনই মুজিবের কাছে যুক্তরাষ্ট্র প্রশাসনের জবাব পৌঁছে দেওয়ার কথা। আর্চার ব্লাড তাঁর আগের অবস্থানটাই আবার তুলে ধরেন, যা তিনি এর আগে আলমগীর রহমানকে বলেছিলেন।[৪৫]

বঙ্গবন্ধু আলাপ-আলোচনার মাধ্যমে একটি মীমাংসা চেয়েছিলেন। ফরাসি বার্তা সংস্থা এএফপিকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বেশ খোলামেলাভাবেই বলেন :

> পশ্চিম পাকিস্তানিরা কি জানে না যে কেবল আমিই পূর্ব পাকিস্তানকে কমিউনিজম থেকে বাঁচাতে পারি? তারা যদি যুদ্ধ করার সিদ্ধান্ত নেয়, তাহলে আমি ক্ষমতা হারাব এবং নকশালপন্থীরা (মাওবাদী) আমার নামে ঢুকে পড়বে। যদি বেশি ছাড় দিই, আমি আমার কর্তৃত্ব হারাব। আমি একটি কঠিন সংকটে পড়েছি।[৪৬]

ফেব্রুয়ারির শেষ দিকে সেনাবাহিনীর চিফ অব স্টাফ জেনারেল হামিদ চিফ অব জেনারেল স্টাফ (সিজিএস) লে. জেনারেল গুল হাসান খানকে বিমানযোগে ঢাকায় পাঠানোর জন্য সাঁজোয়া কিংবা অন্য ভারী সরঞ্জাম ছাড়া দুই ডিভিশন সেনা স্ট্যান্ডবাই হিসেবে রাখতে বলেন। কাদের পাঠাতে হবে, তা-ও তিনি বলে দেন। ২৭ ফেব্রুয়ারি বিকেলে সেনা পাঠানো শুরু হয়।[৪৭]

২৮ ফেব্রুয়ারি সকালে মার্কিন রাষ্ট্রদূত জোসেফ ফারল্যান্ড শেখ মুজিবের সঙ্গে তাঁর ধানমন্ডির বাসায় দেখা করেন। তাঁদের মধ্যকার বৈঠকের যে বিবরণী ফারল্যান্ড তৈরি করেছিলেন, সেখানে জটিলতার অবসান হবে এমন কোনো ইঙ্গিত পাওয়া যায় না। শেখ মুজিব ফারল্যান্ডকে বলেন যে বাংলাদেশের মানুষ তাঁর পেছনে এককাট্টা। তবে কিছু চরমপন্থী কমিউনিস্ট আছে। তারা ইতিমধ্যে তাঁর তিনজন নেতাকে হত্যা করেছে। তিনি এর বদলা নিতে বলেছেন। তাঁর একজনকে মারলে তিনজন কমিউনিস্টকে মারা হবে এবং এটি বাস্তবায়িত

হয়েছে। তিনি অনেক বছর পাকিস্তানের জেলে বন্দী ছিলেন। যদি দেশের ঐক্য ধরে রাখা না যায়, তাহলে গুলির মুখোমুখি হতে তিনি পিছপা হবেন না। তাঁকে যদি আবারও জেলে নেওয়া হয় কিংবা যদি কেটে টুকরো টুকরো করে ফেলা হয়, তবুও তিনি জনগণের দেওয়া ম্যান্ডেট থেকে সরে আসবেন না। তিনি বিচ্ছিন্নতা চান না, তিনি চান একটি কনফেডারেশন, যেখানে বাংলাদেশ তার ন্যায্য হিস্যা পাবে। মুজিব সাবধানে কথা বলেন এবং যুক্তরাষ্ট্রের মধ্যস্থতার কথা এড়িয়ে

~~CONFIDENTIAL~~

PAGE 03 DACCA 00540 01 OF 02 010840Z

TRADE ROUTES IN THE AREA. HE OPINED THAT DIFFERENCES BETWEEN WHAT BHUTTO WANTED AND WHAT THE PEOPLE OF BANGLA DESH DEMANDED APPEARED TO BE INSURMOUNTABLE.

5. WITH THE CONCEPT AS POINT OF DEPARTURE, SHEIKH INDULGED IN A 10-MINUTE SPEECH WHICH COULD HAVE BEEN A PART OF HIS POLITICAL ORATORY, SAYING THAT THE PEOPLE OF "HIS COUNTRY," WERE BEHIND HIM TO A MAN, THAT HE HAD THE SMALL HARD CORE OF COMMUNISTS VERY MUCH ON THE RUN AS WAS EVIDENCED BY BHASHANI'S PRESENT POLITICAL DISARRAY. HE SAID THAT THE COMMUNISTS HAD KILLED THREE OF HIS LEADERS AND THAT HE IN TURN HAD PROMISED THE COMMUNISTS THAT FOR EVERY AWAMI LEAGUER KILLED, HE WOULD KILL THREE OF THEIRS AND THAT "THIS WE HAVE DONE." AFTER NOTING THE TIME HE HAD SPENT IN PRISON AT HANDS OF WEST PAKISTANI LEADERSHIP, HE SAID THAT HE HAD NO FEAR WHATSOEVER OF "FACING THE BULLET" IF UNITY COULD NOT BE MAINTAINED. HE DRAMATICALLY POINTED OUT THAT HE WAS UNAFRAID OF BEING JAILED OR "HACKED TO PIECES," AND THAT HE WOULD NOT DEVIATE FROM THE MANDATE WHICH HAD BEEN THE WILL OF HIS PEOPLE. HE CULMINATED THIS MONOLOGUE BY SAYING THAT HE DID NOT WANT SEPARATION BUT RATHER HE WANTED A FORM OF CONFEDERATION IN WHICH THE PEOPLE OF BANGLA DESH WOULD GET THEIR JUST AND RIGHTFUL SHARE OF FOREIGN AID, AND NOT A MERE "20 PERCENT AS HERETOFORE. WITH 60 PERCENT OF FOREIGN EXCHANGE COMING FROM MY COUNTRY, HOW CAN ISLAMABAD JUSTIFY THE CRUMBS WHICH THEY HAVE THROWN US?," THE SHEIKH RHETORICALLY ASKED.
BLOOD

~~CONFIDENTIAL~~

DECLASSIFIED
PA/HO, Department of State
E.O. 12958, as amended
June 9, 2005

২৮ ফেব্রুয়ারি ১৯৭১ মার্কিন রাষ্ট্রদূত জোসেফ ফারল্যান্ডের সঙ্গে শেখ মুজিবের আলোচনার বিষয়ে ঢাকা থেকে ওয়াশিংটনে পররাষ্ট্র দপ্তরে পাঠানো মার্কিন রাষ্ট্রদূতের টেলিগ্রামের একটি পৃষ্ঠা। সূত্র : খসরু

যান। মুজিব ততক্ষণে বুঝে গেছেন একটি ঝড় ক্রমেই এগিয়ে আসছে। মুজিব ভুট্টোর ক্ষমতাকে খুব খাটো করে দেখেছিলেন। এই সভার পরপরই ফারল্যান্ড চিকিৎসার জন্য ব্যাংককে চলে যান। ওই দিন বিকেলেই ভুট্টো ঘোষণা করেন, তিনি খাইবার থেকে করাচি পর্যন্ত দেশ অচল করে দেবেন।[৪৮]

১ মার্চ বেলা একটায় রেডিওতে জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত করার ঘোষণা দেওয়া হয়। রেকর্ডকৃত ঘোষণাটি প্রেসিডেন্টের নামে পাঠ করা হলেও প্রেসিডেন্ট এতে কণ্ঠ দেননি। বেতার ঘোষণার অংশবিশেষ ছিল এ রকম :

> বিগত কয়েক সপ্তাহে আমাদের রাজনৈতিক নেতাদের মধ্যে কয়েকটি বৈঠক অনুষ্ঠিত হয়েছে। কিন্তু আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে ঐকমত্যে পৌঁছানোর পরিবর্তে আমাদের কোনো কোনো নেতা অনমনীয় মনোভাব দেখিয়েছেন। এটি দুর্ভাগ্যজনক। পূর্ব পাকিস্তান ও পশ্চিম পাকিস্তানের নেতাদের মধ্যে রাজনৈতিক মোকাবিলা একটি দুঃখজনক পরিস্থিতি সৃষ্টি করেছে।...সংক্ষেপে বলতে গেলে পরিস্থিতি এই দাঁড়িয়েছে যে পশ্চিম পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ দল অর্থাৎ পাকিস্তান পিপলস পার্টি এবং আরও কয়েকটি রাজনৈতিক দল ১৯৭১ সালের ৩ মার্চ জাতীয় পরিষদের অধিবেশনে যোগদান না করার ইচ্ছা প্রকাশ করেছে। এ ছাড়া ভারত কর্তৃক সৃষ্ট সাধারণ উত্তেজনাপূর্ণ পরিস্থিতি সার্বিক অবস্থাকে আরও জটিল করে তুলেছে।
>
> অতএব, আমি জাতীয় পরিষদের অধিবেশন আহ্বান পরবর্তী কোনো তারিখের জন্য স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছি।
>
> আমি বারবার উল্লেখ করেছি যে শাসনতন্ত্র কোনো সাধারণ আইন নয়, বরং এটি হচ্ছে একত্রে বসবাস করার একটি চুক্তিবিশেষ। অতএব, একটি সুষ্ঠু ও কার্যকর শাসনতন্ত্র প্রণয়নের ব্যাপারে পূর্ব ও পশ্চিম পাকিস্তান উভয়ের পর্যাপ্ত অংশীদারি থাকা প্রয়োজন।...শাসনতন্ত্র প্রণয়নের ব্যাপারে যুক্তিসংগত সমঝোতায় উপনীত হওয়ার জন্য রাজনৈতিক নেতাদের আরও কিছু সময় দেওয়া উচিত। এ সময় দেওয়ার পর আমি একান্তভাবে আশা করি যে তাঁরা একে কাজে লাগাবেন এবং সমস্যার একটি সমাধান বের করবেন। আমি পাকিস্তানি জনগণকে দৃঢ় প্রতিশ্রুতি দিতে চাই যে ইতিপূর্বে বর্ণিত পরিস্থিতি শাসনতন্ত্র প্রণয়নের পক্ষে সহায়ক হওয়ার সঙ্গে সঙ্গেই আমি অনতিবিলম্বে জাতীয় পরিষদের অধিবেশন আহ্বানে কোনোরূপ ইতস্তত করব না।[৪৯]

পরিস্থিতি যে দ্রুত খারাপের দিকে যাচ্ছে, আর্চার ব্লাডের তা বুঝতে অসুবিধা হয়নি। ওয়াশিংটনে পররাষ্ট্র দপ্তরে ঢাকার মার্কিন কনস্যুলেট থেকে পাঠানো এক বার্তায় বলা হয়, ঘূর্ণিঝড়ের আগে পাকিস্তানের ঐক্য বজায় থাকার সম্ভাবনা ছিল ৫০ : ৫০। নির্বাচনের পর এ সম্ভাবনা ঐক্যের বিরুদ্ধে ৭৫ : ২৫ অনুপাতে হেলে পড়ে এবং জাতীয় পরিষদের অধিবেশন স্থগিতের ঘোষণা দেওয়ার পর ঐক্যের সম্ভাবনা এখন ০ : ১০০।[৫০]

ইয়াহিয়া খানের ১ মার্চের ঘোষণার পটভূমি সম্পর্কে তাঁর উপদেষ্টা অধ্যাপক জি ডব্লিউ চৌধুরীর একটি ভাষ্য পাওয়া যায়। জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত করার জন্য তাঁর ওপর ভুট্টো ও পীরজাদার চাপ ছিল। ইয়াহিয়া করাচিতে ভুট্টোর সঙ্গে আলোচনা করতে যাওয়ার আগে অধ্যাপক চৌধুরীকে অধিবেশন স্থগিতের কারণ ব্যাখ্যা করে ইয়াহিয়ার প্রস্তাবিত ভাষণের একটি খসড়া তৈরি করতে বলেন। চৌধুরী বিরোধ মীমাংসার লক্ষ্যে নরম সুরে একটি খসড়া তৈরি করেন। খসড়ায় তিনি উল্লেখ করেন, পাকিস্তানের দুই অংশের মধ্যে সমঝোতা প্রতিষ্ঠার জন্য চেষ্টা চালানো হচ্ছে এবং অধিবেশন বড়জোর দু-তিন সপ্তাহ স্থগিত থাকবে। ইয়াহিয়ার একটি দুর্বলতা হলো, তিনি একেক সময় একেক রকম সিদ্ধান্ত নিতেন। ইয়াহিয়ার সামরিক সচিবের কাছে চৌধুরী জানতে পারেন, তাঁর খসড়াটি বাদ দিয়ে তিনি ভুট্টো-পীরজাদার তৈরি ভাষণের খসড়াটি গ্রহণ করেছিলেন। ১ মার্চ এটিই রেডিওতে পাঠ করা হয়। বরাবর ইয়াহিয়া স্বকণ্ঠে পাঠ করলেও এবার অন্য একজন তাঁর ঘোষণাটি পড়ে। এ প্রসঙ্গে অধ্যাপক চৌধুরী বলেন, '৫ মার্চ ইয়াহিয়ার সঙ্গে দেখা হলে আমি তাঁকে জিজ্ঞেস করেছিলাম। তিনি উদাস চোখে তাকিয়েছিলেন। তাঁকে অসহায় মনে হলো। আমার মনে হলো, ভুট্টো ও পীরজাদার তৈরি এই ঘোষণায় সই দিতে তিনি বাধ্য হয়েছিলেন।'[৫১]

অপারেশন সার্চলাইট

জানুয়ারি ও ফেব্রুয়ারির প্রথম দিকে জেনারেল ইয়াহিয়া রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধ করা এবং সামরিক অভিযান চালিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণের কথা ভেবেছিলেন। এই ভাবনা থেকেই তৈরি হয় 'অপারেশন ব্লিৎস'। এর উদ্দেশ্য ছিল কঠোরভাবে সামরিক আইন কার্যকর করা। পূর্ব পাকিস্তানের প্রধান সামরিক আইন প্রশাসক লেফটেন্যান্ট জেনারেল সাহেবজাদা ইয়াকুব খান ও গভর্নর এস এম আহসান রাওয়ালপিন্ডিতে প্রেসিডেন্টের ডাকা একটি বৈঠকে অংশ নিয়ে ঢাকায় আসেন ২৫ ফেব্রুয়ারি। ২৬ ফেব্রুয়ারি সেনা কর্মকর্তাদের এক সভায় ইয়াকুব খান বলেন, ১ মার্চ প্রেসিডেন্ট অনির্দিষ্টকালের জন্য জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত ঘোষণা করবেন এবং তখন থেকেই অপারেশন ব্লিৎস কার্যকর হবে। গভর্নর আহসান এ পরিকল্পনার সাথে একমত ছিলেন না এবং জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত না করার জন্য প্রেসিডেন্টকে অনুরোধ জানিয়েছিলেন। প্রেসিডেন্ট তাঁর সিদ্ধান্তে ছিলেন অটল এবং তিনি গভর্নর আহসানকে বরখাস্ত করে ইয়াকুব খানকে আঞ্চলিক প্রধান সামরিক আইন প্রশাসকের দায়িত্বের পাশাপাশি গভর্নরের কাজ চালিয়ে যেতে বলেন। ইয়াকুব খানের প্রধান সহকারী ১৪ ডিভিশনের জিওসি মেজর জেনারেল খাদিম হোসেন রাজা অন্যান্য সেনা কর্মকর্তার সাথে আলাপ করার পর উপলব্ধি করলেন, অপারেশন ব্লিৎস হবে নিছক পাগলামি। এদিকে ইয়াকুব খান বারবার প্রেসিডেন্ট ইয়াহিয়াকে ঢাকায় আসার জন্য তাগাদা দিচ্ছিলেন। কিন্তু ইয়াহিয়া ছিলেন নির্লিপ্ত। ইয়াহিয়া আহসানের জায়গায় লে. জেনারেল টিক্কা খানকে গভর্নর হিসেবে নিয়োগের সিদ্ধান্ত নেন। ইয়াকুব খান পদত্যাগের সিদ্ধান্ত নিলেন।[১]

১ মার্চ ১৯৭১ শেখ মুজিব পুরানা পল্টনে আওয়ামী লীগের অফিসে বসে দুপুর দুইটায় রেডিওতে প্রচারিত সংবাদ বুলেটিনে জাতীয় পরিষদের অধিবেশন স্থগিতের ঘোষণা শোনেন।[২] এই ঘোষণা শোনামাত্রই ঢাকার রাজপথে সর্বস্তরের মানুষ নেমে এলেন। বেলা তিনটায় হোটেল পূর্বাণীতে আওয়ামী লীগের

পার্লামেন্টারি পার্টির সভা হওয়ার কথা ছিল। জাতীয় পরিষদের সদস্যরা প্রায় সবাই উপস্থিত ছিলেন। বঙ্গবন্ধু ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়ে অহিংস অসহযোগ আন্দোলনের কর্মসূচি ঘোষণা করেন। তিনি পরদিন ২ মার্চ ঢাকায় এবং ৩ মার্চ সারা দেশে হরতাল ডাকেন।

নওয়াবপুর, জিন্নাহ অ্যাভিনিউ ও বায়তুল মোকাররম এলাকায় কাপড়ের ও ঘড়ির কয়েকটি দোকান, দুটি বন্দুকের দোকান এবং একটি মদের দোকানে ভাঙচুর ও লুটপাট হয়। জিপিওর উল্টোদিকে 'গ্যানিজ' নামের একটি বড় কাপড়ের দোকান ছিল। দোকানটির মালপত্র প্রায় সবই লুট হয়ে যায়। অবাঙালি মালিকদের দোকানগুলোই ছিল আক্রমণের লক্ষ্য।

বিকেলে ছাত্রলীগের একক নেতৃত্বে ছাত্র সংগ্রাম পরিষদ গঠিত হয়। এর চারজন প্রধান নেতা ছিলেন ছাত্রলীগের সভাপতি নূরে আলম সিদ্দিকী, সাধারণ সম্পাদক শাজাহান সিরাজ, ডাকসুর সহসভাপতি আ স ম আবদুর রব ও সাধারণ সম্পাদক আবদুল কুদ্দুস মাখন। প্রায় সব ব্যানার ও সাইনবোর্ড থেকে পাকিস্তান বা পূর্ব পাকিস্তান শব্দগুলো মুছে ফেলা শুরু হয়।

১ মার্চ দুপুরে আওয়ামী লীগ অফিসে রেডিওতে জাতীয় পরিষদের অধিবেশন স্থগিতের সংবাদ শুনছেন শেখ মুজিব। সঙ্গে তাজউদ্দীন। পেছনে দাঁড়ানো জাতীয় পরিষদের মহিলা সদস্যবৃন্দ: (ডান থেকে) নূরজাহান মুরশিদ, রাফিয়া আক্তার ডলি, সাজেদা চৌধুরী, মমতাজ বেগম, বদরুন্নেসা আহমদ, রাজিয়া বানু ও তসলিমা আবেদ

ছাত্র সংগ্রাম পরিষদের পক্ষ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন প্রাঙ্গণে ২ মার্চ আ স ম আবদুর রব বাংলাদেশের পতাকা উত্তোলন করেন।

ইতিমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা জিন্নাহ হলের নাম পরিবর্তন করে সূর্য সেন হল এবং ইকবাল হলের নাম পাল্টে সার্জেন্ট জহুরুল হক হল রাখলেন। নাম পাল্টানো চলল সর্বত্র। জিন্নাহ অ্যাভিনিউ হলো বঙ্গবন্ধু অ্যাভিনিউ, মহাখালীর জিন্নাহ কলেজ হলো তিতুমীর কলেজ, পুরান ঢাকার কায়েদে আজম কলেজ হলো সোহরাওয়ার্দী কলেজ, পাক মোটর হলো বাংলা মোটর।

১ মার্চ রাতেই ঢাকা বিশ্ববিদ্যালয় জিমনেসিয়াম-সংলগ্ন ইউওটিসির স্টোররুমের তালা ভেঙে ডামি রাইফেল লুট করা হলো। পরে সেসব রাইফেল হাতে নিয়ে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা কয়েক দিন প্যারেড করলেন, ছবি তুললেন।

২ মার্চ রাতে ঢাকায় সান্ধ্য আইন জারি করা হয়। অনেক জায়গায় জনতা সান্ধ্য আইন উপেক্ষা করে মিছিল বের করে। সর্বত্র সেনাবাহিনী টহল দিচ্ছে। ৩ তারিখ পর্যন্ত সেনাবাহিনীর গুলিতে ১৬ জন নিহত হন।[৩]

৩ মার্চ ছাত্রলীগের উদ্যোগে পল্টন ময়দানে আয়োজিত জনসভায় শেখ মুজিবের উপস্থিতিতে শাজাহান সিরাজ 'স্বাধীনতার ইশতেহার' পাঠ করেন। এটাই ছিল প্রকাশ্যে দেওয়া স্বাধীনতার প্রথম লিখিত ঘোষণাপত্র, যদিও তা ছিল অনানুষ্ঠানিক। ইশতেহারে রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি' গানটি বাংলাদেশের জাতীয় সংগীত হিসেবে ঘোষণা করা হয়।[৪] ১৯০৫ সালের ৭ আগস্ট কলকাতার টাউন হলে 'বঙ্গভঙ্গের' প্রতিবাদ সভায় গানটি প্রথম গাওয়া হয়েছিল।[৫] সাড়ে ছয় দশক পরে এই গানেই 'ভঙ্গবঙ্গের' সাড়ে সাত কোটি মানুষের দেশের প্রতি অকৃত্রিম ভালোবাসা ও ভক্তি প্রকাশ পেল। জনসভার প্রস্তাবে শেখ মুজিবকে প্রথমবারের মতো 'জাতির পিতা' হিসেবে উল্লেখ করা হয়। ছাত্রলীগের সহদপ্তর সম্পাদক রেজাউল হক চৌধুরী মুশতাকের হাতে লেখা প্রস্তাব পাঠ করেছিলেন দপ্তর সম্পাদক এম এ রশিদ।

প্রদেশে সর্বাত্মক অসহযোগ আন্দোলন চলছে। সব অফিস-আদালত বন্ধ। পিআইএর বাঙালি কর্মচারীরা কাজকর্ম বন্ধ করে দিয়েছেন। এমনকি পাকিস্তানের দুই অংশের মধ্যে টেলিযোগাযোগও প্রায় বিচ্ছিন্ন। একদিকে সামরিক আইনবিধি জারি হচ্ছে, অন্যদিকে আওয়ামী লীগ জারি করছে প্রশাসনিক নির্দেশনামা। ইয়াহিয়া ৩ মার্চ ঘোষণা দিলেন, তিনি ঢাকায় ১০ মার্চ রাজনৈতিক দলগুলোর সঙ্গে বৈঠক করবেন। বঙ্গবন্ধু বললেন, বন্দুকের নল দেখিয়ে এ বৈঠক ডাকা হয়েছে। সুতরাং এতে অংশ নেওয়ার প্রশ্নই ওঠে না।

২ মার্চের মধ্যে পশ্চিম পাকিস্তান থেকে ঢাকায় সেনাবাহিনীর দুই

পূর্ব পাকিস্তান ছাত্রলীগ

কেন্দ্রীয় সংসদ

ছাত্রলীগ আয়োজিত
পল্টনের / প্রস্তাবাবলি

৪২, বলাকা ভবন
ঢাকা-২
তাং ৩।৩।৭১

প্রেস বিজ্ঞপ্তি

১। এই সভা পাকিস্তানী উপনিবেশবাদী শক্তির লেলিয়ে দেওয়া সেনাবাহিনী কর্তৃক বাঙালীদের উপর গুলিবর্ষণের ফলে নিহত বাঙালী ভাইদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করিতেছে এবং শোক সন্তপ্ত পরিবারের পরিজনের প্রতি সমবেদনা জ্ঞাপন করিতেছে। এই পাকিস্তানী উপনিবেশবাদী শক্তির সেনা বাহিনীর এই জঘন্য হত্যাকাণ্ডের প্রতিবাদে প্রতিরোধ আন্দোলন গড়িয়া তোলার জন্য আহবান জানাইতেছে।

২। এই সভা হানাদার সেনাবাহিনীর গুলিতে আহত স্বাধীনতা সংগ্রামে অংশ গ্রহণকারী বীর বাঙালী ভাইদেরকে বাঁচাইয়া রাখার জন্য স্বাস্থ্যবান বাঙালী ভাইদেরকে ব্লাডব্যাংকে রক্ত প্রদানের আহবান জানাইতেছে।

৩। এই সভা পাকিস্তানী উপনিবেশবাদের কবল হইতে মুক্ত হইয়া স্বাধীন বাংলার দেশ প্রতিষ্ঠা, শোষণহীন সমাজব্যবস্থা কায়েমের জন্য সমাজতান্ত্রিক অর্থনীতি ও নির্ভেজাল গণতন্ত্র প্রতিষ্ঠা করিয়া স্বাধীন বাংলার দেশে কৃষক শ্রমিক রাজ কায়েমের শপথ গ্রহণ করিতেছে।

৪। এই সভা স্বাধীন বাংলার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবের নেতৃত্বে পূর্ণ আস্থা রাখিয়া তাঁহার সকল নির্দেশ মানিয়া সংগ্রাম চালাইয়া যাওয়ার দৃঢ় সিদ্ধান্ত গ্রহণ করিতেছে।

৫। এই সভা দলমত নির্বিশেষে বাংলার প্রতিটি নরনারীকে বঙ্গবন্ধু শেখ মুজিবের নেতৃত্বে বাংলার স্বাধীনতা সংগ্রাম চালাইয়া যাওয়ার আহবান জানাইতেছে।

৩ মার্চ ১৯৭১ পল্টন ময়দানে ছাত্রলীগের জনসভায় গৃহীত প্রস্তাবাবলি। ৪ নম্বর প্রস্তাবে শেখ মুজিবকে প্রথমবারের মতো 'জাতির পিতা' হিসেবে উল্লেখ করা হয়

ব্যাটালিয়নের একটি ব্রিগেড পাঠানোর কাজ শেষ হয়। ২ ও ৩ মার্চ জনতার সঙ্গে সেনাদের সংঘর্ষে অনেকেই হতাহত হন। শেখ মুজিব পূর্বাঞ্চল কমান্ডকে হুমকি দেন, ঢাকা শহর থেকে সেনা প্রত্যাহার করতে হবে, নইলে তাঁর অনুগামীরা সেনাদের মোকাবিলা করবে। ঢাকায় সেনা পাঠানো স্থগিত রাখা হয়। জেনারেল গুল হাসানের মন্তব্য ছিল, শেখ মুজিব সেনাদের সঙ্গে জনতার সংঘর্ষ ঘটিয়ে সেনা পাঠানো বন্ধ করিয়েছেন এবং 'ঢাকার আইনশৃঙ্খলা বজায় রাখার দায়িত্বটা অতঃপর তাঁরই হয়ে যায়'।[৬]

ইয়াহিয়া রাও ফরমান আলীকে রাওয়ালপিন্ডিতে ডেকে পাঠালেন। রওনা হওয়ার আগে ফরমান আলী শেখ মুজিবের মনোভাব জানার চেষ্টা করেন। ৩ মার্চ রাত ১১টায় শেখ মুজিবের ধানমন্ডির বাসায় দুজনের সাক্ষাৎ হলো। ফরমান আলীর সঙ্গে শেখ মুজিবের কথোপকথন ছিল এ রকম :

রাও : অনুগ্রহ করে বলুন, পাকিস্তানকে কি রক্ষা করা যায়?

মুজিব : হ্যাঁ যায়, যদি আমাদের কথা কেউ শোনে। সেনাবাহিনীর হাতে অনেক মানুষ নিহত হয়েছে। তারা শুনছে ভুট্টোর কথা। তারা আজ অবধি আমার সঙ্গে কথা বলেনি। এত কিছু ঘটে যাওয়ার পরও আমরা আলোচনা করতে ইচ্ছুক।

এ সময় তাজউদ্দীন ঘরে প্রবেশ করলে শেখ মুজিব রাও ফরমান আলীর 'পাকিস্তান রক্ষা পাবে কি না' এই জিজ্ঞাসার ব্যাপারে তাঁর মতামত জানতে চান। তাজউদ্দীন বললেন, 'হ্যাঁ, রক্ষা পেতে পারে, তবে নতুন এক ফর্মুলায়। এত নৃশংসতার পর ভুট্টোর সঙ্গে এক ছাদের নিচে আমরা আর বসতে পারি না। কারণ, বাঙালিদের চোখে সে হলো "মার্ডারার নম্বর ওয়ান" (এক নম্বর খুনি)। ইয়াহিয়ার সঙ্গে কথা বলা যায়, যদিও সে "মার্ডারার নম্বর টু" (দুই নম্বর খুনি)। পরিষদের অধিবেশন বসার তারিখ নিয়ে "ভেটো" দেওয়ার কারণে ভুট্টোর সঙ্গে কোনো আলোচনায় যাওয়া আর সম্ভব নয়। সবকিছুর জন্য সে দায়ী। জাতীয় পরিষদ দুই ভাগ হয়ে যাক, একটি পূর্ব আরেকটি পশ্চিম পাকিস্তানের জন্য। প্রতিটি পরিষদ তার নিজ অংশের জন্য সংবিধান তৈরি করুক। পরে দুই পরিষদ একসঙ্গে বসে পাকিস্তানের জন্য একটি সংবিধান লিখতে পারে।' রাও ফরমান আলীর ধারণা হলো, এটি একটি কনফেডারেশনের ফর্মুলা, ফেডারেশনের নয়।[৭]

পাকিস্তানে নিযুক্ত অ্যাসোসিয়েটেড প্রেসের সংবাদদাতা আর্নল্ড জেটলিন শেখ মুজিবের সাক্ষাৎকারের ওপর ভিত্তি করে একটি প্রতিবেদন তৈরি করেছিলেন। প্রতিবেদনের বিষয়বস্তু সম্পর্কে তিনি মার্কিন কনস্যুলেট জেনারেল আর্চার ব্লাডকে বলেছিলেন, মুজিব ও ভুট্টো দুজনই পাকিস্তানের দুই অংশের জন্য আলাদা সংবিধান, দুজন দুই অংশের প্রধানমন্ত্রী হওয়া এবং কেন্দ্রের সঙ্গে উভয় অংশের সম্পর্কের বিষয়টি দর-কষাকষির মাধ্যমে নিষ্পত্তির ব্যাপারে রাজি হয়েছেন। খসড়া প্রতিবেদনটির একটি কপি শেখ মুজিবকে দেওয়া হয়েছিল। ৪ মার্চ সন্ধ্যায় জেটলিন শেখ মুজিবের সঙ্গে দেখা করতে গেলে মুজিব বলেন, দুই সংবিধান-সংক্রান্ত সমাধানের বিষয়টি তাঁকে ভুলভাবে উদ্ধৃত করা হয়েছে। আওয়ামী লীগের অন্য নেতারা জেটলিনকে বলেন, এটি প্রচারিত হলে দলের কাছে মুজিবের ভাবমূর্তি নষ্ট হবে। জেটলিন অতঃপর বার্তা পাঠান, প্রতিবেদনটি যেন প্রচার না করা হয়।[৮]

৪ মার্চ রাও ফরমান আলী ঢাকা থেকে রওনা হন। লাহোর থেকে রাওয়ালপিন্ডি যাওয়ার পথে তিনি জেনারেল টিক্কা খানকে একই বিমানের জন্য অপেক্ষা করতে দেখেন। তিনি টিক্কা খানকে ঢাকার পরিস্থিতি সম্পর্কে অবহিত

করলে টিক্কা জবাব দেন, তিনি পরিস্থিতি সামাল দেবেন।

ইয়াকুব খান ৪ মার্চ ঢাকার রাস্তা থেকে সেনাবাহিনী ব্যারাকে ফিরিয়ে নেন। কার্যত ওই দিনই তিনি বাংলাদেশে 'পাকিস্তানের সার্বভৌমত্ব' ছেড়ে দেন। ৫ মার্চ তিনি ইয়াহিয়ার কাছে পূর্বাঞ্চলের সামরিক আইন প্রশাসকের পদ থেকে ইস্তফাপত্র পাঠিয়ে দেন। চিঠিতে তিনি লেখেন, 'সামরিক ব্যবস্থা মীমাংসার কোনো পথ নয়।'[৯]

৫ মার্চ সকালে ফরমান আলী ইয়াহিয়ার সঙ্গে তাঁর অফিসে দেখা করতে চান। তাঁকে ইয়াহিয়ার বাসভবনে আসতে বলা হয়। সেখানে পৌঁছে ফরমান আলী দেখলেন, ইয়াহিয়া বারান্দায় খালি পায়ে বসে জেনারেল হামিদ ও ভুট্টোর সঙ্গে মদ পান করছেন। তখন বেলা ১১টা বাজে। ফরমান আলী ইয়াহিয়াকে বলেন, তিনি প্রেসিডেন্টকে একাকী কিছু বলতে চান, কেননা এসব কথা ভুট্টোর জন্য বিব্রতকর হতে পারে। ভুট্টো পাশের কামরায় চলে যান। ফরমান আলী ইয়াহিয়াকে মুজিবের সঙ্গে তাঁর আলোচনার বৃত্তান্ত খুলে বলেন। ইয়াহিয়া জবাব দেন, 'আগামীকাল আমার ভাষণে পূর্ব পাকিস্তান সমস্যার সব জবাব দিয়ে দেওয়া হবে।'[১০]

৬ মার্চ সানাউল হকের নেতৃত্বে সচিবালয়ের অসামরিক কর্মকর্তাদের একটি দল বঙ্গবন্ধুর ধানমন্ডির বাড়িতে তাঁর সঙ্গে দেখা করে আওয়ামী লীগের নির্দেশ অনুযায়ী চলার আনুষ্ঠানিক ঘোষণা দেয়। তাজউদ্দীন আহমদ, আমীর-উল-ইসলাম ও কামাল হোসেন তাঁদের সঙ্গে প্রতিদিন বৈঠক করে প্রশাসনিক নির্দেশ জারি করতেন। পরবর্তী দিনগুলোয় তাঁরাই প্রশাসনের কেন্দ্রবিন্দু (নিউক্লিয়াস) হয়ে উঠেছিলেন।[১১]

৬ তারিখেই বঙ্গবন্ধুর বাসায় আওয়ামী লীগ কার্যকরী কমিটির সভায় পরদিন অনুষ্ঠেয় জনসভার ভাষণের বিষয়বস্তু কী হতে পারে তা নিয়ে আলোচনা হয়। দলের তরুণেরা চাইছিলেন, স্বাধীনতার ঘোষণা দেওয়া হোক। তাঁদের কাছে স্বাধীনতার কোনো বিকল্প গ্রহণযোগ্য ছিল না। কিন্তু এর প্রতিক্রিয়া কী হতে পারে তা নিয়ে শেখ মুজিবকে অনেক ভাবতে হয়েছে। শেখ মুজিব দলের জ্যেষ্ঠ নেতাদের সঙ্গে আলাদা করে বসলেন। তাঁদের মধ্যে ছিলেন তাজউদ্দীন আহমদ, সৈয়দ নজরুল ইসলাম, খন্দকার মোশতাক আহমদ, ক্যাপ্টেন মনসুর আলী ও কামারুজ্জামান। বৈঠকে কামাল হোসেনকেও থাকতে বলা হয়। আলোচনা হয় যে সরাসরি স্বাধীনতা ঘোষণা করলে সামরিক বাহিনী হামলা করার অজুহাত পেয়ে যাবে। সুতরাং এটি করা ঠিক হবে না। বরং ইয়াহিয়ার ওপর চাপ অব্যাহত রাখতে হবে, যাতে তিনি নির্বাচিত জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তরের বিষয়টি বিবেচনা করেন।

একই সঙ্গে স্বাধীনতার পক্ষে যে গণজোয়ার সৃষ্টি হয়েছে, তাকে টিকিয়ে রাখতে হবে। সিদ্ধান্ত হলো, সেনাদের ব্যারাকে ফিরিয়ে নেওয়া, পশ্চিম পাকিস্তান থেকে সেনা আনা বন্ধ করা, হতাহতের ঘটনার তদন্ত করা, যত তাড়াতাড়ি সম্ভব সামরিক আইন তুলে নেওয়া এবং নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তরের দাবি জানাতে হবে। এসব দাবিসহ দলের অবস্থান ব্যাখ্যা করে কামাল হোসেনকে একটি খসড়া বিবৃতি তৈরির দায়িত্ব দেওয়া হয়। ৭ মার্চের জনসভার পর এই বিবৃতি সাংবাদিকদের দেওয়া হবে এমন সিদ্ধান্ত হয়। শেখ মুজিবের নির্দেশ অনুযায়ী বিবৃতিটি তাজউদ্দীনের কাছে রাখা হয়, যাতে জনসভার পর শেখ মুজিবের ভাষণ অনুযায়ী প্রয়োজনে এই বিবৃতি সংশোধন বা পরিবর্তন করে তাজউদ্দীন এটি সাংবাদিকদের দিতে পারেন।[১২]

৬ মার্চ ইয়াহিয়া খান বেতার ও টেলিভিশনে ভাষণ দেন। ভাষণে তিনি বলেন, অধিবেশন স্থগিত করার ঘোষণা নিয়ে ভুল-বোঝাবুঝি হয়েছে। পূর্ব পাকিস্তানের নেতারা এমনভাবে প্রতিক্রিয়া জানিয়েছেন, যার ফলে চরমপন্থীরা উৎসাহিত হবে এবং তারা রাস্তায় বের হয়ে জনজীবন বিপর্যস্ত করবে। ইয়াহিয়া আরও বলেন, তিনি পরিস্থিতি শান্ত করার জন্য সময় চান এবং ২৫ মার্চ অধিবেশন ডাকার সিদ্ধান্ত নিয়েছেন। তাঁর ভাষণে ধমকের সুর প্রচ্ছন্ন ছিল। ভাষণে তিনি বলেন :

> আমি যতক্ষণ রাষ্ট্রপ্রধান ও সশস্ত্র বাহিনীর প্রধান আছি, আমি পাকিস্তানের ঐক্য টিকিয়ে রাখব। এ ব্যাপারে সন্দেহের কোনো অবকাশ নেই। পূর্ব ও পশ্চিম পাকিস্তানের কোটি কোটি মানুষের কাছে এটি আমার ওয়াদা, আমি এই দেশটিকে বাঁচাব। মানুষ আমার কাছে এটিই আশা করে। আমি তা বিফল হতে দেব না। গুটিকয়েক লোকের হাতে কোটি কোটি নিরপরাধ পাকিস্তানির আবাসভূমি আমি ধ্বংস হতে দেব না। পাকিস্তানের একতা, সংহতি ও নিরাপত্তা বজায় রাখা সশস্ত্র বাহিনীর কর্তব্য এবং এটি পালন করতে তারা কখনো পিছপা হয়নি।[১৩]

৬ মার্চ ইয়াহিয়ার বেতার-টেলিভিশনে ঘোষণার পর ঢাকায় তেমন কোনো প্রতিক্রিয়া হলো না। একটি দৃশ্যমান পরিবর্তন লক্ষ করা গেল। সেনাবাহিনীর টহল দলগুলো ক্যান্টনমেন্টে ফিরে গিয়েছিল। শেখ মুজিব পরদিন রেসকোর্সে ভাষণ দেবেন, প্রায় সব প্রস্তুতি নেওয়া হচ্ছে। সর্বত্র কানাঘুষা, শেখ মুজিব কি একতরফা স্বাধীনতা ঘোষণা করবেন? ইয়াহিয়ার সঙ্গে শেখ মুজিবের টেলিফোনে কথা হলো। ইয়াহিয়া শেখ মুজিবকে অনুরোধ করলেন এমন কিছু না বলতে, যেখান থেকে আর ফেরার উপায় থাকবে না।[১৪]

৭ মার্চ রেসকোর্সের জনসভাটি ছিল পূর্বনির্ধারিত। ওই দিন শেখ মুজিব কী বলবেন, তা নিয়ে অনেক জল্পনা ছিল। আগের দিন ও রাতে তাঁর হাইকমান্ডের সদস্যদের সঙ্গে শেখ মুজিব বক্তৃতার বিষয়বস্তু নিয়ে আলোচনা করেন। শেখ মুজিব ও তাজউদ্দীন মনে করেছিলেন, স্বাধীনতার ঘোষণা দেওয়া হবে অসময়োচিত। তাৎক্ষণিক স্বাধীনতার ঘোষণা জন্য দলের তরুণদের চাপ ছিল। এ প্রসঙ্গে অধ্যাপক রেহমান সোবহান বলেন :

> আওয়ামী লীগের তরুণেরা, যেমন সিরাজুল আলম খান যিনি কাপালিক নামে পরিচিত, এখনই স্বাধীনতার ঘোষণা দিয়ে পুরোদস্তুর মুক্তিযুদ্ধ শুরু করার পক্ষে ছিলেন। ৭ মার্চের সভায় যাওয়ার আগে নুরুল ইসলাম ও আমি তাদের মনের ভাব জানার জন্য ইকবাল হলে গেলাম। কাপালিকের সঙ্গে দেখা হলো। তাকে হতাশ মনে হলো। তিনি বললেন, স্বাধীনতার কোনো নাটকীয় ঘোষণা আসছে না।[১৫]

৭ মার্চের ভাষণের প্রেক্ষাপট সম্পর্কে ঢাকায় ওই সময়ের ভারপ্রাপ্ত সামরিক আইন প্রশাসক মেজর জেনারেল খাদিম হোসেন রাজার বয়ানটি উল্লেখযোগ্য। এটি ছিল ক্রান্তিকাল এবং শেখ মুজিবের জন্য অগ্নিপরীক্ষা। জেনারেল রাজার বিবরণ থেকে জানা যায় :

> ৬ মার্চ সন্ধ্যায় শেখ মুজিবের একজন বার্তাবাহক আমার কাছে এলেন। তিনি বললেন, দলের ভেতরে কট্টরপন্থী ও ছাত্রনেতারা একতরফা স্বাধীনতা ঘোষণার জন্য চাপ দিচ্ছেন। শেখ মুজিব একজন দেশপ্রেমিক। তিনি পাকিস্তান ভাঙার দায় নিতে চান না। এ জন্য তিনি অনুরোধ জানিয়েছেন যেন একদল সেনা পাঠিয়ে তাঁকে ধানমন্ডির বাসা থেকে সেনানিবাসে এনে নিরাপত্তা হেফাজতে রাখা হয়।
>
> শেখ মুজিবের বার্তা শুনে ৭ মার্চের ব্যাপারে আমার অবস্থান শক্ত করলাম। আমি বার্তাবাহককে বললাম, মুজিব নিঃসন্দেহে একজন দেশপ্রেমিক এবং একজন ছাত্রনেতা হিসেবে কলকাতায় পাকিস্তান আন্দোলনে তাঁর ভূমিকা আমি জানি। যা তৈরি করতে তিনি সাহায্য করেছেন, তা কী করে তিনি ধ্বংস করতে পারেন? তিনি সেনানিবাস এলাকা ভালোই চেনেন এবং নিজেকে বিপদগ্রস্ত মনে করলে আমার সম্মানিত অতিথি হিসেবে তাঁকে আমি স্বাগত জানাই। তিনি স্বেচ্ছায় আসতে পারেন। এ জন্য এসকর্ট পাঠানোর দরকার নেই। রাত দুটোর সময় আমাকে ঘুম থেকে তুলে জানানো হলো, দুজন পূর্ব পাকিস্তানি ভদ্রলোক আমার কাছে এসেছেন। তাঁরা শেখ মুজিবের প্রতিনিধি হিসেবে পরিচয় দিলেন। তাঁদের নাম আমার মনে নেই। তাঁদের একজন জননেতা, যাঁর কথা আগেই শুনেছিলাম। তিনি আগের কথারই পুনরাবৃত্তি করে শেখ মুজিবকে নিরাপত্তা হেফাজতে নিয়ে আসার ওপর জোর দিলেন। আমি বললাম, তিনি যেন শেখ মুজিবকে জানিয়ে দেন যে রেসকোর্সে তিনি যে ভাষণ দেবেন, আমি

সেনানিবাসে বসে তা শুনব। সে ব্যবস্থা করা আছে। তিনি যদি দেশের সংহতি নষ্ট করে একতরফা স্বাধীনতা ঘোষণা করেন, আমি বিনা দ্বিধায় আমার সমস্ত শক্তি দিয়ে দায়িত্ব পালন করব। সেনাবাহিনীকে বলা হবে মিটিং ভেঙে দিতে এবং প্রয়োজনবোধে ঢাকা শহর গুঁড়িয়ে দিতে। শেখকে যেন জানিয়ে দেওয়া হয়, বিচক্ষণতার পরিচয় না দিলে এর ফল হবে মারাত্মক এবং এর দায় তাঁর ঘাড়েই পড়বে। তাঁর উচিত হবে আলোচনার দরজা খোলা রাখা এবং অনাবশ্যক রক্তপাত এড়ানো।

শুভবুদ্ধিসম্পন্ন লোকদের কথা শুনে তিনি চরমপন্থার দিকে যাননি এবং আলোচনার দরজা খোলা রাখলেন। সেনাবাহিনী নিয়ে আমি তৈরি ছিলাম। তাঁর ভাষণ আমি সরাসরি শুনেছি। তাঁর কণ্ঠস্বর ছিল আপসমূলক এবং ৪ মার্চে দেওয়া তাঁর দাবিগুলো তিনি আবারও উল্লেখ করলেন। কয়েক মিনিটেই শেষ হলো তাঁর বক্তৃতা। তিনি তাড়াহুড়ো করে মঞ্চ থেকে নেমে গেলেন। এটা ছিল অনেকটা অ্যান্টি-ক্লাইমেক্স। আমি আল্লাহর কাছে শুকরিয়া জানালাম এবং স্বস্তি পেলাম।[১৬]

৭ মার্চ রেসকোর্সের স্মরণকালের বৃহত্তম জনসভায় শেখ মুজিব এসেছিলেন বেলা তিনটায়। তিনিই ছিলেন একমাত্র বক্তা। তাঁর ১৯ মিনিটের ভাষণটি ছিল নানা দিক দিয়ে তাৎপর্যপূর্ণ। তিনি পরিস্থিতির প্রেক্ষাপট, ক্ষমতা হস্তান্তর নিয়ে ষড়যন্ত্র এবং নিরস্ত্র জনতার ওপর সেনাবাহিনীর গুলিবর্ষণের কথা উল্লেখ করলেন। তিনি জাতীয় পরিষদের অধিবেশনে যোগ দেওয়ার জন্য চারটি শর্ত দিলেন। শর্তগুলো হচ্ছে :

সামরিক আইন প্রত্যাহার করতে হবে;
সেনাবাহিনীকে ব্যারাকে ফিরিয়ে নিয়ে যেতে হবে;
নিরস্ত্র জনতার ওপর গুলিবর্ষণের তদন্ত করতে হবে;
নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করতে হবে।

এই চার শর্ত পূরণ হলেই তিনি অধিবেশনে যোগদানের বিষয়টি বিবেচনা করবেন বলে ঘোষণা দেন। তিনি সরাসরি স্বাধীনতা ঘোষণা করেননি, আবার 'ঘরে ঘরে দুর্গ গড়ে তোলার' আহ্বান জানান এবং 'যার যা আছে তাই নিয়ে শত্রুর মোকাবিলা করার' জন্য প্রস্তুত থাকতে বলেন। তাঁর ভাষণের শেষ লাইনটি ছিল, 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম—এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'। এ শব্দগুলো তিনি তাঁর ভাষণে দুবার উচ্চারণ করেছিলেন। জনসভায় তিনি কী বলেছেন, তার চেয়ে কম গুরুত্বপূর্ণ ছিল না তিনি কী বলেননি। তিনি সভা শেষ করলেন 'জয় বাংলা' ধ্বনি দিয়ে। কেউ কেউ বলেন, ওই দিন তিনি 'জয় পাকিস্তান'ও বলেছেন। তাঁদের দাবি, তাঁরা নিজ কানে এটি শুনেছেন।

সোহরাওয়ার্দী উদ্যানে ৭ মার্চের সভামঞ্চ, ভাষণ দিচ্ছেন বঙ্গবন্ধু

শেখ মুজিব যখন রেসকোর্সে ভাষণ দিচ্ছিলেন, লে. জেনারেল টিক্কা খানকে নিয়ে একটি বিমান তখন করাচি থেকে ঢাকা বিমানবন্দরে এসে নামে।

অনেকেই আশা করেছিলেন, রেডিওতে মুজিবের ভাষণ সরাসরি প্রচার করা হবে। সিদ্ধান্ত সে রকমই ছিল। কিন্তু শেষ পর্যন্ত এ সিদ্ধান্ত বাস্তবায়িত হয়নি। এ জন্য রেডিওর বাঙালি কর্মকর্তা-কর্মচারীরা কাজ বন্ধ করে দেন। পরদিন সকালে রেডিওতে এই ভাষণ পুরোটা প্রচার করা হয়।

তেহরিক-ই-ইস্তিকলাল পার্টির সভাপতি এয়ার মার্শাল (অব.) আসগর খান মার্চের প্রথম সপ্তাহেই ঢাকায় এসেছিলেন। শেখ মুজিবের সঙ্গে তাঁর তিনবার বৈঠক হয়। প্রথম ও দ্বিতীয় বৈঠকে তৃতীয় কেউ উপস্থিত ছিলেন না। শেখ মুজিব তাঁকে বলেছিলেন, তিনি নিশ্চিত যে ক্ষমতা হস্তান্তর না করার ব্যাপারে ইয়াহিয়া খান সিদ্ধান্ত নিয়ে ফেলেছেন এবং পূর্ব পাকিস্তানের বিরুদ্ধে তিনি সেনাবাহিনীকে ব্যবহার করবেন। কান্নাভেজা কণ্ঠে মুজিব বলেন, তিনি একজন পাকিস্তানি এবং পাকিস্তান প্রতিষ্ঠার আন্দোলনে অংশ নিয়েছিলেন; পাকিস্তানি পতাকা হাতে নিয়ে 'বান করে রাহেগা পাকিস্তান' (পাকিস্তান বানিয়ে ছাড়ব) স্লোগান দিয়ে কলকাতা থেকে দিল্লি পর্যন্ত গিয়েছিলেন। 'তখন কোথায় ছিলেন ইয়াহিয়া খান আর ভুট্টো?' আসগর খান জানতে চান, কীভাবে এই অচলাবস্থা ভাঙবে? জবাবে মুজিব বলেন, এটি পরিষ্কার যে ইয়াহিয়া খান ঢাকায় আসবেন। তারপর আসবেন মির্জা মুজাফফর আহমদ (পরিকল্পনা কমিশনের উপপ্রধান), তারপর আসবেন ভুট্টো। এরপর ইয়াহিয়া সামরিক অভিযানের নির্দেশ দেবেন এবং এভাবেই শেষ হয়ে যাবে পাকিস্তান। মুজিব আশঙ্কা করছেন, তাঁকে বন্দী করা হবে, নতুবা তিনি পাকিস্তান সেনাবাহিনী কিংবা তাঁর নিজের লোকদের হাতে মারা যাবেন। বিস্ময়ের ব্যাপার, মুজিবের ভবিষ্যদ্বাণী অনুযায়ী ঘটনাগুলো ঘটেছিল।[১৭]

মার্কিন যুক্তরাষ্ট্র ছিল পাকিস্তানের নির্ভরযোগ্য মিত্র। একাত্তরের মার্চে এ দেশে যা ঘটে যাচ্ছিল, যুক্তরাষ্ট্রের পক্ষে তা উপেক্ষা করা সম্ভব ছিল না। ঢাকার রাজনৈতিক উত্তাপের আঁচ ওয়াশিংটনে বসে মার্কিন নীতিনির্ধারকেরা টের পাচ্ছিলেন। মার্কিন প্রেসিডেন্ট রিচার্ড নিক্সন খুব কম লোককেই পছন্দ করতেন। তাঁর পছন্দের তালিকায় ইয়াহিয়া খান ছিলেন। ইয়াহিয়ার সঙ্গে আলাপচারিতায় নিক্সনের প্রশংসা ও ভালো লাগা উপচে পড়ত।[১৮]

আওয়ামী লীগকে মধ্যপন্থী ও মার্কিনঘেঁষা মনে করা হতো। ঢাকায় নিযুক্ত মার্কিন কনস্যুলেট জেনারেল আর্চার ব্লাড আওয়ামী লীগকে মধ্য-বাম, সংযত ও মধ্যবিত্তের দল হিসেবে বিবেচনা করতেন, যুক্তরাষ্ট্রের প্রতি যার কোনো বৈরী মনোভাব নেই। শেখ মুজিব যুক্তরাষ্ট্রকে পছন্দ করেন এবং সানফ্রানসিসকোর ব্যাপারে তাঁর ভালো লাগার কথা গোপন করতেন না।[১৯]

পক্ষান্তরে বার্কলে বিশ্ববিদ্যালয়ের ছাত্র হওয়া সত্ত্বেও জুলফিকার আলী ভুট্টো ছিলেন প্রচণ্ড রকম মার্কিনবিরোধী। নিক্সন তাঁকে অপছন্দ করতেন। তাঁর মতে, 'বেজন্মাটা একটা গলাবাজির রাজনীতিবিদ।' নিক্সনের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হেনরি কিসিঞ্জারের ধারণা ছিল, ভুট্টো ভারতবিরোধী ও চীনপন্থী। আর্চার ব্লাড ভুট্টো সম্পর্কে একটি শব্দ ব্যবহার করেছেন—পরশ্রীকাতর।[২০]

কিসিঞ্জার ১০ মার্চ নিক্সনকে বলেন, ইয়াহিয়া এবং পাকিস্তানের সামরিক বাহিনী প্রয়োজনে শক্তি প্রয়োগ করে হলেও পাকিস্তানের অখণ্ডতা রক্ষা করবে। তবে সামরিক অভিযান সফল না-ও হতে পারে। শেখ মুজিব গান্ধীর মতো অহিংস-অসহযোগ আন্দোলন করছেন। এই আন্দোলন দমন করার জন্য যুক্তি খুঁজে পাওয়া মুশকিল হবে। একটি দীর্ঘমেয়াদি বিদ্রোহ শুরু হলে তা দমন করার সামর্থ্য পশ্চিম পাকিস্তানের সামরিক বাহিনীর নেই। প্রেসিডেন্টকে তিনি চুপচাপ থাকার পরামর্শ দিয়ে বলেন :

> সবচেয়ে ভালো হবে নিষ্ক্রিয় থাকা এবং কিছুই না করা, যাতে ইয়াহিয়া আপত্তিকর কিছু মনে না করে। গৃহযুদ্ধ এড়ানোর বল এখন ইয়াহিয়ার কোর্টে। এ সময় কিছু বলা উচিত হবে না। কেননা পরিস্থিতির ওপর আমাদের কোনো নিয়ন্ত্রণ নেই। আমরা কিছু বললে পশ্চিম পাকিস্তানিরা তাকে অবাঞ্ছিত হস্তক্ষেপ মনে করতে পারে এবং এর ফলে ভবিষ্যতে আমাদের সম্পর্কে চিড় ধরতে পারে। পাকিস্তান এক আছে, এটি মনে করাই হবে সুবিধাজনক। আমাদের কোনো পদক্ষেপ যেন বিচ্ছিন্নতাকে উসকে না দেয়।[২১]

১২ মার্চ রাওয়ালপিন্ডি থেকে একজন সিনিয়র সামরিক কর্মকর্তা ঢাকায় এসে তাজউদ্দীনের সঙ্গে দেখা করতে চান। কামাল হোসেন বিষয়টি শেখ মুজিবকে জানালে তিনি কামাল হোসেনকে ওই কর্মকর্তার সঙ্গে এ ব্যাপারে কথা বলতে বলেন। কর্মকর্তাটি বলেন, ইয়াহিয়া যদি ঢাকায় আসেন তাহলে মুজিব তাঁর সঙ্গে প্রেসিডেন্ট হাউসে দেখা করবেন কি না। এ প্রশ্ন তিনি করছেন, কারণ এর আগে মুজিব গভর্নর হাউসে গিয়ে টিক্কা খানের সঙ্গে দেখা করতে অস্বীকার করেছিলেন। তিনি বলেছিলেন, টিক্কা খানকে তাঁর বাসায় এসে দেখা করতে হবে। এটি পরিষ্কার হওয়া দরকার। মুজিব ইয়াহিয়াকে তাঁর বাসায় আসতে বলবেন কি না। কামাল হোসেন বিষয়টি শেখ মুজিবকে জানালে মুজিব বলেন, তিনি ইয়াহিয়ার সঙ্গে তাঁর পছন্দমতো জায়গায় দেখা করবেন, সেটি প্রেসিডেন্ট হাউসও হতে পারে। তবে তিনি যদি তাঁর বাসায় আসেন তাঁকে স্বাগত জানানো হবে।[২২]

ইতিমধ্যে ভুট্টো সংবিধান প্রশ্নে একটি ফর্মুলা ঠিক করে ফেলেছেন। ১৪ মার্চ সিন্ধু প্রদেশের লারকানায় এক জনসভায় তিনি বলেন, সংবিধান তৈরির আগেই যদি ক্ষমতা হস্তান্তর করতে হয়, তাহলে পূর্ব পাকিস্তানে আওয়ামী লীগের কাছে এবং পশ্চিম পাকিস্তানে পিপলস পার্টির কাছে তা করতে হবে; তারপর 'সংখ্যাগরিষ্ঠ এই দুটি দলকে' ঐকমত্যের ভিত্তিতে সংবিধান তৈরি করতে হবে।[২৩]

ভুট্টোর কথার অর্থ দাঁড়ায়, পশ্চিম পাকিস্তানের চারটি প্রদেশ আবার 'এক

ইউনিট' হয়ে যাবে এবং কেন্দ্র ও প্রদেশের মধ্যে ক্ষমতার বিন্যাস ঠিক হওয়ার আগেই দেশে দুটি 'সার্বভৌম অঞ্চল' তৈরি হবে। ১৫ মার্চ এক সংবাদ সম্মেলনে এ নিয়ে প্রশ্ন উঠলে ভুট্টো বলেন, গণমাধ্যম ও স্বার্থান্বেষী মহল প্রদেশে ক্ষমতা হস্তান্তরের ব্যাপারে তাঁর বক্তব্যের ভুল ব্যাখ্যা দিয়েছে; তিনি কী বলতে চেয়েছেন তা সাধারণ মানুষ ঠিকই বুঝতে পেরেছে।[২৪]

১৫ মার্চ করাচির নিশতার পার্কে এক জনসভায় ভুট্টো দাবি করেন, জাতীয় পরিষদের ৩ মার্চের অধিবেশন স্থগিতের ঘোষণা দেওয়া নিয়ে তাঁর সঙ্গে কোনো আলোচনা হয়নি। তিনি বলেন, সংবিধান তৈরির আগে জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা ছেড়ে দেওয়ার যে দাবি শেখ মুজিব করেছেন, তা হতে হবে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ দলের কাছে। তিনি বলেন, দেশের দুটি অংশ—পশ্চিম পাকিস্তানে পিপলস পার্টি এবং পূর্ব পাকিস্তানে আওয়ামী লীগ সংখ্যাগরিষ্ঠ দল। সারা দেশে সংখ্যাগরিষ্ঠ একটি দলের কাছে ক্ষমতা হস্তান্তর করা যেতে পারে, যদি আওয়ামী লীগ ছয় দফা দাবি থেকে সরে আসে। ছয় দফার ব্যাপারে পাকিস্তানের দুই অংশের সংখ্যাগরিষ্ঠ দুটি দলের মধ্যে ঐকমত্য হওয়া দরকার। তিনি বলেন :

> আমি পরিষদের বাইরে একটি সমঝোতার জন্য আপ্রাণ চেষ্টা করছি। আওয়ামী লীগ যদি সাড়া না দেয়, তাহলে আমরা অসহায়।...প্রতিক্রিয়াশীল ও সাম্রাজ্যবাদের দালালেরা সংখ্যাগরিষ্ঠ দুই দলের মধ্যে ভুল-বোঝাবুঝি তৈরি করতে উঠেপড়ে লেগেছে।...আওয়ামী লীগ যদি 'বাংলাদেশ' নিয়ে কথা বলে, তাহলে আমিও তো 'সিন্ধুদেশ' ও 'পাঞ্জাবদেশ' নিয়ে কথা বলতে পারি। তাহলে উপমহাদেশের ৩০ লাখ মানুষের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত কায়েদে আজমের পাকিস্তানের কী হবে? আওয়ামী লীগই সংবিধান তৈরির বিষয়টি রাজপথে নিয়ে গেছে।...ছয় দফার ব্যাপারে তার দলের কোনো অনড় অবস্থান নেই। তার দল প্রতিটি দফার ব্যাপারে মতপার্থক্য কমিয়ে আনতে চায়। একমাত্র বৈদেশিক বাণিজ্য ও বৈদেশিক সাহায্যসংক্রান্ত বিষয়ে মতপার্থক্য রয়ে গেছে।[২৫]

প্রশাসন যাতে সুষ্ঠুভাবে চলে সে জন্য ১৫ মার্চ শেখ মুজিব ৩৫টি বিধি জারি করেন। এর মাধ্যমে তিনি প্রকৃতপক্ষে বাংলাদেশের প্রশাসন নিজ হাতে নিয়ে নিলেন।

ইয়াহিয়া ঢাকায় এলেন ১৫ মার্চ। তাঁর সঙ্গে ছিলেন বিচারপতি এ আর কর্নেলিয়াস, জেনারেল পীরজাদা, আইএসআইয়ের প্রধান মেজর জেনারেল আকবর, গোয়েন্দা ব্যুরোর পরিচালক এন এ রিজভী এবং পরিকল্পনা কমিশনের উপপ্রধান এম এম আহমদ। ১৬ মার্চ বেলা ১১টায় শেখ মুজিব প্রেসিডেন্ট ভবনে আসেন। তাঁর গাড়িতে কালো পতাকা ছিল। মুজিব ইয়াহিয়ার কাছে তাঁর চারটি

শর্তের কথা পুনর্ব্যক্ত করেন। সংবিধান তৈরির আগে সামরিক আইন প্রত্যাহার করলে সাংবিধানিক জটিলতা তৈরি হতে পারে বলে ইয়াহিয়া মন্তব্য করেন। শেখ মুজিব বলেন, তিনি বিষয়টি নিয়ে তাঁর উপদেষ্টাদের সঙ্গে কথা বলবেন। পরদিন ১৭ মার্চ শেখ মুজিব ইয়াহিয়ার সঙ্গে আবার দেখা করেন।[২৬]

সেনাবাহিনীর কট্টরপন্থীদের মধ্যে ছিলেন মেজর জেনারেল আবুবকর ওসমান মিঠা (কোয়ার্টার মাস্টার জেনারেল), খুদাদাদ খান (অ্যাডজুট্যান্ট জেনারেল), ইফতেখার জানজুয়া (মাস্টার জেনারেল অর্ডন্যান্স) ও গোলাম উমর (জাতীয় নিরাপত্তা সেলের প্রধান)। তাঁরা পূর্ব পাকিস্তানে বিদ্রোহ দমনের জন্য সামরিক হস্তক্ষেপের দাবি জানিয়ে আসছিলেন। তাঁদের ঢাকায় পাঠানো হয়। সামরিক জান্তার ধারণা ছিল, মেজর জেনারেল রাও ফরমান আলী ও মেজর জেনারেল খাদিম হোসেন রাজা, যাঁরা আগে থেকেই ঢাকায় ছিলেন, তাঁরা অতটা কঠোর হতে পারবেন না। ১৬ মার্চ টিক্কা খান খাদিম হোসেন রাজা ও ফরমান আলীকে সামরিক অভিযানের একটি পরিকল্পনা তৈরি করতে বলেন। ১৯ মার্চ তাঁরা দুজন অভিযানের একটি ছক তৈরি করে জেনারেল টিক্কা ও জেনারেল হামিদকে দেন। 'অপারেশন সার্চলাইট' নামের এ পরিকল্পনা গোপন রাখা হয়।[২৭]

এদিকে মুজিব-ইয়াহিয়া সংলাপ চলতে থাকে। ১৯ মার্চ ঢাকায় অবস্থিত ৫৭ ব্রিগেডের অধিনায়ক ব্রিগেডিয়ার জাহানজেব আরবাব জয়দেবপুরে অবস্থিত দ্বিতীয় ইস্ট বেঙ্গল রেজিমেন্টের হেডকোয়ার্টার পরিদর্শনে যান। ফেরার পথে জয়দেবপুর রেলক্রসিংয়ে তাঁর গাড়িবহর অবরোধের মধ্যে পড়ে। জনতা ইতিমধ্যে ক্রসিংয়ে মালগাড়ির কয়েকটি ওয়াগন আড়াআড়ি রেখে রাস্তা বন্ধ করে দিয়েছিল। জাহানজেব ২০ মিনিটের মধ্যে ব্যারিকেড সরানোর নির্দেশ দেন। বাঙালি সেনারা জনতার ওপর গুলি করতে চায়নি। তারা মাটিতে ও শূন্যে এলোপাতাড়ি গুলি চালায়। মোট ৬৩টি গুলি ছোড়ার ফলে দুই ব্যক্তি নিহত হন। পাঁচজন বাঙালি সেনা অস্ত্রসহ পালিয়ে যান।[২৮] এটিই ছিল পাকিস্তান সেনাবাহিনীর বিরুদ্ধে বাঙালি সেনাদের প্রথম নীরব বিদ্রোহ।

১৯ ও ২০ মার্চ ইয়াহিয়ার সঙ্গে শেখ মুজিবের আবার বৈঠক হয়। তাঁদের দুজনের সঙ্গেই ছিল নিজ নিজ পরামর্শক টিম। তাঁরা জানালেন, কয়েকটি বিষয়ে ঐকমত্য হয়েছে, যার ভিত্তিতে প্রেসিডেন্ট একটি ফরমান জারি করবেন। ঐকমত্যের বিষয়গুলো ছিল :

ক) সামরিক আইন তুলে নেওয়া;
খ) নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর;
গ) পূর্ব পাকিস্তানের জন্য ছয় দফার ভিত্তিতে অধিকতর স্বায়ত্তশাসন।[২৯]

শেখ মুজিব ২১ মার্চ ইয়াহিয়াকে জানিয়ে দেন, আপাতত প্রদেশগুলোর কাছে ক্ষমতা হস্তান্তর করা হোক। শেখ মুজিবের দেওয়া প্রস্তাবগুলো ছিল :

ক) অবিলম্বে সামরিক আইন প্রত্যাহার;

খ) পাঁচটি প্রদেশে জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর;

গ) কেন্দ্রে অন্তর্বর্তী প্রেসিডেন্ট হিসেবে জেনারেল ইয়াহিয়ার বহাল থাকা;

ঘ) জাতীয় পরিষদে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের সদস্যদের আলাদা সভা করে নিজ নিজ প্রদেশের জন্য সংবিধান তৈরি;

ঙ) ১৯৬২ সালের সংবিধান সংশোধন করে ছয় দফার ভিত্তিতে পূর্ব পাকিস্তানের জন্য স্বায়ত্তশাসন এবং পশ্চিম পাকিস্তানের প্রদেশগুলোর জন্য ১৯৬২ সালের সংবিধানে দেওয়া ক্ষমতা অথবা পারস্পরিক সম্মতির ভিত্তিতে নিজেদের স্বায়ত্তশাসনের পরিধি ঠিক করা;

চ) এই প্রস্তাবগুলো প্রেসিডেন্টের একটি আদেশ হিসেবে জারি করা।[৩০]

২১ মার্চ সন্ধ্যায় ভুট্টো ঢাকায় আসেন। ইয়াহিয়া ২২ মার্চ শেখ মুজিব ও ভুট্টোর সঙ্গে বৈঠক করেন। বৈঠকের এক ফাঁকে মুজিব ভুট্টোকে নিয়ে পাশের কামরায় যান এবং সেখানে বসা অন্যদের সরে যেতে বলেন। সেখানে মুজিব ভুট্টোর হাত ধরে অনুরোধ করেন, তিনি যেন সামরিক বাহিনীকে বিশ্বাস না করেন। তিনি বলেন, 'তাঁরা প্রথমে আমাকে শেষ করবে, তারপর আপনাকে।' ঘরে গোপন টেপ রেকর্ডার থাকতে পারে এই আশঙ্কায় ভুট্টো মুজিবকে টেনে পাশের বারান্দায় নিয়ে যান। যাহোক, ভুট্টো মুজিবের কথায় সায় দেননি। ২২ মার্চ ঢাকা রেডিও থেকে ঘোষণা করা হয়, ইয়াহিয়া ও মুজিবের মধ্যে একটি আপসরফা হয়েছে।[৩১]

এরপর কিছু নাটকীয় ঘটনা ঘটে। ২৩ মার্চ রাতে যুব নেতারা ধানমন্ডির ৩২ নম্বরে যান। রাত তখন ১০টা হবে। বঙ্গবন্ধু স্যান্ডো গেঞ্জি আর লুঙ্গি পরে খাটে শুয়ে আছেন। যুব নেতারা মেঝের ওপর বসলেন। বঙ্গবন্ধু এক হাতের ওপর মাথা ভর দিয়ে কাত হয়ে আধশোয়া অবস্থায় কথা বলতে লাগলেন। যুব নেতারা বললেন, 'স্বাধীনতা ঘোষণা করে দ্যান।' বঙ্গবন্ধু বললেন, 'অনেক ভেবেছি, কোথাও সাপোর্ট নাই। ইন্ডিয়া সাপোর্ট দিতে পারে, না-ও পারে। রাশিয়া দেবে কি না জানি না। আমেরিকা সাপোর্ট দেবে না। চায়না—হুজুরকে (মওলানা ভাসানী) বলেছি, নিগেটিভ।' ঠিক এ সময় সিরাজুল আলম খান উঠে বেরিয়ে গেলেন। ফিরলেন প্রায় ৪০-৪৫ মিনিট পর। বঙ্গবন্ধু মুচকি হেসে সিরাজুল আলম খানকে বললেন, 'অ, তুই বুঝি মোস্তাকের (খন্দকার মোশতাক আহমদ) কাছে গেছিলি?'[৩২] সিরাজুল আলম খান বললেন, 'পাকিস্তানের দুই অংশের জন্য আলাদা মুদ্রার প্রস্তাব দেন।'[৩৩]

চরম সিদ্ধান্ত নেওয়ার ব্যাপারে ছাত্রসমাজের একটি অংশের চাপ ছিল। ছাত্রদের দাবি ছিল গণ-আন্দোলন নিয়ে কোনো আপস চলবে না। কেন্দ্রে ক্ষমতা নেওয়াটা আপস হিসেবে দেখার একটা সুযোগ ছিল। কয়েকজন ছাত্রনেতা শেখ মুজিবের সঙ্গে দেখা করে এ বিষয়টি জোরের সঙ্গে তুলে ধরেছিলেন।[৩৪]

২৩ মার্চ দুপুর পৌনে ১২টায় কামাল হোসেন শেখ মুজিবের পক্ষ থেকে প্রেসিডেন্ট ইয়াহিয়ার উপদেষ্টাদের কাছে একটি খসড়া সংবিধানের প্রস্তাব হস্তান্তর করেছিলেন। ২৬ পৃষ্ঠার টাইপ করা এই প্রস্তাবে একটি ভূমিকা, ১৮টি ধারা এবং অনেক উপধারা ছিল। প্রস্তাবে বলা হয়েছিল, পাকিস্তানের দুই অংশের জন্য দুটি সাংবিধানিক কনভেনশন আয়োজন করা হবে এবং তারা দুই অংশের জন্য দুটি আলাদা সংবিধান রচনা করবে। এটিও জানিয়ে দেওয়া হয়, প্রেসিডেন্ট যেন ৪৮ ঘণ্টার মধ্যে এটি মেনে নেওয়ার ঘোষণা দেন।[৩৫]

২২ মার্চের পর ইয়াহিয়ার সঙ্গে শেখ মুজিবের আর কোনো বৈঠক হয়নি। ২৪ মার্চ সন্ধ্যা ছয়টায় আওয়ামী লীগের আলোচক দল ইয়াহিয়ার উপদেষ্টাদের সঙ্গে আবার বৈঠক করে। ওই বৈঠকে আওয়ামী লীগের পক্ষ থেকে সর্বশেষ যে সংশোধনী প্রস্তাব দেওয়া হয়েছিল তা হলো, দেশের নাম হবে 'কনফেডারেশন অব পাকিস্তান'। ইয়াহিয়ার উপদেষ্টা বিচারপতি কর্নেলিয়াস 'কনফেডারেশন' শব্দটিতে আপত্তি জানিয়ে 'ইউনিয়ন' রাখার প্রস্তাব করেন। কিন্তু আওয়ামী লীগের আলোচক দল এই প্রস্তাবে রাজি হয়নি। খসড়া প্রস্তাবটি কখন চূড়ান্ত করা হবে, আলোচক দলের অন্যতম কামাল হোসেন এটি জানতে চাইলে পীরজাদা বলেন, পরদিন তিনি টেলিফোনে বলবেন। একটি ফোনের জন্য কামাল হোসেন সারা দিন অপেক্ষা করে ছিলেন। ফোনটি আর আসেনি।[৩৬]

আওয়ামী লীগ প্রেসিডেন্টের কাছে ক্ষমতা হস্তান্তরের সুনির্দিষ্ট প্রস্তাব দিয়েছিল। প্রস্তাবে বলা হয়েছিল, যে তারিখে প্রাদেশিক গভর্নর শপথ নেবেন, সেই তারিখ থেকেই প্রদেশ থেকে সামরিক আইন উঠে যাবে এবং এই মর্মে প্রেসিডেন্টের ঘোষণার সাত দিনের মধ্যে সমগ্র পাকিস্তান থেকে সামরিক আইন উঠে যাবে। অন্তর্বর্তী সময়ে ১৯৬২ সালের সংবিধান অনুযায়ী পাকিস্তানের প্রশাসন চলবে। এ সময় জাতীয় পরিষদ কিংবা কোনো রাজ্য পরিষদ (স্টেট অ্যাসেম্বলি) স্থগিত অথবা বাতিল করার ক্ষমতা প্রেসিডেন্টের থাকবে না। প্রেসিডেন্টের এ ঘোষণা অনুযায়ী রাজ্য সরকার (স্টেট গভর্নমেন্ট) ও রাজ্য পরিষদ তাদের কাজ চালাবে। বাংলাদেশ বা তার যেকোনো অংশের জন্য আইন তৈরির ক্ষমতা বাংলাদেশ রাজ্য পরিষদের হাতে থাকবে। বাংলাদেশ হবে 'স্টেট অব বাংলাদেশ'। অন্যদিকে পশ্চিম পাকিস্তান (স্টেট অব ওয়েস্ট

পাকিস্তান) তার জন্য আইন তৈরির ক্ষমতা রাখবে। দেশরক্ষা, বৈদেশিক বাণিজ্য ও বৈদেশিক সাহায্য ছাড়া পররাষ্ট্র বিষয়, আন্তর্জাতিক ও আন্তআঞ্চলিক যোগাযোগ, সুপ্রিম কোর্ট, কেন্দ্রের যাবতীয় সম্পত্তি ইত্যাদি বিষয় জাতীয় পরিষদের আওতাভুক্ত থাকবে।[৩৭]

আওয়ামী লীগের প্রস্তাবিত ঘোষণায় ১৬(১) অনুচ্ছেদে বলা হয়, ঢাকার স্টেট ব্যাংক অব পাকিস্তানের নতুন নাম হবে রিজার্ভ ব্যাংক অব বাংলাদেশ। ১৭ অনুচ্ছেদে বলা হয়, বাংলাদেশ থেকে নির্বাচিত জাতীয় পরিষদের সদস্যরা ১৯৭১ সালের ৯ এপ্রিল ঢাকার পরিষদ ভবনে বিকেল চারটায় অধিবেশনে বসবেন এবং ৪৫ দিনের মধ্যে বাংলাদেশের জন্য একটি সংবিধান তৈরি করবেন। পশ্চিম পাকিস্তানের নির্বাচিত জাতীয় পরিষদের সদস্যরা একই দিনে ইসলামাবাদে স্টেট ব্যাংক ভবনে মিলিত হবেন এবং ৪৫ দিনের মধ্যে পশ্চিম পাকিস্তানের জন্য সংবিধান তৈরি করবেন। বাংলাদেশ ও পশ্চিম পাকিস্তান নিজ নিজ সংবিধান তৈরির পর প্রেসিডেন্ট জাতীয় পরিষদের অধিবেশন ডাকবেন এবং সব সদস্য মিলে সার্বভৌম কনফেডারেশন অব পাকিস্তানের জন্য একটি সংবিধান তৈরি করবেন। প্রেসিডেন্ট সাত দিনের মধ্যে এই সংবিধান অনুমোদন করবেন অথবা সাত দিন পার হয়ে যাওয়ার পর তা অনুমোদিত হয়েছে বলে ধরে নেওয়া হবে। ১৮ অনুচ্ছেদে বলা হয়, এ ঘোষণা কার্যকর করার জন্য প্রেসিডেন্ট ১১ সদস্যের একটি বাস্তবায়ন পরিষদ গঠন করবেন। এই পরিষদে বাংলাদেশ থেকে ছয়জন, পাঞ্জাবের দুজন এবং সিন্ধু, উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ ও বেলুচিস্তানের একজন করে প্রতিনিধি থাকবেন। এ ছাড়া দেশরক্ষাসহ কেন্দ্রীয় সরকারের সব চাকরিতে যত তাড়াতাড়ি সম্ভব পাকিস্তানের সব অঞ্চল থেকে জনসংখ্যার ভিত্তিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।[৩৮]

আওয়ামী লীগের প্রস্তাবে ভুট্টো পাকিস্তান ভেঙে যাওয়ার স্পষ্ট ইঙ্গিত পেয়েছিলেন। তিনি ইয়াহিয়াকে পরামর্শ দেন একটি সংক্ষিপ্ত ও প্রচণ্ড সামরিক ব্যবস্থা গ্রহণের, যা শেখ মুজিব ও তাঁর অনুগামীদের সংবিৎ ফিরিয়ে আনবে।[৩৯]

জনমনে একটি ধারণা ছিল, আলোচনা এগোচ্ছে। কিন্তু ভেতরে ভেতরে ইয়াহিয়া, শেখ মুজিব ও ভুট্টো সবাই জানতেন, পাকিস্তান ভেঙে যাচ্ছে। নানান ঘটনাপ্রবাহে মনে হয়, একটি অনিবার্য পরিণতি ধেয়ে আসছে, কিন্তু মুখে এটি কেউ বলছেন না। সাধারণ মানুষকে অন্ধকারেই রেখে দেওয়া হয়েছিল।

বেলুচিস্তান ন্যাপের সভাপতি ও পশ্চিম পাকিস্তান ন্যাপের সাধারণ সম্পাদক মীর গাউস বখশ বিজেঞ্জো নির্বাচনের আগে নির্বাচন নিয়ে প্রেসিডেন্ট ইয়াহিয়ার সঙ্গে আলাপ করেছিলেন। আলোচনায় পূর্ব পাকিস্তান প্রসঙ্গ উঠতেই ইয়াহিয়া বলেছিলেন :

সুনার অর লেটার, ইস্ট পাকিস্তান উইল হ্যাভ টু বি অ্যাম্পুটেড, অ্যান্ড ইফ অ্যাট অল দ্যাট ইজ টু হেপেন, হোয়াই লেট দেম সাক আওয়ার ব্লাড ফর টু অর থ্রি মোর ইয়ারস (আগে কিংবা পরে পূর্ব পাকিস্তানকে কেটে বাদ দিতেই হবে এবং এটিই যদি ঘটে, তবে ওদের কেন আরও দু-তিন বছর আমাদের রক্ত চোষার সুযোগ দেব)?[৪০]

একাত্তরের মার্চে সংকট যখন বাড়ছে, পশ্চিম পাকিস্তান থেকে জাতীয় ষদের অধিবেশনে যোগ দিতে পিপলস পার্টি ছাড়া অন্যান্য দলের অনেকেই ায় এসেছিলেন। শেখ মুজিবের সঙ্গে যোগাযোগ করে পাকিস্তান ন্যাপের াপতি খান আবদুল ওয়ালি খান ও মীর গাউস বখশ বিজেঞ্জো ১৩ মার্চ ঢাকায় সন। ১৪ মার্চ তাঁরা শেখ মুজিবের সঙ্গে তাঁর ধানমন্ডির বাসায় দেখা করেন। ঞ্জোর বর্ণনা থেকে জানা যায়:

আমরা আশা করছি, আপনি খোলা মনে আপনার পরিকল্পনা আমাদের জানাবেন, কারণ পশ্চিম পাকিস্তানে যারা আপনার রাজনৈতিক ভূমিকা সমর্থন করে, আমরা তাদের অন্যতম। আপনি নির্বাচনে জয়ী হয়েছেন এবং আপনার কাছে ক্ষমতা হস্তান্তর হওয়া উচিত। আপনি যদি একতরফা স্বাধীনতা ঘোষণা করেন, তাহলে বুঝতেই পারছেন আমরা কী দারুণ সমস্যায় পড়ব।

এ কথা শুনে শেখ সাহেব খুব আবেগপ্রবণ হয়ে পড়েন। তাঁর চোখে পানি। তিনি প্রশ্ন করলেন, 'কে কাকে বলছে পাকিস্তান না ভাঙতে? আপনারা যারা

মার্চ ঢাকায় ছাত্রলীগের র্যালি। সামনে পতাকা হাতে ঝিলু শামসুন্নাহার ইকো

কংগ্রেসে ছিলেন (স্বাধীনতার আগে ভারতের জাতীয় কংগ্রেসের সঙ্গে তাঁদের সংশ্লিষ্টতার ইঙ্গিত দিয়ে) আমাকে বলছেন, যে কিনা গোঁড়া মুসলিম লীগার এবং পাকিস্তান প্রতিষ্ঠার জন্য আত্মত্যাগ করেছিলাম? কী নির্মম পরিহাস!'

ওয়ালি খান স্বভাবসুলভ রসিকতা করে শেখকে স্মরণ করিয়ে দিয়ে বলেন, আমরা তখন আপনাকে ভারত ভেঙে পাকিস্তান না বানানোর অনুরোধ করেছিলাম, কিন্তু আপনি পাকিস্তান বানালেন। এখন আমরা হাতজোড় করে ভিক্ষা চাইছি, পাকিস্তান ভাঙবেন না। কিন্তু আপনি বলছেন যে আপনি পাকিস্তান ভাঙবেন। আপনারা—অতীতের ও বর্তমানের সব মুসলিম লীগার—আসলেই একটি বিশেষ প্রজাতি।...

শেখ মুজিব বললেন, 'আমি আপনাদের বলতে চাই, তারা (ইয়াহিয়া গং) আমার কাছে ক্ষমতা হস্তান্তর করবে না, যদি এতে পাকিস্তান ভেঙেও যায়। পাঞ্জাব আমাদের ক্ষমতায় আসতে দেবে না।'[৪১]

প্রেসিডেন্ট ইয়াহিয়ার সঙ্গে দেখা করে বিজেঞ্জো পাকিস্তানের দুই অংশের জন্য শেখ মুজিবের প্রস্তাব অনুযায়ী দুই সংবিধানের প্রসঙ্গ তুলতে গেলে ইয়াহিয়া বলেছিলেন, 'আপনার বন্ধু মুজিব যদি পথে না আসে, আমার সেনাবাহিনী জানে কীভাবে পথ বের করে নিতে হয়।' ওয়ালি খান ও বিজেঞ্জো ২৪ মার্চ শেষবারের মতো দেখা করতে গেলে শেখ মুজিব তাঁদের বলেছিলেন, 'ভালো হয় যদি আপনারা দুজন ঢাকা ছেড়ে চলে যান। সেনাবাহিনী দুদিনের মধ্যেই আমাদের আক্রমণ করার সিদ্ধান্ত নিয়েছে।'[৪২]

ছাত্রলীগ ২৩ মার্চকে পতাকা দিবস ঘোষণা করে এবং সবাইকে ওই দিন বাংলাদেশের পতাকা উত্তোলনের আহ্বান জানায়। ছাত্রলীগের একটি র‍্যালি সকালে পল্টন ময়দানে অনুষ্ঠিত হয়। র‍্যালিটি শেষ পর্যন্ত ধানমন্ডিতে শেখ মুজিবের বাড়িতে যায় এবং ওই বাড়িতে বাংলাদেশের পতাকা উত্তোলন করে। ওই দিন ব্রিটিশ ও সোভিয়েত দূতাবাসেও বাংলাদেশের পতাকা তোলা হয়। ইরান, ইন্দোনেশিয়া ও নেপাল দূতাবাসে পাকিস্তানি পতাকা উত্তোলন করা হয়। চীনা দূতাবাসে পাকিস্তানি পতাকা তোলার সময় একদল ছাত্র জোর করে বাংলাদেশের পতাকা উত্তোলন করে। মার্কিন দূতাবাস বন্ধ ছিল। মার্কিন কনসাল জেনারেলের বাসায় একদল ছাত্র বাংলাদেশের পতাকা তুলতে গেলে আপত্তির মুখে তারা ব্যর্থ হয়ে ফিরে যায়।[৪৩]

২৩ মার্চ ছিল পাকিস্তানের 'প্রজাতন্ত্র দিবস'। ২৩ মার্চ অনুষ্ঠান শেষে যাতে পাকিস্তানের জাতীয় সংগীত বাজানো ও জাতীয় পতাকা দেখাতে না হয়, সে জন্য ঢাকা টেলিভিশনের বাঙালি কর্মীরা ইচ্ছাকৃতভাবে তাঁদের কর্মসূচি প্রলম্বিত করে রাত ১২টার পরে নিয়ে যান।

THE PAKISTAN OBSERVER
Interim arrangement may be announced Mar. 25

Martial Law likely to go

Resistance Day

No question of compromise on our principle

Coup in Argentina

Frontier and Baluch leaders suspicious

Leaders call on Mujib

সমঝোতার পূর্বাভাস পাওয়া যায় ২৫ মার্চের পত্রিকায়

ইয়াহিয়া ২৪ মার্চ টিক্কা খান ও ফরমান আলীকে ডেকে অপারেশন সার্চলাইট চূড়ান্ত করার নির্দেশ দেন। ইয়াহিয়ার বক্তব্য ছিল, 'দেশকে অখণ্ড রাখার জন্য কয়েক হাজার মানুষ মারতে হলেও এটি খুব বড় একটি মূল্য নয়।'[৪৪]

২৫ মার্চ শেখ মুজিব এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে কিছু এলাকায় জনতার ওপর সেনাবাহিনীর হামলার প্রতিবাদে ২৭ মার্চ হরতাল ডাকেন।[৪৫] এটিই ছিল ২৫ মার্চ কালরাতের আগে শেখ মুজিব বা আওয়ামী লীগের শেষ কর্মসূচি।

পাকিস্তানি সেনারা যে আক্রমণ চালাবে, শেখ মুজিব তা বুঝতে পেরেছিলেন। অধ্যাপক রেহমান সোবহানের বিবরণ থেকে এটি স্পষ্ট। বামপন্থী লেখক তারিক আলীর বাবা মাজহার আলী খান রেহমান সোবহান সম্পাদিত সাপ্তাহিক *ফোরাম*-এ কলাম লিখতেন। মাজহার একসময় *পাকিস্তান টাইমস*-এর সম্পাদক ছিলেন এবং ওই সময় থেকেই শেখ মুজিব তাঁকে চিনতেন। ২৫ মার্চ শেষ বিকেলে মাজহার আলী খানকে নিয়ে রেহমান সোবহান শেখ মুজিবের সঙ্গে দেখা করতে যান। এই সাক্ষাতের বর্ণনা দিয়েছেন রেহমান সোবহান :

> বঙ্গবন্ধু আমাদের জানালেন যে সেনাবাহিনী সিদ্ধান্ত নিয়ে ফেলেছে, তারা কঠোর ব্যবস্থা নেবে।...'ইয়াহিয়া মনে করেছে যে আমাকে হত্যা করলেই সে আন্দোলন ধ্বংস করে দিতে পারবে। কিন্তু সে ভুল করছে। আমার কবরের ওপর স্বাধীন বাংলাদেশ সৃষ্টি হবে।' বঙ্গবন্ধুর আচরণে তাঁকে বরং অদৃষ্টবাদী মনে হচ্ছিল, কারণ তিনি যেন তাঁর সম্ভাব্য অকালমৃত্যুকে মেনেই নিয়েছেন। তিনি আশাবাদ ব্যক্ত করে বললেন যে নতুন প্রজন্ম এই স্বাধীনতাসংগ্রামকে এগিয়ে নেবে।...[৪৬]

> এর আগে ২১ তারিখ আওয়ামী লীগারদের সঙ্গে আমাদের একটি মিটিং হয়েছিল। ওখানে হান্নান ভাই ছিলেন।
>
> এটা তো ভালো করছেন, ঘোষণা দিয়ে দিছেন। দরকার ছিল। একটাই তো সমস্যা। বঙ্গবন্ধুর নাম নাই। বঙ্গবন্ধু কথাটি আমরা চাই।

হ্যাঁ হান্নান ভাই, কী করতে হবে বলেন।

আমাদের কাছে অবভিয়াসলি লিডার ওয়াজ শেখ মুজিবুর রহমান। অস্বীকার করার কোনো সুযোগ নাই।

এখানে বঙ্গবন্ধুর নাম আনতে হবে, এই মুক্তিযুদ্ধ বঙ্গবন্ধুর নেতৃত্বে পরিচালিত হচ্ছে। দিস ওয়ার অব লিবারেশন ইজ ফট আন্ডার দ্য গাইডেন্স অব বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

হান্নান ভাই, আমি লিখে নিলাম বিষয়টি। জিয়াউর রহমানকে না বলে তো আমি এটা পড়তে পারি না। দিস ইস হিজ ডিক্লারেশন। কথা বলব। আপনারাও তাঁর সঙ্গে কথা বলেন। অ্যান্ড হোয়াই নট, এটা হবে না কেন?

ওই রাতে আই মেট হিম এগেইন ইন পটিয়া। অনেক রাতে, এগারোটার পরে। আমি বললাম, স্যার, দিস ইজ দ্য সাজেশান ফ্রম আওয়ামী লীগ সাইড। বললেন, 'পারফেক্টলি অল রাইট। উই হ্যাভ টু ইউজ হিজ নেম।'[২৫]

২৯ মার্চ সমশের ও হারুনকে জিয়া চকবাজারে যুদ্ধ করতে পাঠান। ওই দিনই আওয়ামী লীগ নেতাদের সঙ্গে জিয়ার বৈঠক হয়। নেতাদের মধ্যে ছিলেন জহুর আহমদ চৌধুরী, এম আর সিদ্দিকী ও আতাউর রহমান কায়সার। স্বাধীনতার ঘোষণাটি 'রিকাস্ট' করা হয়। ৩০ তারিখ বেলা ১১টায় কালুরঘাট বেতার সম্প্রচার কেন্দ্র থেকে পরিমার্জিত ঘোষণাটি পাঠ করেন জিয়া, 'অন বিহাফ অব আওয়ার গ্রেট লিডার শেখ মুজিবুর রহমান... ।'[২৬]

জিয়াউর রহমানের স্বাধীনতার ঘোষণা পাঠের একটি ঐতিহাসিক মূল্য আছে। জিয়া এ জন্য প্রস্তুত ছিলেন না। পুরো ব্যাপারটিই ছিল আকস্মিক। ঘোষণার খসড়াটি জিয়া লিখেছিলেন ইংরেজিতে। কীভাবে লিখেছিলেন? জিয়ার সাক্ষাৎকারের ভিত্তিতে লেখা একটি প্রবন্ধে লেখক মনজুর আহমেদ তুলে ধরেছেন এ খসড়ার ইতিবৃত্ত। লেখাটি ১৯৭২ সালের ২৬ মার্চ *দৈনিক বাংলায়* ছাপা হয় :

এই বিরাট শক্তির (পাকিস্তানি বাহিনী) মোকাবিলায় বেশিক্ষণ টিকে থাকা সম্ভব হবে না এ কথা বাঙালি সেনারা বুঝেছিলেন। তাই শহর ছেড়ে যাওয়ার আগেই বিশ্ববাসীর কাছে কথা জানিয়ে যাওয়ার জন্য মেজর জিয়া ২৭ মার্চ সন্ধ্যায় চট্টগ্রাম বেতার কেন্দ্রে যান। বেতার কেন্দ্রের কর্মীরা মেজর জিয়াকে পেয়ে উৎফুল্ল হয়ে ওঠেন।

কিন্তু কী বলবেন তিনি? একটি করে বিবৃতি লেখেন আবার তা ছিঁড়ে ফেলেন। কী জানাবেন তিনি বিশ্ববাসী ও দেশবাসীকে বেতার মারফত? এদিকে বেতারকর্মীরা বারবার ঘোষণা করছিলেন আর পনেরো মিনিটের মধ্যে মেজর জিয়া ঘোষণা দেবেন। কিন্তু পনেরো মিনিট পার হয়ে গেল। মেজর জিয়া মাত্র তিন লাইন লিখতে পেরেছেন, তখন তাঁর মানসিক অবস্থা বোঝবার

নয়। বিবৃতি লেখায় ঝুঁকিও ছিল অনেক। ভাবতে হচ্ছিল শব্দচয়ন, বক্তব্য পেশ প্রভৃতি নিয়ে।

প্রায় দেড় ঘণ্টা মুসাবিদার পর তিনি তৈরি করেন তাঁর সেই ঐতিহাসিক ঘোষণাটি। নিজেই সেটা বাংলা ও ইংরেজিতে পাঠ করেন।...

৩০ মার্চ সকালে মেজর জিয়া স্বাধীন বাংলা বেতার কেন্দ্র (চট্টগ্রাম বেতার কেন্দ্র) থেকে আরেক ঐতিহাসিক ভাষণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্বাধীন বাংলাদেশের রাষ্ট্রপ্রধান ও সেনাবাহিনীর সর্বোচ্চ কমান্ডার হিসেবে ঘোষণা করেন।

এই দিনই দুটি পাকিস্তানি বিমান থেকে গোলাবর্ষণ করে বেতার কেন্দ্রটিকে ধ্বংস করে দেওয়া হয়।[২৭]

জিয়া রেডিওতে তাঁর প্রথম ঘোষণায় নিজেকে 'রাষ্ট্রপ্রধান' বলে উল্লেখ করেছিলেন। এ প্রসঙ্গে মন্তব্য করতে গিয়ে মেজর রফিকুল ইসলাম বলেন, 'এটি সম্ভবত সে সময়ের উত্তেজনাকর মানসিক অবস্থায় অসাবধানতার কারণেই হয়েছিল এবং এটি একটি অনিচ্ছাকৃত ভুল।'[২৮]

জিয়ার স্বাধীনতার ঘোষণা পাঠ সম্পর্কে আওয়ামী লীগের দৃষ্টিভঙ্গি ছিল ইতিবাচক। ১৯৭২ সালের এপ্রিলে ঢাকায় অনুষ্ঠিত আওয়ামী লীগের দ্বিবার্ষিক কাউন্সিল সভায় সাধারণ সম্পাদক তাজউদ্দীন আহমদের রিপোর্টে বলা হয়:

আওয়ামী লীগ নেতৃবৃন্দের পরামর্শক্রমে চট্টগ্রামে সশস্ত্র সংগ্রামে রত মেজর জিয়াউর রহমান বেতার মারফত বঙ্গবন্ধুর পক্ষ থেকে স্বাধীনতার ঘোষণা প্রচার করেন এবং বাংলাদেশে গণহত্যা রোধ করতে সারা পৃথিবীর সাহায্য কামনা করেন। বঙ্গবন্ধুর স্বাধীনতা ঘোষণার কথা জানতে পেরে বাংলার মানুষ এক দুর্জয় প্রতিরোধ আন্দোলন গড়ে তুলল।[২৯]

১৯৭২ সালের ৪ নভেম্বর বাংলাদেশের গণপরিষদে গৃহীত সংবিধানের প্রস্তাবনার প্রথম বাক্যটিই হলো: 'আমরা বাংলাদেশের জনগণ, ১৯৭১ খ্রিষ্টাব্দের মার্চ মাসের ২৬ তারিখে স্বাধীনতা ঘোষণা করিয়া জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রামের মাধ্যমে স্বাধীন ও সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ প্রতিষ্ঠিত করিয়াছি...।'[৩০] সংবিধানের এই বাক্যটির অর্থ ও তাৎপর্য খুবই পরিষ্কার।

পল্টন ময়দানে জনসভায় মওলানা ভাসানী থেকে শুরু করে অনেকেই স্বাধীনতা ঘোষণা করেছেন। তথ্য হিসেবে এগুলোর ঐতিহাসিক মূল্য আছে। কিন্তু তাঁদের ঘোষণা শুনে তো বাঙালির প্রতিরোধযুদ্ধ শুরু হয়নি। জনগণের নেতা ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব। সত্তরের নির্বাচনে তিনি জনগণের ম্যান্ডেট পেয়েছিলেন। জনগণের পক্ষে পাকিস্তানি কর্তৃপক্ষের সঙ্গে দর-কষাকষি কিংবা স্বাধীনতা ঘোষণা করার বৈধ অধিকার ছিল তাঁরই। আওয়ামী লীগ নেতৃত্ব,

বিশেষ করে তাজউদ্দীন আহমদ এটি ভালোই জানতেন। দিল্লিতে তিনি নিজেকে শেখ মুজিবের বৈধ প্রতিনিধি হিসেবেই উপস্থাপন করেছিলেন এবং বলেছিলেন যে শেখ মুজিব স্বয়ং স্বাধীনতা ঘোষণা করেছেন। বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী হিসেবে ১১ এপ্রিল স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত তাঁর প্রথম ভাষণে তিনি স্বাধীনতার ঘোষক হিসেবে বাঙালির অবিসংবাদী নেতা শেখ মুজিবের নাম উল্লেখ করে রাজনৈতিক ও কূটনৈতিক দূরদর্শিতার পরিচয় দেন। একই সঙ্গে বাস্তব ঘটনাবলির প্রতিফলন ছিল তাঁর বেতার ভাষণে। বাংলাদেশের জনগণের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন :

> ২৫ মার্চ মাঝরাতে ইয়াহিয়া খান তাঁর রক্তলোলুপ সাঁজোয়া বাহিনীকে বাংলাদেশের নিরস্ত্র মানুষের ওপর লেলিয়ে দিয়ে যে নরহত্যাযজ্ঞের শুরু করেন, তা প্রতিরোধ করার আহ্বান জানিয়ে আমাদের প্রিয় নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন।...
>
> হাজার হাজার মানুষ আজকের এই স্বাধীনতাসংগ্রামে যোগ দিয়েছেন। বেঙ্গল রেজিমেন্ট ও ইপিআরের বীর বাঙালি যোদ্ধারা এই স্বাধীনতাসংগ্রামের যে যুদ্ধ তার পুরোভাগে রয়েছেন এবং তাঁদের কেন্দ্র করে পুলিশ, আনসার, মোজাহিদ, আওয়ামী লীগ, স্বেচ্ছাসেবক বাহিনী, ছাত্র, শ্রমিক ও অন্য হাজার হাজার সংগ্রামী মানুষ এই যুদ্ধে যোগ দিয়েছেন।...
>
> প্রতিদিন আমাদের মুক্তিবাহিনীর শক্তি বেড়ে চলেছে। একদিকে যেমন হাজার হাজার মানুষ মুক্তিবাহিনীতে যোগ দিচ্ছে, তেমনি শত্রুর আত্মসমর্পণের সংখ্যা দিন দিন বেড়ে চলেছে। আর একই সঙ্গে আমাদের নিয়ন্ত্রণে আসছে শত্রুর কেড়ে নেওয়া হাতিয়ার। এই প্রাথমিক বিজয়ের সঙ্গে মেজর জিয়াউর রহমান একটি পরিচালনা কেন্দ্র গড়ে তোলেন এবং সেখান থেকে আপনারা শুনতে পান বাংলাদেশের স্বাধীনতার প্রথম ঘোষণা। এখানেই প্রথম স্বাধীন বাংলাদেশ সরকার গঠনের কথা ঘোষণা করা হয়।[৩১]

তাজউদ্দীন তাঁর বেতার ভাষণে মেজর খালেদ মোশাররফ, মেজর জিয়াউর রহমান, মেজর সফিউল্লাহ, মেজর আবু ওসমান, মেজর আহমদ, মেজর নওয়াজেশ ও মেজর নাজমুল হকের নাম উল্লেখ করে বলেন, তাঁরা বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে প্রতিরোধযুদ্ধে নেতৃত্ব দিচ্ছেন। তাজউদ্দীনের এই ঘোষণা অবরুদ্ধ বাংলাদেশের কোটি কোটি মানুষের মনে আশা জাগিয়েছিল, তাদের সাহস জুগিয়েছিল। একই সঙ্গে বিশ্ববাসীকে জানান দিয়েছিল যে বাংলাদেশে একটি বৈধ সরকার প্রতিষ্ঠিত হয়েছে এবং এই সরকার 'বিদেশি বন্ধুরাষ্ট্রগুলো'র কাছে শর্তহীন সমর্থন, সহানুভূতি ও অস্ত্র সাহায্য চাইছে।[৩২]

১৫ মার্চের মধ্যে এটি পরিষ্কার হয়ে গিয়েছিল যে বাংলাদেশের প্রশাসনিক নিয়ন্ত্রণ পুরোপুরি শেখ মুজিবের হাতে। ২৫ মার্চের মধ্যে বাংলাদেশ মানুষের

হৃদয়ে একটি সার্বভৌম রাষ্ট্র হিসেবে জায়গা করে নিয়েছিল। স্বাধীনতার আনুষ্ঠানিক ঘোষণা ছিল শুধুই একটি আইনি ব্যাপার। স্বাধীনতার ঘোষণা নিয়ে পরবর্তীকালে যে বিতর্ক হয়েছে, তা নিতান্তই অপ্রাসঙ্গিক। কে ঘোষণা দিয়েছিলেন, তার চেয়ে বড় সত্য হলো একাত্তরের মার্চে বাংলাদেশ একটি স্বতন্ত্র সত্তা নিয়ে দাঁড়িয়ে গিয়েছিল। শেখ মুজিবের পেছনে জনগণের ম্যান্ডেট ছিল এবং স্বাধীনতা ঘোষণার বৈধ অধিকার ছিল একমাত্র তাঁরই। অন্য কেউ এই ঘোষণা দিয়ে থাকলে ধরে নিতে হবে এটি শেখ মুজিবের নামেই দেওয়া হয়েছে। বিশ্ববাসীর চোখে শেখ মুজিবই ছিলেন বাংলাদেশের নাগরিকদের বৈধ প্রতিনিধি এবং নেতা।[৩৩]

১০ এপ্রিলের স্বাধীনতার ঘোষণাপত্রে শেখ মুজিব কর্তৃক স্বাধীনতা ঘোষণার কথা উল্লেখ করা হয়েছে। ঘোষণাপত্রটি ১৭ এপ্রিল মুজিবনগরে পাঠ করা হয়। ঘোষণাপত্রের এক জায়গায় বলা হয় :

> ...বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের জনগণের আত্মনিয়ন্ত্রণের আইনানুগ অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৭১ সালের ২৬ মার্চ তারিখে ঢাকায় যথাযথভাবে স্বাধীনতার ঘোষণা প্রদান করেন...।[৩৪]

স্বাধীনতার ঘোষণা প্রসঙ্গে শেখ মুজিব অবশ্য তাঁর ৭ মার্চের (১৯৭১) ভাষণটিকেই ইঙ্গিত করে থাকেন। ২৫ মার্চ রাতে তাঁর নামে কোনো আনুষ্ঠানিক ঘোষণা দেওয়া হয়েছিল, এটা তিনি কখনো বলেছিলেন কি না, তা তিনি পরে আর উল্লেখ করেননি। ১৯৭৪ সালের ১৮ জানুয়ারি আওয়ামী লীগের কাউন্সিল সভায় দেওয়া উদ্বোধনী ভাষণে তিনি বলেছিলেন :

> ...স্বাধীনতার ইতিহাস কোনো দিন মিথ্যা করতে নাই। আমার সহকর্মীরা যারা এখানে ছিল তারা সবাই জানত যে ২৫ তারিখ রাতে কী ঘটবে। তাদের বলেছিলাম, আমি মরি আর বাঁচি সংগ্রাম চালিয়ে যেয়ো। বাংলার মানুষকে মুক্ত করতে হবে। ৭ মার্চ কি স্বাধীনতাসংগ্রামের কথা বলা বাকি ছিল? প্রকৃতপক্ষে ৭ মার্চই স্বাধীনতা ঘোষণা করা হয়েছিল। সেদিন পরিষ্কার বলা হয়েছিল এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম—এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম।[৩৫]

স্বাধীনতা ঘোষণা নিয়ে কেন এই বিতর্ক—এই প্রশ্ন উঠেছে স্বাভাবিকভাবেই। বঙ্গবন্ধু যত দিন বেঁচে ছিলেন, তত দিন এ নিয়ে কেউ বিতর্ক করেনি। এ নিয়ে প্রশ্ন থাকলেও ঝগড়া ছিল না। পরবর্তী সময়ে একটি গোষ্ঠী জিয়াউর রহমানকে 'স্বাধীনতার ঘোষক' হিসেবে প্রচার করে স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবের ভূমিকাকে খাটো করে দেখাতে চেয়েছে। এতে জিয়া বড় হননি, শেখ মুজিবও ছোট হননি। রাজনৈতিক বিভাজনের কারণে প্রতিপক্ষ দলের নেতাকে

ছোট করে দেখানোর মধ্যে অনেকেই বিকৃত আনন্দ পান। ইতিহাসে যার যার ভূমিকা নির্ধারিত হয়ে আছে এবং যার যার প্রাপ্য মর্যাদা একদিন না একদিন দিতেই হয়।

রেডিওতে জিয়ার ঘোষণা ওই সময় মানুষকে উৎসাহ জুগিয়েছিল। ঘোষণাটি দিয়ে তিনি কোনো অপরাধ করেননি, সাহসের কাজই করেছেন। ঘোষণার শব্দচয়ন নিয়ে যে বিভ্রান্তি বা ভুল-বোঝাবুঝি হয়েছিল, আওয়ামী লীগ নেতাদের পরামর্শে জিয়া তাঁর ঘোষণার পরিমার্জন করে বিভ্রান্তি দূর করেছিলেন। এটিও অস্বীকার করার উপায় নেই যে জিয়ার ঘোষণা শুনে মুক্তিযুদ্ধ শুরু হয়নি। একটি দীর্ঘস্থায়ী রাজনৈতিক সংগ্রামের চূড়ান্ত পর্বে মুক্তিযুদ্ধের সশস্ত্র প্রতিরোধ পর্বটি শুরু হয়েছিল ২৫ মার্চ রাতেই। অবশ্য পুরো একটি ব্যাটালিয়ন নিয়ে প্রথম বিদ্রোহ করার কৃতিত্ব জিয়াউর রহমানকে দিতে হবে। তিনি বিদ্রোহ করেছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবের প্রতি আনুগত্য প্রকাশ করে, শপথ নিয়েছিলেন জয় বাংলা স্লোগান উচ্চারণ করে। এটি ইতিহাসের সত্য কথা।

জঙ্গনামা

২৫ মার্চ মধ্যরাতে বাংলাদেশে পাকিস্তান সেনাবাহিনী গণহত্যা শুরু করে। আক্রমণের প্রথম লক্ষ্য ছিল ঢাকা বিশ্ববিদ্যালয়, পিলখানায় অবস্থিত ইপিআর হেডকোয়ার্টার ও রাজারবাগ পুলিশ লাইনস। অতর্কিত আক্রমণে ইপিআর ও পুলিশ বাহিনীর বাঙালি সদস্যরা খুব বেশিক্ষণ প্রতিরোধ করতে পারেননি। হতাহত হন অনেকেই। তবে কেউ কেউ পালিয়ে যেতে সক্ষম হন। পাকিস্তান সেনাবাহিনী এরপর বেসামরিক এলাকাগুলোয় আক্রমণ শুরু করে।

২৬ মার্চ শুরু হয় হাজার হাজার ছিন্নমূল মানুষের পদযাত্রা। তাঁরা সবাই শহর ছেড়ে যাচ্ছেন। অনেকের ঠিকানা নিজ নিজ গ্রামে। যাঁদের আর কোনো ঠিকানা নেই, তাঁরা ক্রমাগত হাঁটছেন সীমান্তের দিকে। নারী-পুরুষ-যুবা-বৃদ্ধ-শিশু সবাই ছুটছেন প্রাণ হাতে নিয়ে। পেছনে পড়ে আছে অগুনতি লাশ, আগুনে পুড়ে যাওয়া ঘরবাড়ি। ধ্বংস হয়ে যাওয়া জনপদগুলো মধ্যযুগের কবি ভারতচন্দ্রের মানসিংহ-ভবানন্দ উপাখ্যানের কয়েকটি লাইন মনে করিয়ে দেয় :

> ...আইল বিস্তর সৈন্য বিকৃতি আকৃতি।
> লুঠি বাঙ্গালার লোকে করিল কাঙ্গাল
> গঙ্গাপার হৈল বান্ধি নৌকার জাঙ্গাল।
> কাটিল বিস্তর লোক গ্রাম গ্রাম পুড়ি
> লুঠিয়া লইল ধন ঝিউড়ী বহুড়ী।[১]

বঙ্গবন্ধু শেখ মুজিব গ্রেপ্তার হওয়ার পর তাঁর স্ত্রী বেগম ফজিলাতুন্নেছা সন্তানদের নিয়ে পাশের মোশাররফ হোসেনের (সরকারি কর্মকর্তা, পরে বিএনপির সংসদ সদস্য) বাসায় আশ্রয় নিয়েছিলেন। পরে তাঁরা শেখ মুজিবের বন্ধু পূর্ব পাকিস্তান শিপিং করপোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ক্যাপ্টেন কিউ বি এম রহমান বাশারের ধানমন্ডির ১৫ নম্বর সড়কের ফ্ল্যাটে আশ্রয় নেন। সেখান থেকে তাঁরা খিলগাঁওয়ের একটি বাসায় যান। কয়েক দিন পর তাঁরা মগবাজার চৌরাস্তার কাছে একটি বাসায় ওঠেন।[২]

ইত্তেফাক-এর প্রয়াত সম্পাদক মানিক মিয়ার পরিবারের সঙ্গে মুজিব পরিবারের ঘনিষ্ঠতা ছিল। জাতীয় নিরাপত্তা সেলের প্রধান মেজর জেনারেল গোলাম উমর বেগম মুজিবের সঙ্গে দেখা করার জন্য মানিক মিয়ার ছেলে আনোয়ার হোসেন মঞ্জুর শরণাপন্ন হন। সামরিক কর্তৃপক্ষের সঙ্গে মঞ্জুর আগেই যোগাযোগ হয়েছিল। ২৫ মার্চ রাতে রামকৃষ্ণ মিশন রোডে *ইত্তেফাক* পত্রিকার ভবন পুড়িয়ে দেওয়া হয়েছিল। যুক্তরাষ্ট্রের কনস্যুলেট অফিসের এক কর্মকর্তাকে মঞ্জু বলেছিলেন, *ইত্তেফাক* অফিস পোড়ানো ছিল অনিচ্ছাকৃত এবং এ জন্য ক্ষমা চেয়ে সামরিক কর্তৃপক্ষ একটি লিখিত বিবৃতি দিয়েছিল। *ইত্তেফাক*-এ জার্মানি থেকে সদ্য আনা নতুন ছাপার মেশিন বসানো হয়েছিল। এগুলো বিমা করা ছিল। মঞ্জু বিমা কোম্পানির কাছ থেকে পুরো টাকাটাই পেয়ে যান। একটি ধার করা পুরোনো ছাপাখানা থেকে তিনি দৈনিক সাড়ে সাত হাজার কপি পত্রিকা ছাপাতে থাকেন। এর ৭৫ শতাংশই সামরিক কর্তৃপক্ষ নিয়ে নিত। কনস্যুলেট জেনারেল আর্চার ব্লাডের বিবরণে এসব তথ্য উঠে এসেছে।[৩]

মঞ্জুর বাসায় বেগম মুজিবের সঙ্গে জেনারেল উমরের সাক্ষাতের ব্যবস্থা করা হয়। মঞ্জু দোভাষীর দায়িত্ব পালন করেন। উমর বেগম মুজিবকে বলেন, তাঁরা এখন যেখানে আছেন, তাতে কর্তৃপক্ষ খুশি নয়। কেননা এটি মোটেও নিরাপদ নয়। বিহারিদের বিক্ষোভ চলছে। কর্তৃপক্ষ চায়, তিনি যেন তাঁর নিজের বাড়িতে অথবা ধানমন্ডি কিংবা গুলশানে তাঁর পছন্দের কোনো একটি বাড়িতে থাকেন; বেগম মুজিবের ইচ্ছা অনুযায়ী তাঁর পরিবারের নিরাপত্তার জন্য সেনা, সাদাপোশাকের নিরাপত্তারক্ষী অথবা পুলিশ দিয়ে পাহারার ব্যবস্থা করা হবে। বেগম মুজিব ধানমন্ডির ১৮ নম্বর সড়কের একটি বাড়িতে সেনা পাহারায় থাকার প্রস্তাব মেনে নেন। উমর তখন এর খরচ বহনের প্রস্তাব দিলে বেগম মুজিব তা নিতে অস্বীকার করেন। তিনি বলেন, ব্যাংকে তাঁদের টাকা আছে, কিন্তু শেখ মুজিবকে চেক সই করতে হবে। পরে তিনি মুজিবের সই করা চেক পান। এর মধ্য দিয়ে তিনি নিশ্চিত হন যে মুজিব বেঁচে আছেন।[৪]

সামরিক বাহিনীর লোকেরা বেগম মুজিব ও তাঁর পরিবারের সদস্যদের ১২ মে ধানমন্ডির ১৮ নম্বর সড়কের (পরবর্তী সময়ে ৯-এ) ২৬ নম্বর বাড়িতে নিয়ে আসে।[৫] মুজিববিরোধীরা পরে প্রচার করেছিল যে সামরিক কর্তৃপক্ষের টাকায় তাঁরা ভাড়া বাড়িতে থাকতেন। আর্চার ব্লাডের ভাষ্যে জানা যায় যে এই প্রচার ছিল অসত্য।

২৭ মার্চ ভারতের রাজ্যসভায় 'পূর্ব বাংলার' সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। 'স্বতন্ত্র পার্টি' শেখ মুজিবুর রহমানের সমাজতন্ত্রের কর্মসূচির প্রশংসা করে। 'জনসংঘ' শেখ মুজিবের 'সেক্যুলার নীতি' সমর্থন করে বলে, পূর্ব

বাংলার মানুষ তাদের ভাই। প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী বলেন, 'আমরা এ বিষয়ে আগ্রহী, কেননা আমরা গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও সমাজতন্ত্রের যে মূল্যবোধে বিশ্বাস করি, শ্রী মুজিবুর রহমানও তার পক্ষে। মানুষ তাঁর পেছনে এবং এই মূল্যবোধের পক্ষে দাঁড়িয়েছে, এটি দেখে আমরা অভিভূত। সম্মানিত সদস্যদের কাছে আবেদন, এই মুহূর্তে এর চেয়ে বেশি কিছু বলা সম্ভব নয়।'[৬]

ভারতের পার্লামেন্টের উভয় কক্ষে (রাজ্যসভা ও লোকসভা) ৩১ মার্চ সর্বসম্মতিক্রমে 'পূর্ব বাংলাসম্পর্কিত একটি প্রস্তাব' পাস হয়। প্রস্তাবের শেষ অংশে বলা হয়, 'পূর্ব বাংলায় সাড়ে সাত কোটি মানুষের অভ্যুত্থান সফল হবে। এই সভা আশা করে এবং নিশ্চয়তা দিচ্ছে যে তাদের লড়াই ও ত্যাগ ভারতের জনগণের সর্বাত্মক সহানুভূতি ও সমর্থন পাবে।'[৭]

৩০ মার্চ তাজউদ্দীন আহমদ আমীর-উল-ইসলামকে সঙ্গে নিয়ে কুষ্টিয়া সীমান্ত দিয়ে ভারতে প্রবেশ করেন। ভারতের বিএসএফের পশ্চিমবঙ্গের ইন্সপেক্টর জেনারেল গোলক মজুমদারের সহায়তায় তিনি একটি কার্গো বিমানে করে ১ এপ্রিল দিল্লি রওনা হন।

অধ্যাপক রেহমান সোবহান ও অধ্যাপক আনিসুর রহমান ১ এপ্রিল ত্রিপুরার মুখ্যমন্ত্রীর সঙ্গে আগরতলা থেকে দিল্লিতে পৌঁছান। তাঁরা 'ত্রিপুরা রাষ্ট্রীয় অতিথি ভবনে' ওঠেন। রেহমান সোবহান দিল্লি স্কুল অব ইকোনমিকসের অধ্যাপক অমর্ত্য সেনের বাসার ফোন নম্বর জোগাড় করেন। অমর্ত্য সেন আর সোবহান কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ে একসঙ্গে পড়েছেন। পরে সোবহান ও আনিসুর রহমান অমর্ত্য সেনের বাসায় যান। পরদিন ২ এপ্রিল অমর্ত্য সেন তাঁদের নিয়ে ভারত সরকারের অর্থনৈতিক উপদেষ্টা অশোক মিত্রের (পরে পশ্চিমবঙ্গ বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী) লোদি রোডের বাসায় যান। অশোক মিত্র ফোন করে প্রধানমন্ত্রীর সচিব অধ্যাপক পৃথ্বিনাথ ধরকে খবর দেন। সোবহান ও আনিসুর পি এন ধরকে বাংলাদেশের পরিস্থিতি এবং গণহত্যা সম্পর্কে বিস্তারিত জানান। ধরের মনে হলো বিষয়টি সর্বোচ্চ পর্যায়ে জানানো দরকার। সন্ধ্যায় অশোক মিত্র তাঁদের দুজনকে নিয়ে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব পরমেশ্বর নারায়ণ হাকসারের কাছে যান এবং হাকসারকে সব খুলে বলেন।[৮]

ওই সময় তাজউদ্দীন আহমদ ও আমীর-উল-ইসলাম দিল্লিতে আছেন, হাকসার এটি শুনেছিলেন। কিন্তু তাজউদ্দীন সম্পর্কে তিনি বিশেষ কিছু জানতেন না। রেহমান সোবহান হাকসারকে জানালেন যে তাজউদ্দীন বঙ্গবন্ধুর খুবই আস্থাভাজন ব্যক্তি। ভারতীয়দের মনে প্রশ্ন ছিল বঙ্গবন্ধুর অনুপস্থিতিতে কে নেতৃত্ব দেবেন। তাদের এটি বুঝতে দুদিন লেগেছিল। ৩ এপ্রিল সকালে রেহমান সোবহানের সঙ্গে তাজউদ্দীনের দেখা হয়। ওই রাতেই তাজউদ্দীনের সঙ্গে

প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সাক্ষাতের ব্যবস্থা করা হয়। তাজউদ্দীন ইন্দিরা গান্ধীর কাছে কী পরিচয়ে নিজেকে উপস্থাপন করবেন, এটি নিয়ে কথাবার্তা হয়। রেহমান সোবহান ও আমীর-উল-ইসলাম তাজউদ্দীনকে বোঝান যে এ সময় আত্মবিশ্বাস হারালে চলবে না। তাঁকেই বঙ্গবন্ধুর অবর্তমানে বাংলাদেশের দায়িত্ব নিতে হবে। হাকসারকে ইতিমধ্যেই এ ধারণা দেওয়া হয়েছে।[৯]

তাজউদ্দীন আহমদ ৩ এপ্রিল রাতে ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সঙ্গে নয়াদিল্লির ১ নম্বর সফদরজঙ্গ রোডের বাসায় প্রথম দেখা করেন। তাজউদ্দীন আমীর-উল-ইসলামের সঙ্গে আলাপ করে সিদ্ধান্ত নিলেন, স্বাধীন বাংলার সরকার গঠন করবেন এবং তিনি নিজে সরকারের প্রধানমন্ত্রী হবেন। ইন্দিরা গান্ধীর সঙ্গে দ্বিতীয় দফা বৈঠক হলে তাজউদ্দীন তাঁকে সরকার গঠনের ব্যাপারে অবহিত করেন। ইন্দিরা গান্ধী এই সরকারকে স্বীকৃতি দেওয়ার ব্যাপারে কিছু বলেননি। তবে এই প্রবাসী সরকার ভারতের ভূখণ্ডের মধ্য থেকে কার্যকলাপ চালাতে পারবে বলে জানিয়ে দেন।

দিল্লিতে থাকাকালে ৭ এপ্রিল তাজউদ্দীনের একটি বেতার ভাষণ রেকর্ড করা হয়। তাঁর দেওয়া বিষয়সূচির ওপর ভিত্তি করে ভাষণটির খসড়া তৈরি করে দেন অধ্যাপক রেহমান সোবহান ও আমীর-উল-ইসলাম। রেহমান সোবহান বাংলাদেশ রাষ্ট্রের নাম রাখলেন 'পিপলস রিপাবলিক অব বাংলাদেশ' (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ)।[১০]

তাজউদ্দীন যখন দিল্লিতে ইন্দিরা গান্ধীর সঙ্গে কথা বলছেন, সেই সময় হবিগঞ্জের তেলিয়াপাড়ায় এক চা-বাগানে ইস্ট বেঙ্গল রেজিমেন্টের কয়েকজন 'বিদ্রোহী' বাঙালি কর্মকর্তা একটি সভা করেন। এটিই ছিল সশস্ত্র বাহিনীর মুক্তিযোদ্ধাদের প্রথম আনুষ্ঠানিক সভা। মুক্তিযুদ্ধের পক্ষে রাজনৈতিক নেতৃত্ব তখনো সংগঠিত হয়নি। আওয়ামী লীগের হাইকমান্ডের সদস্যরা তখনো কেউ কারও সঙ্গে যোগাযোগ করতে পারেননি। সামরিক নেতৃত্বই প্রথম সংগঠিত হয়েছিল।

তত দিনে আওয়ামী লীগের যুবনেতা শেখ ফজলুল হক মণি, আবদুর রাজ্জাক ও তোফায়েল আহমেদ কলকাতায় পূর্বনির্ধারিত চিত্তরঞ্জন সুতারের বাড়িতে এসে উপস্থিত। সিরাজুল আলম খান পৌঁছান দুই সপ্তাহ পরে। তাঁদের সঙ্গে আলোচনা না করে তাজউদ্দীন দিল্লি গিয়ে ভারতের প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন, এটি জেনে তাঁরা খুব ক্ষুব্ধ হন। তাঁদের দাবি অনুযায়ী, তাজউদ্দীনের ভবানীপুরে চিত্তরঞ্জন সুতারের সঙ্গে যোগাযোগ করার কথা ছিল। তাঁদের ভাষ্যমতে, শেখ মুজিবের স্পষ্ট নির্দেশনা ছিল, এই চারজন যুবনেতার নেতৃত্বে বিপ্লবী কাউন্সিল হবে এবং কোনো ধরনের সরকার গঠন করা হবে না। বিপ্লবী

কাউন্সিল তরুণদের সামরিক প্রশিক্ষণের ব্যবস্থা করবে এবং দেশের ভেতরে গেরিলাযুদ্ধ সংগঠিত করবে।[১১]

তাজউদ্দীন কলকাতায় ফিরে এলে যুবনেতাদের তোপের মুখে পড়েন। তিনি কৈফিয়ত দেওয়ার চেষ্টা করেন যে চিত্তরঞ্জন সুতারের বাড়ির ঠিকানা তিনি খুঁজে পাননি। এ সময় আওয়ামী লীগ নেতা কামারুজ্জামান ও মিজানুর রহমান চৌধুরী কলকাতায় এসে পৌঁছান।

তাজউদ্দীন ১০ এপ্রিল আমীর-উল-ইসলাম, শেখ মণি, তোফায়েল আহমেদ ও মনসুর আলীকে সঙ্গে নিয়ে আগরতলার উদ্দেশে কলকাতা থেকে যাত্রা করেন। পথে শিলিগুড়িতে তাঁরা যাত্রাবিরতি করেন। সেখানে তাঁরা রেডিওতে তাজউদ্দীনের ভাষণ শুনতে পান। এরপর তাজউদ্দীনের সঙ্গে শেখ মণির বেশ কথা-কাটাকাটি হয়। তাজউদ্দীন কার সঙ্গে পরামর্শ করে নিজেকে প্রধানমন্ত্রী ঘোষণা করেছেন, এ নিয়ে শেখ মণি প্রশ্ন তোলেন।[১২]

শিলিগুড়ি থেকে রওনা দিয়ে তাঁরা ময়মনসিংহ সীমান্তের কাছে মেঘালয়ের তুরা শহরে সৈয়দ নজরুল ইসলামের দেখা পান। তাঁকে সঙ্গে নিয়ে সবাই আগরতলায় যাত্রা করেন। আগরতলায় খন্দকার মোশতাক আহমদ ও কর্নেল আতাউল গনি ওসমানী অপেক্ষা করছিলেন। সেখানে তাঁদের মধ্যে অনেক বাগ্‌বিতণ্ডা হয়। ঠিক হয়, শেখ মুজিবুর রহমানকে রাষ্ট্রপতি করে সরকার গঠন করা হবে। তাঁর অবর্তমানে সৈয়দ নজরুল ইসলাম অস্থায়ী রাষ্ট্রপতি থাকবেন। খন্দকার মোশতাক প্রধানমন্ত্রী পদের দাবিদার ছিলেন। তাঁকে বুঝিয়ে-সুঝিয়ে পররাষ্ট্রমন্ত্রী হতে রাজি করানো হয়। কামারুজ্জামানকে স্বরাষ্ট্র এবং মনসুর আলীকে অর্থমন্ত্রীর পদ দেওয়া হয়। কর্নেল ওসমানীকে সশস্ত্র বাহিনীর প্রধান হিসেবে মনোনয়ন দেওয়া হয়। এভাবেই গঠন করা হয় বাংলাদেশের প্রবাসী সরকার। বিএসএফের সহযোগিতায় ১৭ এপ্রিল কুষ্টিয়ার মেহেরপুরে সীমান্তবর্তী অখ্যাত বৈদ্যনাথতলা গ্রামে প্রবাসী সরকারের শপথ অনুষ্ঠান হয়। গ্রামবাসী অনেকেই স্বাধীন বাংলাদেশ সরকার গঠনের প্রথম দৃশ্যটি দেখতে উপস্থিত হয়েছিলেন। কলকাতা থেকে অনেক সাংবাদিককে নিয়ে আসা হয়েছিল। গ্রামটির নতুন নাম দেওয়া হয় 'মুজিবনগর'। অধ্যাপক ইউসুফ আলী স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন।[১৩]

স্বাধীনতার ঘোষণাপত্রের খসড়া তৈরি করা নিয়ে তিন রকম তথ্য পাওয়া যায়। এপ্রিলের প্রথম সপ্তাহে তাজউদ্দীন যখন দিল্লিতে, তখনই এটি লেখা হয়। আমীর-উল-ইসলামের ভাষ্য অনুযায়ী, এটির প্রাথমিক খসড়া তিনিই তৈরি করেছিলেন। পরে কলকাতার ব্যারিস্টার সুব্রত রায় চৌধুরী এটি পরিমার্জন করে দেন। রেহমান সোবহানের বর্ণনামতে, খসড়ার কিছু অংশ তিনি তৈরি করেছেন,

১৭ এপ্রিল ১৯৭১ মুজিবনগরে শপথ নেওয়ার পর সাংবাদিকদের মুখোমুখি বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ

বাকিটা লিখেছেন আমীর-উল-ইসলাম। ব্যারিস্টার সুব্রত রায় চৌধুরীর সম্পাদনায় এটি পরিপূর্ণ রূপ পায়। উভয়েই বলেছেন, ঘোষণাপত্র লেখার সময় তাজউদ্দীনের পরামর্শ নেওয়া হয়েছিল।[১৪]

এ প্রসঙ্গে বিএসএফের তৎকালীন মহাপরিচালক খসরু ফারামুর্জ রুস্তমজির ভাষ্যটি ভিন্ন রকমের। তাঁর মতে, রাষ্ট্রপতিশাসিত সরকারব্যবস্থায় প্রধানমন্ত্রী ও মন্ত্রিপরিষদ রেখে একটি 'সংক্ষিপ্ত সংবিধানের' খসড়া তৈরি করেন বিএসএফের মুখ্য আইন কর্মকর্তা কর্নেল এন এস বেইনস। ব্যারিস্টার সুব্রত রায় চৌধুরী এটি দেখে দেন। তারপর এটি তাজউদ্দীন ও তাঁর সহকর্মীদের দেখানো হলে তাঁরা সামান্য কিছু রদবদল করে এটি অনুমোদন করেন।[১৫]

পাকিস্তান সেনাবাহিনীর ইস্ট বেঙ্গল রেজিমেন্টের বাঙালি সদস্যরা যে যেখানে ছিলেন, সুযোগমতো তাঁরা বিদ্রোহ করেন। চট্টগ্রামে ইপিআরের অ্যাডজুট্যান্ট ক্যাপ্টেন রফিকুল ইসলাম বিদ্রোহ করেন ২৫ মার্চ রাতে।[১৬] মেজর জিয়াউর রহমানের নেতৃত্বে অষ্টম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের বাঙালি সদস্যরা ২৫ মার্চ মাঝ রাতেই বিদ্রোহ করেছিলেন। ২৬ মার্চ সকালে বিদ্রোহ করেন কুষ্টিয়ায় অবস্থানরত ইপিআরের ৪ নম্বর উইংয়ের অধিনায়ক মেজর আবু

ওসমান চৌধুরী।[১৭] ২৭ মার্চ সকালে চতুর্থ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের মেজর শাফায়াত জামিল ব্রাহ্মণবাড়িয়ায় বিদ্রোহ করেন। ওই দিন বিকেলে চতুর্থ বেঙ্গলের মেজর খালেদ মোশাররফ শমসেরনগর থেকে ব্রাহ্মণবাড়িয়ায় এসে বিদ্রোহে যোগ দেন।[১৮] জয়দেবপুরে দ্বিতীয় ইস্ট বেঙ্গল রেজিমেন্টের উপ-অধিনায়ক মেজর কাজী মোহাম্মদ সফিউল্লাহ বিদ্রোহে শামিল হন ২৯ মার্চ। যশোরে প্রথম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ক্যাপ্টেন হাফিজউদ্দিন আহমদ বিদ্রোহ করেন ৩০ মার্চ সকালে।[১৯]

ইস্ট বেঙ্গল রেজিমেন্টের বিভিন্ন ইউনিটের বাঙালি সদস্যরা যখন একে একে সীমান্তের ওপারে চলে যাচ্ছেন, তখন অষ্টম বেঙ্গলের সদস্যরা একটি ইউনিট হিসেবে চট্টগ্রাম অঞ্চলের বিভিন্ন জায়গায় পাকিস্তানি সেনাদের প্রতিরোধ করে চলেছেন। তাঁরা তখনো জানেন না, কোথায় কী হচ্ছে। ওই সময় প্রতিরোধযুদ্ধে অংশ নেওয়া লে. সমশের মুবিন চৌধুরীর বিবরণ এখানে প্রাসঙ্গিক :

> ইন্ডিয়ান রেডিও বলছে পূর্ব বাংলায় গৃহযুদ্ধ শুরু হয়েছে। রেডিও পাকিস্তানকে তো বিশ্বাস করার কোনো কারণ নাই। ৩০ তারিখ ভোরে চকবাজারে আমরা গুলির আওয়াজ শুনেছি। এত কাছে তো পাকিস্তান আর্মি আসার কথা না! ২৯ তারিখ পাকিস্তান আর্মির একটি কমান্ডো ইউনিট ল্যান্ডেড ইন আনোয়ারা, লেড বাই মেজর মান্নান (পরে বিএনপির নেতা, মন্ত্রী)। লে. মাহফুজ যখন ফায়ার করা শুরু করল ওখানেই পাকিস্তানের কিছু লোক মারা যায়, অন দ্য স্পট। বাকি লোক পালিয়ে যায়। মান্নান পালিয়ে যায়। মাহফুজই পরে বলেছিল, 'মান্নান তো আমারে মেরেই ফেলছিল।' দুজন কমান্ডো ওখান থেকে পালিয়ে বোয়ালখালীর গ্রামে এসে ঢুকেছে, মানুষকে গুলি করে মারছে।
>
> চকবাজার থেকে বোয়ালখালী নট ভেরি ফার। আমি আমার একটা সেকশন নিয়ে এগোচ্ছি। দেখলাম দুজন পাকিস্তানি, যাকে সামনে পায় গুলি করে। আমার সঙ্গে ছিল সুবেদার খালেক। বললাম, পজিশন নিয়া থাকো। যখন রেঞ্জে আসবে, দেখামাত্র গুলি করব। তুমি একটা, আমি একটা। খালেক বলল, 'স্যার, আপনি ডান দিকে যান, আমি বাঁ দিকে যাই।' যখন রেঞ্জে এল, ওয়ান টু থ্রি বলে দুটা গুলি। দুটাই পড়ে গেল। ওয়ান ডাইড অন স্পট, ওয়ান ওয়াজ উন্ডেড। যে উন্ডেড, ওর ওপর গ্রামের মানুষ ঝাঁপায়া পড়ল। আর খুরকি দিয়া গলা, একদম শিরশ্ছেদ। চিৎকার করে বলতেছে, উগ্‌গা মরি গিয়্যে, উগ্‌গা মরি গিয়্যে। এদের রাইফেল, উইপন নিয়া নিলাম।[২০]

১১ এপ্রিল কালুরঘাটের যুদ্ধে লে. সমশের ও ক্যাপ্টেন হারুন আহত হন। দুজন ছাত্র হারুনকে প্রায় অচেতন অবস্থায় ব্রিজের ওপর দিয়ে টেনে-হিঁচড়ে অপর পাড়ে নিয়ে আসে এবং একটি মাইক্রোবাসে করে পটিয়া পাঠিয়ে দেয়। সমশেরের পায়ে গুলি লেগেছিল। আহত অবস্থায় তিনি পাকিস্তানিদের হাতে বন্দী

হন।[২১] তাঁর শার্টের বুকপকেটের একটিতে সুরা ইয়াসিন লেখা কাগজ ছিল, অন্য পকেটে ছিল জিয়ার হাতের লেখা 'স্বাধীনতার ঘোষণা', যেটি তিনি ২৮ মার্চ সারা দিন ধরে পড়েছিলেন। পাকিস্তানি সেনা কাগজটি পকেট থেকে বের করে কুটি কুটি করে ছিঁড়ে ফেলে দেয়।[২২]

পাকিস্তানি বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করে টিকে থাকার মতো সেনা, অস্ত্র ও রসদ বাঙালি সেনাদের হাতে যথেষ্ট পরিমাণে ছিল না। পিছু হটতে হটতে তাঁরা একে একে সীমান্ত পাড়ি দিয়ে ভারতের ভেতরে চলে যান। বিদ্রোহী সেনা কর্মকর্তাদের কয়েকজন ৪ এপ্রিল হবিগঞ্জের তেলিয়াপাড়ায় মেজর কে এম সফিউল্লাহর অস্থায়ী দপ্তরে জমায়েত হন। সফিউল্লাহর দেওয়া বিবরণে জানা যায়:

> বিদ্রোহের পর আমরা একটি একক কমান্ডের অধীনে নিজেদের সংগঠিত করার কথা ভাবলাম। আমাদের মধ্যে তেমন কোনো সিনিয়র কর্মকর্তা ছিলেন না, যিনি কমান্ড করতে পারেন। সুতরাং আমরা কর্নেল ওসমানীর কথা ভাবলাম। ৪ এপ্রিল আমার সদর দপ্তরে একটি বৈঠক হলো। বৈঠকে কর্নেল ওসমানী, লে. কর্নেল রব, লে. কর্নেল নূরুজ্জামান, খালেদ মোশাররফ, নাসিম, মইনুল হোসেন চৌধুরী, নুরুল ইসলাম শিশু এবং আরও অনেকেই উপস্থিত ছিলেন। জিয়া আসে ৫ তারিখে। সে এসেছিল আমার ব্যাটালিয়ন থেকে সেনা সংগ্রহ করতে। আমি ও খালেদ আমাদের নিজ নিজ বাহিনী থেকে এক কোম্পানি সেনা দিলাম, যাতে তারা চট্টগ্রামে অষ্টম বেঙ্গলে যোগ দিতে পারে। আমরা সিদ্ধান্ত নিলাম ওসমানী হবেন আমাদের সর্বাধিনায়ক। সিদ্ধান্তটি নেওয়া হয় ৪ এপ্রিল। বিদ্রোহী সেনারা কোনো দিক থেকেই স্বীকৃতি পাবে না। আমরা অসামরিক ব্যক্তিদের সঙ্গে যোগাযোগ করে সরকার গঠন করতে বললাম। ১০ এপ্রিল আগরতলায় জনাব তাজউদ্দীন ও অন্যদের আমাদের সিদ্ধান্ত জানালাম (তাজউদ্দীন আগরতলায় এসেছিলেন ১১ এপ্রিল)। ওসমানীকে কমান্ডার-ইন-চিফ এবং আমাদের চারজনকে সেক্টর কমান্ডার করা হলো—জিয়া, খালেদ, আবু ওসমান চৌধুরী ও আমি।
>
> আমরা ছিলাম আঞ্চলিক কমান্ডার। পরে নাজমুল হকের নেতৃত্বে রাজশাহী এবং নওয়াজিশের অধীনে রংপুরকে নিয়ে আরও দুটি অঞ্চল হলো। ১০ থেকে ১৭ জুলাই মুজিবনগরে (কলকাতা) অনুষ্ঠিত সম্মেলনে অঞ্চলগুলোকে নিয়ে ১১টি সেক্টর তৈরি হলো এবং আনুষ্ঠানিকভাবে ১১ জন সেক্টর কমান্ডার নিয়োগ করা হলো।[২৩]

অস্থায়ী সরকারের মন্ত্রিসভা ১৮ এপ্রিল বিভিন্ন যুব শিবির থেকে যুবকদের সংগ্রহ করে তাদের প্রশিক্ষণ দেওয়ার জন্য শেখ ফজলুল হক মণি, সিরাজুল আলম খান, আবদুর রাজ্জাক ও তোফায়েল আহমেদ—এই চারজন যুবনেতাকে দায়িত্ব দেয়। প্রধান সেনাপতি কর্নেল ওসমানী মন্ত্রিসভায় এ-সংক্রান্ত একটি চিঠি

সই করেন। পরে সরকারের সঙ্গে যুবনেতাদের দূরত্ব তৈরি হয়। সরকারের মূল আপত্তি ছিল, এই বাহিনীর নিয়ন্ত্রণ কার হাতে থাকবে, এই নিয়ে।[২৪] এই চার যুবনেতা পরে 'বাংলাদেশ লিবারেশন ফোর্স' (বিএলএফ) নামে আলাদা একটি বাহিনী গঠন করেন। এই বাহিনীর প্রশিক্ষণ ও সরঞ্জামের ব্যবস্থা করে ভারতের স্পেশাল ফ্রন্টিয়ার ফোর্স, যার ইন্সপেক্টর জেনারেল ছিলেন মেজর জেনারেল সুজন সিং উবান। বিএলএফ পরে 'মুজিববাহিনী' নামে পরিচিতি পায়।[২৫]

বিভিন্ন দেশে, বিশেষ করে পাকিস্তানের দূতাবাসগুলোতে অনেক বাঙালি কাজ করতেন এবং সপরিবার তাঁরা ওই দেশগুলোতে থাকতেন। তাঁরা তুলনামূলকভাবে নিরাপদ অবস্থানে ছিলেন। তাঁদের অনেকেই পাকিস্তানের পক্ষ ত্যাগ করে বাংলাদেশের পক্ষে অবস্থান নিয়েছিলেন। স্বাধীনতার এই উত্তাপ দূতাবাসের বাঙালি কর্মকর্তাদের গায়ে লেগেছিল ধীরে ধীরে। তবে অনেকেই শেষ অবধি পাকিস্তান সরকারের চাকরি করে গেছেন।

স্বাধীন বাংলাদেশের পক্ষে তাঁদের প্রথম 'বিদ্রোহ'টি ঘটে ৬ এপ্রিল নয়াদিল্লিতে। ওই দিন পাকিস্তান হাইকমিশনের দ্বিতীয় সচিব কে এম শাহাবুদ্দিন এবং সহকারী প্রেস অ্যাটাশে আমজাদুল হক বাংলাদেশের প্রতি আনুগত্য ঘোষণা করেন। তাঁদের ইসলামাবাদে বদলি করা হয়েছিল। কিন্তু তাঁরা সেখানে যেতে অস্বীকার করেন এবং ভারত সরকারের কাছে রাজনৈতিক আশ্রয় চান। বাংলাদেশে তখনো কোনো সরকার প্রতিষ্ঠিত হয়নি এবং পরিস্থিতি ছিল খুবই ঘোলাটে। এই দুই বাঙালি কর্মকর্তার 'পক্ষত্যাগ' ছিল একটা সাহসী পদক্ষেপ। ভারত সরকার সঙ্গে সঙ্গেই তাঁদের আবেদন মঞ্জুর করে।[২৬]

১৮ এপ্রিল দিনটি ছিল আরও গুরুত্বপূর্ণ। ওই দিন কলকাতায় পাকিস্তান উপহাইকমিশনের দপ্তরের তিনতলা ভবন থেকে পাকিস্তানের পতাকা নামিয়ে ছিঁড়ে ফেলা হয় এবং দুপুর সাড়ে ১২টায় বাংলাদেশের পতাকা তোলা হয়। দূতাবাস চত্বরে ছিল জনতার ভিড়। শরণার্থী বাঙালিরা উল্লাস করছিলেন। সেখানে তাঁরা শেখ মুজিব, রবীন্দ্রনাথ ও নজরুলের প্রতিকৃতিতে পুষ্পাঞ্জলি দেন। উপহাইকমিশনার এম হোসেন আলী বাংলাদেশ সরকারের প্রতি সমর্থন জানিয়ে গণমাধ্যমে বিবৃতি দেন। তাঁর সহকর্মী আনোয়ারুল করিম চৌধুরী বিবৃতিটির খসড়া তৈরি করেছিলেন। সন্ধ্যায় ভারতীয় সেনাবাহিনীর গোয়েন্দারা উপহাইকমিশন ভবনে এসে গুপ্তলিখনে তৈরি দলিলাদি (সাইফার ডকুমেন্ট) নিয়ে যান। বাংলাদেশ সরকার হোসেন আলীকে কলকাতায় বাংলাদেশ দূতাবাসের প্রধান হিসেবে নিয়োগ দেয়।[২৭]

হোসেন আলীর অপ্রকাশিত ডায়েরি থেকে জানা যায়, ২০ মে সন্ধ্যায় তাঁর দূতাবাস ভবনে দুটো ট্রাক এসে ঢোকে। বাংলাদেশের ভেতরে কয়েকটি ব্যাংকের

ভল্ট ভেঙে ওই দুটো ট্রাকে করে টাকা নিয়ে আসা হয়েছিল। অর্থমন্ত্রী এম মনসুর আলী এবং অর্থসচিব আসাদুজ্জামান জানান, এই টাকা দূতাবাসের ভেতরেই নিরাপদ থাকবে। হোসেন আলী লোহার গ্রিল ও দরজা দ্বারা সুরক্ষিত দুটো ঘরে এগুলো রাখার ব্যবস্থা করে বলেন যে, এই টাকা কীভাবে ব্যবহার করা হবে, তা সরকারই ঠিক করবে। ওই সময় বাংলাদেশের ভেতরে স্টেট ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংকের বিভিন্ন শাখা থেকে অনেকেই টাকা নিয়ে এসেছিলেন। এ বিষয়ে হোসেন আলীর অভিজ্ঞতা সুখকর ছিল না। তাঁর বর্ণনায় একটি ঘটনার বিবরণ জানা যায় :

> এ সময় আমি জানতে পারলাম বগুড়ায় স্টেট ব্যাংকের ভল্ট ভাঙা হয়েছে। এ বিষয়ে একটি রিপোর্ট আমি পেয়েছিলাম, যার অনুলিপি এখনো আমার কাছে আছে। রিপোর্টে বলা হয়েছে, বগুড়ার জনাব গাজীউল হক এই লুটে নেতৃত্ব দেন।
>
> পরে আমাকে বলা হলো, জনাব গাজীউল হক মাত্র এক কোটি টাকার কিছু বেশি সরকারি কোষাগারে জমা দিয়েছেন। তিনি *জয় বাংলা* নামে একটা পত্রিকা ছাপানোর খরচ দিচ্ছেন। জাতীয় পরিষদের সদস্য জনাব আবদুল মান্নান ছিলেন এর প্রকাশনার দায়িত্বে।[২৮]

বাংলাদেশের জন্ম প্রক্রিয়ায় ভারতের ভূমিকা নিয়ে অনেক কথাবার্তা ও লেখাজোকা হয়েছে এবং এখনো হচ্ছে। ১৯৭১ সালের ৩১ মার্চ কাউন্সিল অব ওয়ার্ল্ড অ্যাফেয়ার্স আয়োজিত পূর্ব পাকিস্তান বিষয়ে এক সেমিনারে নয়াদিল্লির ইনস্টিটিউট অব ডিফেন্স স্টাডিজের পরিচালক কৃষ্ণস্বামী সুব্রামনিয়াম ভারত সরকারের ধীরে চলা নীতির সমালোচনা করেন। ৩১ মার্চ নেহরু পরিবার ও ইন্দিরা গান্ধীর সমর্থক *ন্যাশনাল হেরাল্ড* পত্রিকায় পূর্ব পাকিস্তানের সমস্যা নিয়ে তিনি লেখেন, 'এটি ভারতের জন্য এমন একটি সুযোগ এনে দিয়েছে, যা আগে কখনো আসেনি।' সরকারের কারও সঙ্গে আলাপ বা পরামর্শ করে তিনি এ ধরনের মন্তব্য করেননি। যা বলার তা তিনি নিজ দায়িত্বেই বলেছিলেন। এরপর *ন্যাশনাল হেরাল্ড* তাঁর কোনো লেখা ছাপাতে অস্বীকার করে। সুব্রামনিয়াম পরে লেখা ছাপানোর জন্য জনসংঘ-সমর্থক পত্রিকা *মাদারল্যান্ড*-এর শরণাপন্ন হন। প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে এ বিষয়ে লিখতে তাঁকে নিষেধ করা হয়। তাঁর ইনস্টিটিউট আয়োজিত একটি রুদ্ধদ্বার সেমিনারে তিনি বলেছিলেন, পূর্ব পাকিস্তান থেকে কয়েকজনকে ধরে এনে ভারতীয় সেনাবাহিনীর সাহায্যে একটি অস্থায়ী বাংলাদেশ সরকার তৈরি হয়েছে। *লন্ডন টাইমস*-এর একজন প্রতিবেদক তাঁর এ কথা উদ্ধৃত করে সংবাদ পরিবেশন করলে তা ব্যাপক প্রচার পায়।[২৯]

বাংলাদেশ স্বাধীন করার ব্যাপারে শেখ মুজিবের মনোভাব, এ ব্যাপারে ভারতের পরিকল্পনা, কলকাতায় প্রবাসী সরকার গঠনের পটভূমি,

মুক্তিযোদ্ধাদের মধ্যে বিভাজন—এসব বিষয়ের একটি অন্তরঙ্গ বিবরণ পাওয়া যায় ওই সময়ের প্রাদেশিক পরিষদের নির্বাচিত সদস্য ডা. আবু হেনার কাছ থেকে। উল্লেখ করা যেতে পারে, শেখ মুজিব একটি বিশেষ দায়িত্ব দিয়ে একাত্তরের মার্চে আবু হেনাকে কলকাতায় পাঠিয়েছিলেন। লেখককে দেওয়া সাক্ষাৎকারে আবু হেনা বলেন :

> আমরা জাস্টিস ইব্রাহিমের বাসায় ছোট একটা স্টাডি সার্কেল করছিলাম—কেন স্বাধীনতা দরকার। ১৯৬৪-৬৫ সালের কথা। জিরো পয়েন্টের এই মোড়ে, সেক্রেটারিয়েটের কোনায়, ওইখানে একটি পেট্রল পাম্প ছিল। ওইখানে উনার বাড়ি ছিল। স্টাডি সার্কেল থিকা উনি নেতৃত্ব দিতেন, বুদ্ধি দিতেন। উনার মেয়ের জামাই ইশতিয়াক সাহেব, কাজী আরেফ, আমি, মাজহারুল হক বাকী, ইকবাল হলের ভিপি হারুন—আমরা সবাই স্টাডি সার্কেলে বসতাম। উনি আমাদের একটা পত্রিকা বানায়া দিতে চাইছেন। বলছেন, 'গ্রিন রোডে আমার এক বিঘা জায়গা আছে। এইটা নাও, পত্রিকা বের করো। স্বাধীনতার জন্য লাগবে।'
>
> ইব্রাহিম সাহেব বলতেন, 'মুজিবের মতো বাঘের বাচ্চা ছাড়া স্বাধীনতা হবে না।' আমার সামনে বলছে ছয় দফা দেওয়ার আগে। ওরা আমাদের ছোবড়ার মতো ফেলে দিছে। দেশটা স্বাধীন করতে হবে। আমি সিরাজ ভাইয়ের (সিরাজুল আলম খান) খুব কাছের লোক। সব ঘটনার সূত্রপাত আমি জানতাম। উনাদের সঙ্গে ভারত সরকারের একটা সম্পর্ক ছিল। এই গ্রুপের সঙ্গে এখানে নেটওয়ার্কে যারা কাজ করত, তার মধ্যে রূপলাল হাউসের জমিদার, শ্যামবাজারের জমিদার—তার ছেলে—রূপা মুখার্জিরে বিয়া কইরা এখানে থাকতেছে, কালিদাস বৈদ্য। কে? একটি রাজনৈতিক দল বানাইছিল, গণমুক্তি দল। সেই দলে ছিল চিত্ত সুতার। চিত্ত সুতারের ওখানে গিয়া এদের সবার সঙ্গে পরিচয় হইছে। এই নেটওয়ার্কের সঙ্গে সিরাজদের একটা সম্পর্ক ছিল। এই নেটওয়ার্কের কাজ কী ছিল? টু ডিসটার্ব ইস্ট পাকিস্তান। তারা বলত, ইস্ট পাকিস্তানে হিন্দুদের—মাইনরিটিকে অত্যাচার করা হচ্ছে। তাদের জন্য সেপারেট এনটিটি তৈরি করা দরকার।
>
> স্বাধীন বঙ্গভূমি বানানোর জন্য ম্যাপ তৈরি হইছিল ইন্ডিয়ায়। আমি জানি এইগুলো। মুজিব ভাই জানত। তাজউদ্দীনও জানত। আইয়ুব খান এটা জানতে পারছে, চিত্ত সুতারকে ধইরা জেলে পুরছে। জেল থেইকা মুক্ত হইলে মুজিব ভাই ডাইকা পাঠাইল, 'তুমি হিন্দু হিন্দু করতেছ, আমি বাঙালি বাঙালি করতেছি। আমার পক্ষে তুমি কাজ করো। তুমি ইন্ডিয়া চইলা যাও। চিত্ত সুতার কলকাতায় পাটের অফিস নাম দিয়া একটা বাড়িতে থাকে। ইন্ডিয়া বলছে, তুমি তো আমাদের লোক। তাদের একজন লোক দাও।'
>
> শেখ মণি একদিন আওয়ামী লীগ অফিসে বললেন, 'তোমাকে ক্যালকাটা

যাইতে হবে। একজন তরুণ নেতা, যে ইংরেজি-বাংলা জানে, হিন্দি জানে, এই টাইপের একজন। ইলেক্টেড হইলে ভালো হয়।'

উনি (মুজিব) বলতেন, 'বুড়ারা তো মন্ত্রী হইতেছে। আমি তো স্বাধীনতা চাই। আমার স্বাধীনতার সেনা হবি তোরা। ইলেক্টেড হইলেই তোরা নেতা হবি।' এই নীতি নিয়া আমরা অনেকেই নির্বাচন করছি। উনার বিশ্বাস ছিল আমাদের ওপর।

উনি (মুজিব) কেন গ্রেপ্তারবরণ করছেন, সেটার মূল্যায়ন আমার কাছে আছে। আমরা যারা স্বাধীনতার কথা বলতাম, আমিই একমাত্র ব্যক্তি, কোনো এজেন্সির সঙ্গে সম্পর্ক করি নাই। আমি যেহেতু আলোচনা করছি—রেডিও স্টেশন দিছে, বর্ডার উন্মুক্ত করে দিছে, শেল্টার দিছে। কিছু অস্ত্রশস্ত্র চাইছিলাম। অস্ত্রগুলো সিরাজুল আলম খান আর শেখ ফজলুল হক মণি নিয়া আসবে। কিন্তু সেগুলো তারা দেয় নাই। তাজউদ্দীন সাহেব যে ডিক্লারেশন দিছে, পরিস্থিতির কারণে সবাইকে তা অ্যাকসেপ্ট করতে হইছে।

দশজন লোক দিয়া মুজিববাহিনী বানাবে, ভাসানী দশজন লোক দিয়া আরেকটা বানাবে, মোজাফফর একটা বানাবে, কেন এই সুযোগ দিবেন? আমরাই তো সব। তরুণ সমাজকে আমরাই তো নেতৃত্ব দেব।[৩০]

২৫ মার্চ ঢাকায় পাকিস্তানি সামরিক বাহিনীর আক্রমণের অভিঘাত সরাসরি ভারতের ওপর পড়েছিল। কিন্তু 'বাংলাদেশ' পরিস্থিতি ভারতের নজরদারিতে ছিল আগে থেকেই। 'পাকিস্তান' নিয়ে তাদের অন্য রকম হিসাব-নিকাশ ছিল। ভারতের গোয়েন্দা সংস্থা 'র' (RAW-রিসার্চ অ্যান্ড অ্যানালাইসিস উইং) তৈরি হয়েছিল ১৯৬৮ সালে। এর প্রথম প্রকল্পটির নাম 'বাংলাদেশ'।[৩১]

১ মার্চ বাংলাদেশের পরিস্থিতি উত্তপ্ত হয়ে পড়লে ভারত সরকার তা ভালোভাবেই নজরে আনে। প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী ২ মার্চ তাঁর সবচেয়ে দক্ষ দুজন জ্যেষ্ঠ কর্মকর্তার সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করেন। এ দুজন হলেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব পরমেশ্বর নারায়ণ হাকসার এবং প্রধানমন্ত্রীর সচিবালয়ের সচিব রামেশ্বর নাথ কাও। কাও একই সঙ্গে ছিলেন র-এর প্রধান। ইন্দিরা গান্ধী তাঁদের 'বাংলাদেশকে সাহায্য' করার ব্যাপারে মূল্যায়ন করতে এবং 'স্বাধীন বাংলাদেশ'কে স্বীকৃতি দেওয়ার সম্ভাবনার কথা বলেন।[৩২]

ইন্দিরা গান্ধী ধরেই নিয়েছিলেন, বাংলাদেশ নিয়ে একটা যুদ্ধ হবে। ভারতীয় সেনাবাহিনীর পূর্বাঞ্চলের চিফ অব স্টাফ মেজর জেনারেল জ্যাকব-ফার্জ-রাফায়েল জ্যাকব এপ্রিলের শুরুতেই ইন্দিরার কাছ থেকে অভিযানের নির্দেশ পেয়েছিলেন। ভারতীয় সেনাবাহিনীর চিফ অব স্টাফ জেনারেল স্যাম হরমুসজি ফ্রামজি জামশেদজি মানেকশ টেলিফোনে জেনারেল জ্যাকবকে আক্রমণ শুরু

করতে বলেছিলেন। কিন্তু জ্যাকব আপত্তি তোলেন। তাঁর মতে, ওই সময়ের পরিস্থিতি যুদ্ধের জন্য অনুকূল ছিল না। জ্যাকব মানেকশকে বলেছিলেন, 'অসম্ভব। আমাদের পার্বত্য ডিভিশনগুলোতে পর্যাপ্ত যানবাহন নেই, নেই কোনো সেতু।' বাংলাদেশের নদী ও জলাভূমিগুলো ছিল অভিযানের জন্য বড় বাধা। জেনারেলরা ইন্দিরাকে বোঝাতে সক্ষম হলেন, একটু অপেক্ষা করতেই হবে। জ্যাকবের ভাষ্য অনুযায়ী :

> অনেক খরস্রোতা নদী পেরোতে হবে। বর্ষাকাল শুরু হতে যাচ্ছে। আমাদের সেতু দরকার, প্রশিক্ষণের জন্য সময় দরকার। আমি এটি মানেকশকে বললাম। আমি একটা রিপোর্টও পাঠালাম। তিনি এটি মিসেস গান্ধীকে পড়ে শোনালেন। মানেকশ জানতে চাইলেন, নিদেনপক্ষে কখন আমি যুদ্ধ শুরু করতে পারি। আমি বললাম, ১৫ নভেম্বর। মিসেস গান্ধী এখনই অভিযান শুরু করতে চান। আমার বার্তাটি তাঁকে জানানো হলে তিনি এটি মেনে নেন।[৩৩]

২৫ এপ্রিল মন্ত্রিসভার বৈঠকে ইন্দিরা গান্ধী আশু সামরিক হস্তক্ষেপের সম্ভাবনা নাকচ করে দেন। কয়েকজন মন্ত্রী তাৎক্ষণিক হস্তক্ষেপের জন্য চাপ দিচ্ছিলেন এবং 'নিষ্ক্রিয়তার' জন্য প্রধানমন্ত্রীর সমালোচনা করেছিলেন। ইন্দিরা গান্ধী মন্ত্রিসভার বৈঠকে জেনারেল মানেকশকে ডেকে আনেন, যাতে উপস্থিত সবাই বিরাজমান পরিস্থিতি সম্পর্কে 'সামরিক দৃষ্টিভঙ্গি' কী, তা জানতে পারেন।[৩৪]

ওই সময়ের একটি বিবরণ জেনারেল মানেকশর কাছ থেকেও পাওয়া যায়। মন্ত্রিসভার বৈঠকে বাংলাদেশের সীমান্তবর্তী একটি রাজ্যের মুখ্যমন্ত্রীর পাঠানো একটি তারবার্তা হাতে নিয়ে ইন্দিরা গান্ধী ক্ষোভ প্রকাশ করেছিলেন। ইন্দিরার সঙ্গে মানেকশর কথোপকথন ছিল এ রকম :

ইন্দিরা : আপনি কি কিছুই করতে পারেন না?

মানেকশ : আমাকে কী করতে বলেন?

ইন্দিরা : পূর্ব পাকিস্তানে ঢুকে পড়ুন।

মানেকশ : এর অর্থ হবে যুদ্ধ।

ইন্দিরা : আমি জানি। তাতে কিছু এসে যায় না।

মানেকশ : বাইবেলে আছে, ঈশ্বর বলছেন, 'আলো আসুক, অমনি আলোকিত হলো।' 'যুদ্ধ হোক' এটি বললেই কি যুদ্ধ হবে? যুদ্ধের জন্য আপনি কি তৈরি? আমি তৈরি না। তার পরও আমাকে যদি এগোতে বলেন, আমি আপনাকে পরাজয়ের শতভাগ নিশ্চয়তা দিচ্ছি। আমাকে ছয় মাসের সময় দিন, আমি জয়ের শতভাগ নিশ্চয়তা দেব।

ইন্দিরা : ধন্যবাদ। আমি আপনাকে জয়ের নিশ্চয়তা দিচ্ছি।[৩৫]

৭ মে বিরোধী দলের নেতাদের সঙ্গে এক রুদ্ধদ্বার সভায় ইন্দিরা বলেন, পশ্চিম পাকিস্তানি সেনাদের শক্তি ধীরে ধীরে নিঃশেষ করে দেওয়ার জন্য গেরিলাযুদ্ধ চালিয়ে যেতে হবে। যুদ্ধটা যদি ছয় থেকে আট মাস চলে, তাহলে পাকিস্তান এই বোঝা আর বইতে পারবে না। এই মুহূর্তে সামরিক অভিযান চালানো ঠিক হবে না।[৩৬]

পাকিস্তানের সামরিক জান্তা চুপচাপ বসে ছিল না। আসন্ন একটি ঝড় মোকাবিলার জন্য তৈরি হচ্ছিল তারা। ২৫ মার্চের পরপর ইয়াহিয়া খান সামরিক বাহিনীর জন্য জরুরি সাহায্যের ব্যাপারে আলোচনা করতে পররাষ্ট্রসচিব সুলতান খান এবং সেনাবাহিনীর চিফ অব জেনারেল স্টাফ লে. জেনারেল গুল হাসান খানকে চীনে পাঠিয়েছিলেন। পথে তাঁরা ঢাকায় যাত্রাবিরতি করেন। সুলতান খানের বর্ণনায় ২৫ মার্চের 'ক্র্যাকডাউনের' পরবর্তী অবস্থার একটি চিত্র পাওয়া যায়। তাঁর মতে, শ্রীলঙ্কা হয়ে ঢাকার পথে এটি ছিল একটি অস্বাভাবিক সফর। বিমানে আধা সামরিক বাহিনীর পাঠান সদস্যরাও যাচ্ছিল। এটি তাদের প্রথম বিমানে ওড়া। তারা সবাই ছিল সন্ত্রস্ত। গুল হাসান নিজেও পাঠান। তিনি ইন্টারকমে তাদের সঙ্গে পশতু ভাষায় কথা বলেন। সুলতান খানের বর্ণনা মতে :

> ঢাকার কাছাকাছি যেতেই দেখলাম সুনসান নীরবতা আর ধ্বংসের চিহ্ন। বুড়িগঙ্গা নদীতে সব সময় নৌকার ভিড় থাকে। আজ শুধু একটি নৌকা দেখলাম। যত দূর চোখ যায়, কোনো প্রাণের চিহ্ন নেই। বেশির ভাগ ঘরবাড়ি

ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী ও সেনাপ্রধান জেনারেল স্যাম মানেকশ

পুড়িয়ে দেওয়া হয়েছে। বিমানবন্দরের দৃশ্য যুদ্ধের কথাই মনে করিয়ে দিল। পিআইএর লোকেরাই ছিল একমাত্র অসামরিক ব্যক্তি। বিমানবন্দরে অস্ত্র মজুত করা ছিল। সেনারা লাফিয়ে নামল, তারপর অস্ত্র হাতে নিয়ে ট্রাকে উঠল। পরিস্থিতি মনে হলো হতাশাজনক। জীবনযাত্রা স্বাভাবিক হয়ে আসার সরকারি দাবি নিয়ে সন্দেহ হলো। ঢাকা বিমানবন্দরের অবস্থা সার্বিক পরিস্থিতির একটি নমুনা মাত্র।

> জেনারেল মিঠা আমাদের কুর্মিটোলা সেনানিবাসে নিয়ে গেলেন। আমরা জেনারেল টিক্কা খানের সঙ্গে দেখা করলাম। দেয়ালে ঝোলানো মানচিত্র দেখিয়ে তিনি বললেন, একদল সেনা পথের সব বাধা সরিয়ে যশোরের দিকে যাচ্ছে। একদল যাচ্ছে চট্টগ্রামের দিকে, ওখানে জোর প্রতিরোধের আশঙ্কা করছি। আরেক দল যাচ্ছে দিনাজপুরের দিকে। এই দল কিছু প্রতিরোধের মুখে পড়লেও দুষ্কৃতকারীদের সব বাধা গুঁড়িয়ে দিয়েছে।

> আমি চুপচাপ বসে ছিলাম। নিজেদের পরিস্থিতি শান্ত করার জন্য কোনো সেনাপতির ভাষা এটি নয়। একটি অভ্যুত্থান দমন করার ভাষা এটি। তিনি স্বীকার করলেন, এখানকার মানুষ খুবই বৈরী এবং তাদের কাছ থেকে কোনো সহযোগিতা পাওয়া যাচ্ছে না।[৩৭]

পাকিস্তান থেকে পিআইএর বিমানযোগে ঢাকায় সেনা পাঠানো আবার শুরু হলো। ২৫ মার্চের সামরিক অভিযানের পর দুই ডিভিশন সেনা পাঠানো হয়।[৩৮]

পররাষ্ট্রসচিব সুলতান খান ও সিজিএস জেনারেল গুল হাসান ৯ এপ্রিল বেইজিংয়ে যান। তাঁদের উদ্দেশ্য ছিল পাকিস্তানের পক্ষে চীনের রাজনৈতিক ও সামরিক সমর্থন আদায় করা। চীনা প্রধানমন্ত্রী চৌ এন লাইয়ের সঙ্গে তাঁদের কয়েক দফা কথাবার্তা হয়। ইয়াহিয়া খান মার্চের শেষ সপ্তাহে চীনা প্রধানমন্ত্রীর কাছে একটি চিঠি পাঠিয়েছিলেন। এর জবাব না পেয়ে তিনি হতাশ হয়েছিলেন। চিঠির প্রসঙ্গ তুলতেই চৌ বললেন, চীনারা তাড়াহুড়ো করে কিছু করে না। এটি পাকিস্তানের অভ্যন্তরীণ বিষয়। বাইরের কেউ নাক গলানোর সুযোগ পেলে পরিস্থিতি আরও খারাপ হবে। পূর্ব পাকিস্তানের পরিস্থিতিকে 'টালমাটাল' বলে অভিহিত করে তিনি বলেন, তিনি দুই সপ্তাহ ধরে পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন। সংকট না বাড়লে সোভিয়েত ইউনিয়ন ও ভারত হয়তো হস্তক্ষেপ করবে না। সে ক্ষেত্রে পাকিস্তানের উচিত হবে বাইরের হস্তক্ষেপ থেকে মুক্ত থাকা। চৌ এন লাইকে বিষণ্ন মনে হচ্ছিল। তিনি মন্তব্য করলেন, পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে মনস্তাত্ত্বিক দূরত্ব তৈরি হয়েছে। তিনি জানেন না কীভাবে এর মোকাবিলা করা যাবে। তবে সাম্প্রতিক পদক্ষেপগুলো এই মানসিক দূরত্বকে গভীরতর করেছে।

চীনের অভিজ্ঞতার উদাহরণ দিয়ে চৌ বলেন, সামরিক কার্যক্রমের সঙ্গে সঙ্গে

রাজনৈতিক পদক্ষেপও নেওয়া দরকার। দেশপ্রেমিকদের খুঁজে বের করতে হবে, তাদের মতামতের গুরুত্ব দিতে হবে এবং আস্থা ফিরিয়ে আনতে হবে। তিনি জোরের সঙ্গে বললেন, 'প্রেসিডেন্টকে বলুন সেনাবাহিনীকে কড়া নিয়ন্ত্রণে রাখতে, জনগণের সঙ্গে সম্পর্ক ভালো করতে, দৃশ্যমান অর্থনৈতিক কর্মসূচি নিতে এবং রাজনৈতিক কাজ শুরু করতে। চীন অন্য কাউকে উপদেশ দেয় না। কারণ এতে ভুল-বোঝাবুঝি হয়। যেহেতু প্রেসিডেন্ট (ইয়াহিয়া) পরামর্শ চেয়েছেন, চীন পাকিস্তানকে বন্ধু মনে করে এবং পূর্ব পাকিস্তানের গোলযোগ নিয়ে চীনের দুশ্চিন্তা আছে, তাই আমি এসব বলছি।' পূর্ব পাকিস্তানে সামরিক বাহিনীর উচ্ছৃঙ্খল আচরণের ব্যাপারে তিনি শঙ্কা জানান এবং বলপ্রয়োগের নীতি বাদ দিয়ে অর্থনৈতিক ও রাজনৈতিক কর্মসূচির মাধ্যমে সমঝোতা প্রতিষ্ঠার আহ্বান জানান। চৌ ব্যক্তিগত আলাপে এসব কথা বললেও আনুষ্ঠানিক বিবৃতিতে 'পাকিস্তানের ঐক্যের' পক্ষে সমর্থন এবং 'বাইরের হস্তক্ষেপের' নিন্দা জানিয়েছিলেন।[৩৯]

মওলানা ভাসানীকে নিয়ে অনেক বিতর্ক ছিল। তথাপি তিনি পাকিস্তান সেনাবাহিনীর আক্রমণের অন্যতম লক্ষ্য ছিলেন। ৩ এপ্রিল সেনাবাহিনী টাঙ্গাইল শহরে প্রবেশ করে। পরদিন তারা ভাসানীর খোঁজে সন্তোষে যায় এবং তাঁকে না পেয়ে তাঁর বাড়িঘর আগুন দিয়ে জ্বালিয়ে দেয়। এ সময় ভাসানী দুই মাইল দূরে বিন্যাফৈর গ্রামে ছিলেন। সেখান থেকে তিনি নদীপথে সিরাজগঞ্জে চলে যান। ৬ এপ্রিল তিনি জরুরি কারণে বিন্যাফৈর গ্রামে আবার আসেন। পরে একটি নৌকা নিয়ে তিনি আসামের উদ্দেশে যাত্রা করেন। তাঁর সঙ্গে ছিলেন সিরাজগঞ্জের ন্যাপ (মোজাফফর) নেতা সাইফুল ইসলাম এবং আরেকজন কর্মী মুরাদউজ্জামান।

ভাসানীর ইচ্ছা ছিল ভারত হয়ে লন্ডনে যাওয়ার, লন্ডন থেকে বাংলাদেশের স্বাধীনতার পক্ষে প্রচার চালানো। ভারতে আসার ব্যাপারে তিনি তাঁর দলের কারও সঙ্গে আলাপ করেননি। তাঁর আশঙ্কা ছিল, দলের নেতারা তাঁকে চাপ দিয়ে পাকিস্তানের পক্ষে বিবৃতি আদায় করবে এবং পরে হয়তো তাঁকে চীনে পাঠিয়ে দেবে।[৪০]

২৩ এপ্রিল ভাসানীর একটি বিবৃতি *আনন্দবাজার পত্রিকার* প্রথম পাতায় ছাপা হয়। একই দিন তিনি মাও সেতুং, চৌ এন লাই ও রিচার্ড নিক্সনের কাছে ব্যক্তিগত বার্তা পাঠিয়ে বাংলাদেশে পাকিস্তানি বাহিনীর গণহত্যা সম্পর্কে অবহিত করেন এবং পাকিস্তানকে অস্ত্র সরবরাহ বন্ধের আহ্বান জানান।[৪১]

ইচ্ছা থাকা সত্ত্বেও ভাসানীর আর লন্ডনে যাওয়া হয়নি। তাঁকে কলকাতার পার্ক সার্কাস এলাকায় পার্ক স্ট্রিটে কোহিনূর প্যালেসের পঞ্চম তলার একটি ফ্ল্যাটে নিয়ে যাওয়া হয়। পরদিন তাঁর দুই সঙ্গীসহ তাঁকে গুরুসদয় দত্ত রোডের

গোয়েন্দা দপ্তরের প্রধান কার্যালয়ে নেওয়া হয়।[৪২] ১৯৭২ সালের ২২ জানুয়ারি বাংলাদেশে ফিরে আসার আগ পর্যন্ত তিনি ভারত সরকারের গোয়েন্দা নজরদারিতে ছিলেন। যদিও তাঁকে একজন জাতীয় নেতার মর্যাদা দেওয়া হয়েছিল, তাঁর চলাফেরার স্বাধীনতা ছিল না।

সেক্টর কমান্ডাররা যাঁর যাঁর মতন করে যুদ্ধ পরিচালনা করেছেন। কেন্দ্রীয় নিয়ন্ত্রণ ছিল না, তার সুযোগও ছিল না। কর্নেল ওসমানী নয় মাসের যুদ্ধকালে সম্ভবত মাত্র ১০ দিন সদর দপ্তরের বাইরে ছিলেন। এ প্রসঙ্গে লেখক মঈদুল হাসানের পর্যবেক্ষণ এখানে উদ্ধৃত করা হলো :

> তিনি (ওসমানী) সেক্টরগুলোকে বিক্ষিপ্ত অবস্থায় রাখলেন। সেক্টর কমান্ডাররা নিজেদের মতো করে নিয়ন্ত্রণহীন পরিবেশে, একই সঙ্গে নৈরাশ্য ও রাজনৈতিক উচ্চাকাঙ্ক্ষা নিয়ে বড় হয়েছেন। তাঁদের প্রত্যেকের মনস্তত্ত্ব গড়ে উঠেছে ওয়ারলর্ড বা সেনানায়কসুলভ আত্মগরিমায়। তাঁরা রাজনীতিবিদদের কর্মদক্ষতা ও দায়িত্ববোধের অভাব দেখে তাঁদের অশ্রদ্ধা করতে শেখেন। শেখ মুজিবুর রহমান সম্পর্কে অশ্রদ্ধাজনিত কথা সামরিক বাহিনীর কর্মকর্তাদের মুখে আমি এবং আরও অনেকেই ১৯৭১ সালে যুদ্ধ চলাকালে শুনেছি।[৪৩]

৩০-৩১ মে কলকাতার বেলেঘাটার একটি স্কুলে প্রবাসী বাম (পিকিংপন্থী) রাজনীতিকদের দুই দিনব্যাপী এক সম্মেলন বরদা চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সম্মেলনে মওলানা ভাসানীর নেতৃত্বে 'বাংলাদেশ জাতীয় মুক্তিসংগ্রাম সমন্বয় কমিটি' গঠন করা হয়। ভাসানী এ সভায় উপস্থিত ছিলেন না। সম্মেলনে উপস্থিত ছিলেন সাইফ-উদ-দাহার, মারুফ হোসেন, কাজী জাফর আহমদ, দেবেন শিকদার, আবুল বাশার, অমল সেন, নজরুল ইসলাম, শান্তি সেন, রাশেদ খান মেনন, হায়দার আকবর খান রনো, মোস্তফা জামাল হায়দার, নাসিম আলী প্রমুখ। সমন্বয় কমিটির সঙ্গে সংশ্লিষ্ট হয় ন্যাপ (ভাসানী), কমিউনিস্ট বিপ্লবীদের পূর্ব বাংলা সমন্বয় কমিটি, পূর্ব বাংলার কমিউনিস্ট পার্টি (দেবেন শিকদার), কমিউনিস্ট কর্মী সংঘ, বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (হাতিয়ার গ্রুপ), পূর্ব বাংলা কৃষক সমিতি, পূর্ব বাংলা শ্রমিক ফেডারেশন ও পূর্ব বাংলা বিপ্লবী ছাত্র ইউনিয়ন। ভাসানী সমন্বয় কমিটির প্রতিনিধিদের নিয়ে পাঁচদলীয় উপদেষ্টা কমিটিকে আরও বিস্তৃত করতে চেয়েছিলেন। কিন্তু আওয়ামী লীগ তাতে রাজি হয়নি।[৪৪]

ভাসানী-ন্যাপের সাধারণ সম্পাদক মসিয়ুর রহমান (যাদু মিয়া) কলকাতায় এসেছিলেন। তিনি ভাসানীর সঙ্গে যোগাযোগের অনেক চেষ্টা করেন। তিনি টাওয়ার লজে উঠেছিলেন। ভাসানী তাঁর সঙ্গে দেখা করতে অস্বীকৃতি জানান।

মুজিবনগর থেকে প্রকাশিত মুক্তিযুদ্ধের একটি পোস্টার

তাঁর ধারণা ছিল, যাদু মিয়া তাঁকে ভুলিয়ে ভালিয়ে ঢাকায় ফিরিয়ে নিয়ে যাবেন।[৪৫]

বামপন্থীদের ব্যাপারে প্রবাসী সরকারের উৎকণ্ঠা ছিল। অভিযোগ ছিল বিভিন্ন সেক্টরে মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ দেওয়ার ক্ষেত্রে বামপন্থী, বিশেষ করে ছাত্র ইউনিয়নের কর্মীদের সুযোগ দেওয়া হচ্ছে না। বিএলএফ (মুজিববাহিনী) নেতারাও সতর্ক ছিলেন, যাতে বামপন্থীরা ভারতীয় কর্তৃপক্ষের কাছ থেকে প্রশিক্ষণ এবং অস্ত্র হাতে না পায়। এ প্রসঙ্গে ক্যাপ্টেন রফিকুল ইসলাম (জুন মাস থেকে ১ নম্বর সেক্টরের অধিনায়ক) তাঁর একটি অভিজ্ঞতার বর্ণনা দিয়েছেন :

> ভারতীয় এলাকায় শ্রীনগর ফাঁড়ির কাছে (ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের শুভপুর সেতুর অদূরে) ন্যাশনাল আওয়ামী পার্টির (ভাসানী) ব্যারিস্টার আফসার স্থানীয় বিএসএফ কর্তৃপক্ষের সহযোগিতায় ছোট একটি ট্রেনিং ক্যাম্প

খুলেছিলেন।...একটি জাতির জীবনে এমন ভয়াবহ দুর্যোগের মুহূর্তে কোন মুক্তিযোদ্ধা কোন পন্থী এটি নিয়েও প্রশ্ন উঠবে তা আমরা ভাবতেও পারিনি।...কয়েকজন রাজনৈতিক ব্যক্তি আমাদের এই সরলতাকে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে বিকৃতভাবে উপস্থাপন করে এবং রাজনীতিতে আমাদের নিরপেক্ষ ভাবমূর্তি বিনষ্ট করার প্রচেষ্টা চালায়।...ক্যাম্পটি আমাদের মুক্তিযুদ্ধে কিছুটা হলেও অবদান রাখতে সক্ষম এটা অনুধাবন করা সত্ত্বেও রাজনৈতিক চাপের কারণে ভারত সরকার ক্যাম্পটি বন্ধ করে দিতে বাধ্য হয়।[৪৬]

'মুজিববাহিনী' নিয়ে মুক্তিযোদ্ধা সেনা কর্মকর্তাদের মধ্যে যথেষ্ট ক্ষোভ ছিল। বিষয়টি উঠে এসেছে তৎকালীন 'কমিউনিস্ট বিপ্লবীদের পূর্ব বাংলা সমন্বয় কমিটি'র নেতা কাজী জাফর আহমদের বিবরণে :

যুদ্ধ চলাকালে বেশ কয়েকবার আমার সঙ্গে বাঙালি সামরিক অফিসারদের, বিশেষ করে মেজর জিয়াউর রহমান, মেজর খালেদ মোশাররফ ও মেজর আবুল মঞ্জুরের বিস্তারিত আলোচনা হয়েছিল। আলোচনাকালে আমি তাঁদের মধ্যে আওয়ামী লীগ নেতাদের একাংশের কার্যকলাপ সম্পর্কে বিক্ষোভ লক্ষ করেছি। মুজিববাহিনী সম্পর্কে তাঁরা ছিলেন অত্যন্ত ক্ষুব্ধ।...কলকাতার একটি হোটেলে আমার সঙ্গে আলোচনা হয় মুজিববাহিনীর দুই নেতা এবং আমার এককালীন বন্ধু ও রাজনৈতিক প্রতিপক্ষ শেখ ফজলুল হক মণি ও সিরাজুল আলম খানের। মুজিববাহিনী গঠনের কারণ জিজ্ঞাসা করলে তাঁরা বলেছিলেন, 'আমরা নিশ্চিত নই যে মুজিব বেঁচে আছেন কি না, কিংবা তিনি জীবিত অবস্থায় ফিরে আসবেন কি না। যদি না আসেন তাহলে যে শূন্যতার সৃষ্টি হবে, তার জন্যই মুজিববাহিনী—যাতে (পরিহাসছলে) তোমরা কিংবা সামরিক বাহিনীর কোনো বাঙালি অফিসার সে শূন্যতার সুযোগ নিতে না পারো।' তাঁদের বক্তব্যে বোঝা গিয়েছিল যে তাঁরা বেঙ্গল রেজিমেন্টের কোনো কোনো কমান্ডার সম্পর্কে যথেষ্ট সংশয় ও আশঙ্কায় আছেন।[৪৭]

পূর্বাঞ্চলে বিএলএফের (মুজিববাহিনী) জন্য সদস্য রিক্রুটের দায়িত্ব পালনের সময় ওই অঞ্চলের সংগঠক আ স ম আবদুর রবের অভিজ্ঞতা থেকে জানা যায়, সেক্টর কমান্ডারদের কেউ কেউ মুজিববাহিনীর বিরোধিতা করেছেন। জিয়াউর রহমান তখন ত্রিপুরার হরিণা ক্যাম্পে ছিলেন। রব প্রায়ই সেই ক্যাম্পে যেতেন এবং ২০-৩০ জন তরুণকে প্রশিক্ষণের জন্য নিয়ে আসতেন। জিয়া এটি পছন্দ করতেন না। এ নিয়ে একটি মীমাংসার জন্য আওয়ামী লীগ নেতা এম এ হান্নান এবং ক্যাপ্টেন রফিকুল ইসলাম রবকে একবার হরিণা ক্যাম্পে নিয়ে যান জিয়ার সঙ্গে কথা বলার জন্য। ক্যাম্পে আটটি তাঁবু ছিল। জিয়া তার একটিতে থাকতেন, অন্য একটি ছিল হান্নানের। রব হান্নানের তাঁবুতে অনেক রাত পর্যন্ত অপেক্ষা করেও জিয়ার দেখা পাননি। জিয়ার সঙ্গে রবের কখনোই দেখা হয়নি।[৪৮]

ভারতে প্রবাসী আওয়ামী লীগ নেতাদের অন্যতম ছিলেন দলের সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান চৌধুরী। তাঁর মূল কাজ ছিল মাঝেমধ্যে মুক্তিযোদ্ধাদের ক্যাম্পে গিয়ে তরুণদের মনোবল চাঙা রাখার জন্য বক্তব্য দেওয়া। তিনি লক্ষ করলেন, আওয়ামী লীগের বিরুদ্ধে সেনাবাহিনীর বেশ কিছু কর্মকর্তা উসকানিমূলক কথাবার্তা বলেন। সরকার ও সেনাবাহিনীর মধ্যে যে বেশ টানাপোড়েন আছে, এটি তিনি বুঝতে পারলেন। এখানে তাঁর ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে উদ্ধৃত করা হলো :

1. You are instructed to tacle any of the following target on the 10th of OCTOBER when the MOON would not be in the sky:

   (a) RAZAKARS OR ENEMY COLLABORATORS

   (b) THANA

   (c) PETROL DUMP OR ELECTRIC SUPPLY

   (d) ENEMY COMMUNICATION such as BRIDGE or WIRELESS STATION etc.

2. No other target is to be tried beyond that.
3. Prior to or reach the target proper RECCE should be conducted, assesment MUST be calculated whether our strength is sufficient to cope with the situation.
4. In each district only 30% thanas should be selected for the ground of this operation. The remaining 70% should be remain untouched. While tacling a target proper care must be taken that our safe bases or areas where our teams are well-settled are not disturbed. These untouched or undisturbed thanas are to be used as ground of withdrawal.
5. Team Leaders or Sqdn Leaders of nearby thanas MUST sit together, discuss, asses and calculate carefully to select the targets, the ground of operation, bases to be used after action & withdrawal. They must reach to concensus in making all decissions and select a leader from themselves for this particular assignment.
6. All Arms, Ammunitions, & Demolitions are to be counted, assesment is to be made whether they are sufficiently equipped, both in men & material to take up this TASK.
7. No fresh supply or reinforcement is available to tacle this task. And our people MUST NOT show RISK or exuberance in trying a target incompatiable to their strength. All that they are to do MUST WITHIN THEIR ABILITY.
8. 100 % Gurantee MUST be assured that we dont give any casualty. Last withdrawal is allowed if it is sensed that our surprise would cost or has leaked out or informations are defective.
9. Discussions abou date/ and Targets MUST be kept restricted among the people who will participate. All possible security measures are to be scrupulously adopted.
10. On the 7th of OCTOBER one Corrier MUST reach to us at the HQ with objective details& briefs about how much preparations are made for wich target at where.
11. One special Corrier Must reach Within 36 Hours of action to us at the HQ with objective details of how much success we have obtained, and how much loss, if any, we have sustained.
12. Before going to the task special transport and medical resources are to be mobilised.
13. COY H/Q Team MUST keep vigillence on all teams or group of team s within their scope.
14. All this instructions must be followed keeping in mind GUERILLA's prerogatives of independence.
15. Inspite this special mission our policy to give priority to ORGANISATION remains in continuity.
16. Beyond the list we mentioned in ARTICLE 1 better targets are allowed to be tacled if they are easily available and does not involve undue RISK.
17. In tacling the RAZAKARS only the main men are to be taken. And each thana the number should not exceed THREE.
18. EVERY TEAM MUST FOLLOW THE GHQ INSTRUCTIONS SERIOUSLY.

Date: I.IO.7I.

By Order

GHQ. Moni

মুজিববাহিনীর সদস্যদের উদ্দেশে পূর্বাঞ্চলের অধিনায়ক শেখ ফজলুল হক মণির নির্দেশনামা

গেলেন এয়ার মার্শাল রহিম খান এবং চিফ অব জেনারেল স্টাফ গুল হাসান। নভেম্বরের ৬-৮ তারিখে তাঁরা বেইজিংয়ে চীনা নেতাদের সঙ্গে আলোচনা করেন। চীনা আলোচকদের মধ্যে উচ্চ পর্যায়ের নেতারা ছিলেন। তাঁদের মধ্যে ছিলেন প্রধানমন্ত্রী চৌ এন লাই এবং পররাষ্ট্রমন্ত্রী চেন ই। তাঁরা পাকিস্তানকে রাজনৈতিক ও কূটনৈতিক সমর্থনের আশ্বাস দিলেও সামরিক সমর্থনের ব্যাপারে কোনো অঙ্গীকার করেননি। তাঁরা আশঙ্কা প্রকাশ করেন যে শীত ক্রমেই জেঁকে বসছে। সিকিম সীমান্তে হিমালয়ে চীনা সেনা সমাবেশ করা এ সময় প্রায় অসম্ভব। সুতরাং চীনা সেনাবাহিনী এই মুহূর্তে কোনো ভূমিকা রাখতে পারবে না।[১১]

চৌ এন লাই 'পূর্ব পাকিস্তানের আন্দোলন' রাজনৈতিকভাবে মীমাংসার ওপর জোর দেন এবং শক্তি প্রয়োগ পরিস্থিতির আরও অবনতি ঘটাবে বলে মন্তব্য করেন। ওই সময় পাকিস্তানে একটি গুজব ছড়ানো হয়েছিল যে ভারত পাকিস্তানকে আক্রমণ করলে চীন পাকিস্তানের সাহায্যে এগিয়ে আসবে বলে চীনা নেতারা কথা দিয়েছেন। অথচ এ রকম কিছু আলোচনা হয়নি।[১২]

ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্সের (বিএসএফ) প্রধান কে এফ রুস্তমজির ডায়েরি থেকে জানা যায়, জেনারেল মানেকশ এবং অন্যান্য বাহিনীর প্রধানেরা জানতেন যে যুদ্ধের জন্য তাঁদের তৈরি হতে হবে। কিন্তু তখনো তাঁরা ইন্দিরার মন বুঝে উঠতে পারেননি। ৯ আগস্ট দিল্লিতে সোভিয়েত ইউনিয়নের সঙ্গে ভারতের ২০ বছর মেয়াদি 'মৈত্রী ও সহযোগিতা চুক্তি' সই হয়। আগস্টের শেষ দিকে ইন্দিরা গান্ধী পশ্চিমবঙ্গ সফরে যান। তিনি ঘুরে ঘুরে সামরিক প্রস্তুতি দেখেন এবং বাংলাদেশের মুক্তিবাহিনীর কয়েকটি শিবির ঘুরে দেখেন। তখন পর্যন্ত বিএসএফই মুক্তিযোদ্ধাদের সাহায্য দিয়ে আসছিল। সফর শেষে তিনি বিএসএফের ইন্সপেক্টর জেনারেল গোলক মজুমদারকে ডেকে খোলাখুলিভাবে জানতে চান, এই গতিতে চললে ঢাকায় পৌঁছাতে তাদের কত দিন লাগবে? জবাবে গোলক মজুমদার বলেন, 'ভারতীয় সেনাবাহিনীর সাহায্য ছাড়া কখনো সম্ভব নয়।' বিএসএফ পাকিস্তান সেনাবাহিনীর মোকাবিলা করতে পারবে না, ভারতীয় সেনা ও বিমানবাহিনীর সমর্থন লাগবে। ইন্দিরা একমত হন। তিনি বলেন, তাঁর চিন্তা হলো পশ্চিম সীমান্তে পাকিস্তানকে কীভাবে মোকাবিলা করা যাবে। মজুমদার বলেন, এ জন্য জমি ভালো রকম শুকনো থাকতে হবে, যাতে করে ট্যাংক চলতে পারে। তিনি জানতে চান, কখন সবুজ সংকেত পাওয়া যাবে? জবাবে ইন্দিরা বলেন, 'ধরুন, নভেম্বরের তৃতীয় সপ্তাহে।'[১৩]

মুক্তিযুদ্ধের প্রথম দিকে সোভিয়েত ইউনিয়নের তেমন জোরালো ভূমিকা ছিল না। সোভিয়েত সরকার পাকিস্তানি সামরিক বাহিনীর গণহত্যার সমালোচনা করলেও মুক্তিযুদ্ধকে জাতীয় মুক্তি আন্দোলন বলে স্বীকার করেনি। সোভিয়েত

৯ আগস্ট দিল্লিতে 'মৈত্রী ও সহযোগিতা চুক্তি' সই করছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী সরদার শরণ সিং ও সোভিয়েত ইউনিয়নের পররাষ্ট্রমন্ত্রী আঁদ্রে গ্রোমিকো

ইউনিয়নের কমিউনিস্ট পার্টির ২৪তম কংগ্রেসে ভারতের কমিউনিস্ট পার্টির (সিপিআই) নেতা রাজেশ্বর রাও সোভিয়েত নেতা বোরিস পনোমারিয়েভের কাছে বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্রতি সমর্থনের অনুরোধ জানালে সোভিয়েত নেতা তাঁকে তাড়াহুড়ো না করার এবং ইন্দিরা গান্ধী যেন রাজনৈতিক সমাধানের চেষ্টা করেন, সেই পরামর্শ দিয়েছিলেন। ন্যাপ (মো.) ও কমিউনিস্ট পার্টির (সিপিবি) নেতা পঙ্কজ ভট্টাচার্য এক সাক্ষাৎকারে জানিয়েছেন, মার্কিন নিরাপত্তা উপদেষ্টা হেনরি কিসিঞ্জারের জুলাই মাসে গোপনে চীন সফরের খবরটি প্রকাশ হয়ে যাওয়ায় ভারতের সঙ্গে কৌশলগত কারণে সোভিয়েত ইউনিয়নের সম্পর্ক ঘনিষ্ঠতর করার প্রশ্নটি অনিবার্য হয়ে ওঠে। ফলে ৯ আগস্ট ভারতের সঙ্গে সোভিয়েত ইউনিয়ন মৈত্রী চুক্তি সই করে। সে সময় থেকে সোভিয়েত প্রচারে বাংলাদেশের জাতীয় মুক্তি আন্দোলনের ধারণাটি উঠে আসে। মৈত্রী চুক্তির আগে পাকিস্তানকে এক রেখে বাংলাদেশ প্রশ্নের সমাধান করার সোভিয়েত অবস্থান মস্কোপন্থী ন্যাপ, কমিউনিস্ট পার্টি ও ছাত্র ইউনিয়নের জন্য অস্বস্তির কারণ হয়ে দাঁড়িয়েছিল। কারণ, এই দলগুলো সূচনা থেকেই মুক্তিযুদ্ধে জড়িয়ে পড়েছিল।[১৪]

এই সময় বুদাপেস্টে বিশ্বশান্তি সম্মেলনের আয়োজন হলে বাংলাদেশ সরকারের এটি প্রতিনিধিদল তাতে যোগ দেয়। দলের সদস্যদের মধ্যে ছিলেন আওয়ামী লীগ নেতা আবদুস সামাদ আজাদ, ন্যাপ নেতা দেওয়ান মাহবুব আলী ও কমিউনিস্ট পার্টির নেতা ডা. সারোয়ার আলী। ওই সম্মেলনে বাংলাদেশ প্রশ্নটি

আলোচ্যসূচিতে ঢোকানোর চেষ্টা সফল হয়নি। বাংলাদেশের প্রতিনিধিদলটি স্বাধীনতার সপক্ষে একটি ঘোষণাপত্র সঙ্গে এনেছিল। পশ্চিম ইউরোপের দেশগুলো আমাদের সমর্থন করলেও সোভিয়েত ইউনিয়নসহ পূর্ব ইউরোপের সোভিয়েত বলয়ের দেশগুলো সমর্থন জানায়নি। সে সময় মস্কোতে ভারতের রাষ্ট্রদূত ডি পি ধর প্রতিনিধিদলটিকে এই বলে আশ্বস্ত করেছিলেন যে, অল্প কয়েক দিনের মধ্যেই ভারত-সোভিয়েত মৈত্রী চুক্তি সই হতে চলেছে, যা পরে মুক্তিযুদ্ধের টার্নিং পয়েন্ট হয়ে দাঁড়ায়। এই চুক্তির পরোক্ষ ফল হলো মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী দলগুলোর একটি যুক্তফ্রন্ট গঠন করার তাগিদ। এ ব্যাপারে বাংলাদেশ সরকারের ওপর সোভিয়েত ইউনিয়ন ও ভারত ক্রমাগত চাপ দিতে থাকে। বর্ষীয়ান রাজনীতিক জয়প্রকাশ নারায়ণ এবং ডি পি ধরের চেষ্টা আর ভারত ও সোভিয়েত ইউনিয়নের চাপের কারণে বাংলাদেশ সরকারের অধিকাংশের ইচ্ছার বিরুদ্ধে ৮ সেপ্টেম্বর মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য একটি জাতীয় উপদেষ্টা কমিটি গঠন করা হয়। আওয়ামী লীগের সমর্থনের অভাবে এই কমিটি অকার্যকর থাকে। কমিটির সদস্য মাওলানা ভাসানী কমিটির কাজকর্ম নিয়ে অসন্তুষ্ট ছিলেন। মোজাফ্‌ফর আহমদও তাঁর হতাশার কথা গোপন রাখেননি। যদিও ভারত-সোভিয়েত মৈত্রী চুক্তির পর মস্কো বাংলাদেশের স্বাধীনতার প্রতি সমর্থন জোরদার করে। সেপ্টেম্বরের শেষ সপ্তাহে ইন্দিরা গান্ধীর মস্কো সফরের সময় সোভিয়েত ইউনিয়নের কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক লিওনিদ ব্রেজনেভ স্বীকার করেন যে, বাংলাদেশের বর্তমান পরিস্থিতিতে জাতীয় মুক্তি আন্দোলনের উপাদান রয়েছে। সাক্ষাৎকারে পঙ্কজ ভট্টাচার্য বলেন :

> ভারতের কমিউনিস্ট পার্টির নেতৃবৃন্দ, বিশেষ করে রাজেশ্বর রাও, এন কে কৃষ্ণান, ভূপেশ গুপ্ত, ভবানী সেন, কল্পনা দত্ত যোশী, রমেশচন্দ্র প্রমুখ আমাদের জন্য যা করেছেন, তা ভোলার নয়। তাঁদের কেউ কেউ পূর্ববঙ্গের বাসিন্দা ছিলেন। তাঁদের চেষ্টায় ভারতের সর্বোচ্চ পর্যায়ের নীতিনির্ধারকদের সঙ্গে আমরা যোগাযোগ করতে পেরেছিলাম। মে মাসেই আমাদের পার্টির সদস্যরা সামরিক প্রশিক্ষণ নেওয়া শুরু করেছিলেন। অনেক জায়গায় আমাদের প্রশিক্ষণ নিতে বাধা দেওয়া হয়। তবে ২ নম্বর সেক্টরে মেজর খালেদ মোশাররফের চেষ্টায় আমাদের দলের অনেকেই প্রশিক্ষণ পায়। তিনি বামপন্থীদের প্রতি সহানুভূতিশীল ছিলেন। পরে ভারত সরকারের সহযোগিতায় আমাদের ছেলেদের জন্য বিশেষ গেরিলা প্রশিক্ষণের ব্যবস্থা হয়েছিল আসামের তেজপুরে। মুক্তিবাহিনীতে (এফএফ) আমাদের যৌথ বাহিনীর ১২ হাজার তরুণ যোগ দিয়েছিলেন। বিশেষ গেরিলাবাহিনীর সদস্য ছিল প্রায় পাঁচ হাজার। প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ এবং মুক্তিবাহিনীর প্রধান কর্নেল ওসমানী আমাদের প্রতি যথেষ্ট সহানুভূতিশীল ছিলেন এবং প্রয়োজনীয় সহযোগিতা

দিয়েছিলেন। আমাদের গেরিলাবাহিনীর নেতাদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন মোহাম্মদ ফরহাদ, চৌধুরী হারুনর রশীদ, কমান্ডার আবদুর রউফ প্রমুখ।[১৫]

এপ্রিলেই জেনারেল মানেকশ ইন্দিরাকে জানিয়েছিলেন ২৫ নভেম্বরের আগে তাঁদের প্রস্তুতি শেষ হবে না। ১৫ নভেম্বর মে. জেনারেল জ্যাকব মে. জেনারেল ইন্দরজিত সিং গিলকে ব্যক্তিগত এক বার্তায় বলেন, 'পরিস্থিতি দ্রুত আক্রমণের

বাংলাদেশ প্রজাতন্ত্রের স্বীকৃতিলাভ

ভারতের প্রধানমন্ত্রীর ঘোষণা

কাহারা পক্ষে, কাহারা বিপক্ষে

ভুটানও স্বীকৃতি দিল

মোজাফ্‌ফরের অভিনন্দন

বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টির সাপ্তাহিক মুখপত্র

জাতিসংঘ নিরাপত্তা পরিষদে

রাশিয়ার ভেটোতে সাম্রাজ্যবাদী চক্রান্ত ব্যর্থতায় পর্যবসিত

একটি সময়োচিত সিদ্ধান্ত

মুজিবনগর থেকে প্রকাশিত ন্যাপ-এর মুখপত্র *নতুন বাংলা*য় ভারত কর্তৃক বাংলাদেশকে কূটনৈতিক স্বীকৃতি দেওয়ার খবর

জন্য তৈরি। বর্ষাকাল শেষ। সেনাবাহিনী তৈরি হওয়ার জন্য যথেষ্ট সময় পেয়েছে এবং হিমালয়ের ঠান্ডা আবহাওয়া চীনা সেনাদের যেকোনো পদক্ষেপ পর্যুদস্ত করবে।'[১৬]

২ ডিসেম্বর পূর্বাঞ্চলের পাকিস্তানি সামরিক কমান্ডার লে. জেনারেল আমির আবদুল্লাহ খান নিয়াজি ইয়াহিয়ার কাছে একটি দুঃসংবাদ পাঠান, 'ভারতীয় সেনাবাহিনী যশোর দখল করে নিয়েছে।' যদিও যশোর মুক্ত হয়েছিল ৬ ডিসেম্বর। ইয়াহিয়া সিদ্ধান্ত নেন, পাকিস্তান বিমানবাহিনী একযোগে ভারতের বিভিন্ন লক্ষ্যবস্তুতে হামলা চালাবে। ভারতীয় বিমানবাহিনীর শক্তি এত বেশি যে তারা আঘাত হানার আগেই পাকিস্তানকে তার কাজটি করে ফেলতে হবে। ৩ ডিসেম্বর যুদ্ধ খোলামেলাভাবে শুরু হয়ে যায়।[১৭] রাত ১২টা ২০ মিনিটে এক বেতার ভাষণে ইন্দিরা গান্ধী সারা ভারতে জরুরি অবস্থা ঘোষণা করেন এবং পাকিস্তানি বাহিনীর আক্রমণের সমুচিত জবাব দেওয়ার অঙ্গীকার করেন।

৪ ডিসেম্বর বাংলাদেশের ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম ও প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে বাংলাদেশকে অবিলম্বে স্বীকৃতি দেওয়ার অনুরোধ জানিয়ে আরেকটি চিঠি দেন। ৬ ডিসেম্বর লোকসভায় একটি বিবৃতি দিয়ে ইন্দিরা গান্ধী জানান, বাংলাদেশকে ভারত আনুষ্ঠানিক স্বীকৃতি দিয়েছে। তিনি বলেন, 'উদ্ভূত পরিস্থিতি এবং বাংলাদেশ সরকারের বারবার অনুরোধের পরিপ্রেক্ষিতে আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি, সতর্কতার সঙ্গে সবকিছু বিবেচনা করে ভারত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশকে স্বীকৃতি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।'[১৮] ইতিমধ্যে ভারতের পূর্বাঞ্চলের কমান্ডার লে. জেনারেল জগজিৎ সিং অরোরার অধীন সামরিক বাহিনী এবং বাংলাদেশের মুক্তিবাহিনীর সমন্বয়ে বাংলাদেশ-ভারত যৌথবাহিনী গঠন করা হয় এবং জেনারেল অরোরাকে যৌথবাহিনীর কমান্ডার হিসেবে নিয়োগ দেওয়া হয়।

জাতিসংঘের নিরাপত্তা পরিষদে পাকিস্তান-ভারত যুদ্ধ প্রসঙ্গ নিয়ে আলোচনা ওঠে। যুদ্ধবিরতির সব প্রস্তাবে সোভিয়েত ইউনিয়ন ভেটো দেয়।

জাতিসংঘে চীনের স্থায়ী প্রতিনিধি হুয়াং হুয়ার সঙ্গে ১০ ডিসেম্বর এক বৈঠকে নিক্সনের বরাত দিয়ে কিসিঞ্জার বলেন, চীন যদি ভারতকে তার নিরাপত্তার জন্য হুমকি মনে করে এবং চীন যদি নিরাপত্তা চায়, তাহলে যুক্তরাষ্ট্র চীনের ব্যাপারে অন্যদের নাক গলানোর বিরোধিতা করবে। আশু কর্তব্য হলো, পশ্চিম পাকিস্তানে আক্রমণ চালানো থেকে ভারতকে বিরত রাখা। যদি এ ব্যাপারে কিছু না করা হয়, তাহলে পূর্ব পাকিস্তান হবে ভুটান এবং পশ্চিম পাকিস্তান হবে নেপাল। তখন সোভিয়েত ইউনিয়নের সাহায্য নিয়ে ভারত অন্যান্য জায়গায় ইচ্ছেমতো তার শক্তি দেখানোর স্বাধীনতা পেয়ে যাবে।[১৯]

গণমাধ্যমে প্রকাশিত ইয়াহিয়া খানের জিহাদি হুংকার-সংবলিত বিজ্ঞাপন

পাকিস্তানের সামরিক বাহিনী পূর্বাঞ্চলে অগ্রসরমাণ মুক্তি ও মিত্রবাহিনীর মোকাবিলা করার সামর্থ্য পুরোপুরি হারিয়ে ফেলেছিল। জেনারেল নিয়াজির সঙ্গে আলোচনা করে জেনারেল রাও ফরমান আলী ঢাকায় জাতিসংঘের সহকারী মহাসচিব পল মার্ক হেনরির কাছে ১০ ডিসেম্বর একটি লিখিত প্রস্তাব দেন। প্রস্তাবে উল্লেখ করা হয় :

ক) যেহেতু রাজনৈতিক কারণে বিরোধ সৃষ্টি হয়েছে, এটি রাজনৈতিকভাবেই সমাধান করতে হবে।

খ) পাকিস্তানের প্রেসিডেন্টের দ্বারা আদিষ্ট হয়ে আমি পূর্ব পাকিস্তানের নির্বাচিত সব প্রতিনিধির কাছে ঢাকায় পূর্ব পাকিস্তানের জন্য শান্তিপূর্ণভাবে একটি সরকার গঠনের আহ্বান জানাচ্ছি।

গ) এই প্রস্তাবের সঙ্গে এটিও বলা দরকার যে পূর্ব পাকিস্তানের মানুষ দাবি করছে ভারতীয় বাহিনী পূর্ব পাকিস্তান ছেড়ে যাবে।

ঘ) শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তরের জন্য জাতিসংঘের কাছে আহ্বান জানিয়ে অনুরোধ করছি :

১) অবিলম্বে যুদ্ধবিরতি;

২) পূর্ব পাকিস্তান থেকে পাকিস্তান সেনাবাহিনীকে সসম্মানে পাকিস্তানে ফিরিয়ে নেওয়া;

৩) পাকিস্তানের সব কর্মকর্তা-কর্মচারীকে তাদের ইচ্ছা অনুযায়ী পশ্চিম পাকিস্তানে ফিরিয়ে নেওয়া;

৪) ১৯৪৭ সাল থেকে পূর্ব পাকিস্তানে বসবাসকারী সব মানুষের নিরাপত্তা;

৫) কারও বিরুদ্ধে প্রতিশোধমূলক ব্যবস্থা না নেওয়ার নিশ্চয়তা;

ঙ) আমি পরিষ্কার ভাষায় বলতে চাই, ক্ষমতা হস্তান্তরের ক্ষেত্রে এটি একটি সুনির্দিষ্ট প্রস্তাব;

চ) সেনাবাহিনীর আত্মসমর্পণের বিষয়টি বিবেচনা করা হচ্ছে না এবং এ প্রশ্নই ওঠে না। এই প্রস্তাব গ্রহণ করা না হলে সেনাবাহিনীর শেষ সদস্যটিও জীবন থাকতে যুদ্ধ চালিয়ে যাবে।[২০]

জাতিসংঘের মহাসচিব উ থান্ট প্রস্তাবটি পেয়ে পাকিস্তানের স্থায়ী প্রতিনিধিকে এর সত্যতা নিশ্চিত করতে বলেন। স্থায়ী প্রতিনিধি এ ব্যাপারে সরকারের নির্দেশনা চান। পররাষ্ট্রসচিব প্রস্তাবটি ইয়াহিয়ার কাছে নিয়ে গেলে তিনি প্রস্তাব থেকে পূর্ব পাকিস্তানে ক্ষমতা হস্তান্তর এবং পাকিস্তানি বাহিনী সরিয়ে নেওয়ার অনুচ্ছেদ দুটি বাদ দিয়ে মহাসচিবের কাছে পাঠাতে বলেন।[২১]

নবনিযুক্ত পররাষ্ট্রমন্ত্রী জুলফিকার আলী ভুট্টো নিউইয়র্কে পৌঁছান ১১ ডিসেম্বর। তিনি ফরমান আলী ও ইয়াহিয়া এ দুজনের কারও প্রস্তাবই আমলে না নেওয়ার জন্য মহাসচিবকে অনুরোধ করেন। ইয়াহিয়াকে পাঠানো এক বার্তায় ভুট্টো বলেন, 'আপনি জানেন যে আমি এ যুদ্ধের বিরোধী। উত্তেজনা প্রশমনের জন্য প্রকাশ্যেই আমি এ কথা বলছি। কিন্তু আমরা যেহেতু এখন যুদ্ধের মধ্যে আছি, আপনার ভাষায় "ইসলামের সৈনিক" হিসেবে আমরা শেষ পর্যন্ত লড়ে যাব।'[২২]

নিরাপত্তা পরিষদের অন্যতম সদস্য পোল্যান্ড একটি প্রস্তাব উত্থাপন করে। প্রস্তাবটি ছিল: তাৎক্ষণিক যুদ্ধবিরতি, সেনাবাহিনীকে পরস্পরের সীমান্তে ফিরিয়ে আনা এবং পূর্ব পাকিস্তান সমস্যার রাজনৈতিক মীমাংসা করা। প্রেসিডেন্ট ইয়াহিয়া এ প্রস্তাবের কথা জানতে পারেন সংবাদপত্রের মাধ্যমে। ওই সময় জাতিসংঘে পাকিস্তানি প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছিলেন ভুট্টো। তাঁকে খবর পাঠানো হলো, পোল্যান্ডের প্রস্তাব যেন গ্রহণ করা হয়। ইয়াহিয়া নিজে ভুট্টোর সঙ্গে কথা বলতে চেয়েছিলেন। কিন্তু অনেক যোগাযোগ করেও ভুট্টোকে খুঁজে পাওয়া যায়নি। ইয়াহিয়ার সঙ্গে তিনি আর যোগাযোগ করেননি। পোল্যান্ডের প্রস্তাব সাধারণ পরিষদে ১০৫ ভোটে পায়। সোভিয়েত ইউনিয়ন, ভারত এবং পূর্ব ইউরোপীয় অন্য দেশগুলো প্রস্তাবের বিপক্ষে ভোট দেয়। পোল্যান্ড সোভিয়েত প্রভাব বলয়ের একটি দেশ হওয়ায় একটি আপসরফার ক্ষীণ সম্ভাবনা তখনো ছিল এবং প্রস্তাবটি গৃহীত হলে পাকিস্তানের মুখ রক্ষা হতো। কিন্তু ভুট্টোর সন্দেহজনক অনুপস্থিতির কারণে অনেক দেরি হয়ে যায় এবং প্রস্তাবটি তার কার্যকারিতা হারায়।[২৩]

ভুট্টো ইয়াহিয়াকে নিয়ে খেলছিলেন। ভুট্টো ভেবেছিলেন, যুদ্ধ যদি বেশি দিন চলে এবং জাতিসংঘের মাধ্যমে যদি একটি মীমাংসা হয়, তাহলে তিনি এর কৃতিত্ব নেবেন। তিনি বলতে পারবেন, যুদ্ধবিরতির প্রস্তাবে তাৎক্ষণিকভাবে রাজি না হয়ে তিনি পাকিস্তানকে রক্ষা করেছেন। সামরিক কমান্ডাররা আত্মসমর্পণ করতে চেয়েছিল এবং তিনি এটি ঠেকিয়েছেন। সেনাবাহিনী যদি পরাজয় মেনে নেয়, তাহলে তারা আর ক্ষমতায় থাকতে পারবে না। সে ক্ষেত্রে সবচেয়ে বড় দলের নেতা হিসেবে তিনি (পশ্চিম) পাকিস্তানের ক্ষমতা হাতে নেবেন।[২৪]

কিসিঞ্জারের একটি বার্তা নিয়ে মার্কিন রাষ্ট্রদূত ফারল্যান্ড ১১ ডিসেম্বর পররাষ্ট্রসচিব সুলতান খানের সঙ্গে দেখা করেন। বার্তায় লেখা ছিল, 'যুক্তরাষ্ট্র সোভিয়েত ইউনিয়নকে শক্ত ভাষায় জানিয়ে দিয়েছে যে পাকিস্তানের উভয় অংশে অবিলম্বে যুদ্ধবিরতি না হলে যুক্তরাষ্ট্র চুপচাপ বসে থাকবে না। ভারতকেও যুদ্ধবিরতি মেনে নিতে বলা হয়েছে।' বার্তায় আরও বলা হয়, সপ্তম নৌবহর রওনা হয়েছে। এটি পরবর্তী ৪৮ ঘণ্টা না-ও দেখা যেতে পারে। পশ্চিম পাকিস্তানে তেলের যে মজুত আছে, তা দিয়ে ভারতকে দু-তিন সপ্তাহের বেশি ঠেকিয়ে রাখা যাবে না এবং এই সময়ের মধ্যে ভারতীয় বাহিনী পূর্ব পাকিস্তান থেকে সরে এসে পশ্চিম পাকিস্তান ফ্রন্টে যোগ দেবে। সুতরাং পাকিস্তানকে আরও ২৪ থেকে ৩৬ ঘণ্টা পূর্ব পাকিস্তানকে আগলে রাখতে হবে এবং এ সময় নিরাপত্তা পরিষদে যুদ্ধবিরতির প্রস্তাব তোলা যাবে না। এটি না হলে পাকিস্তানের দর-কষাকষির ক্ষমতা দারুণভাবে কমে যাবে।

কিসিঞ্জার তুরস্ক, ইরান, জর্ডান ও সৌদি আরবের সঙ্গে যোগাযোগ রাখছেন, যাতে পাকিস্তানকে তারা বিমান ও অন্যান্য সরঞ্জাম সরবরাহ করে। সুলতান খান জানতে চান, সপ্তম নৌবহরের গন্তব্য কোথায় এবং তার কাজটা কী? ফারল্যান্ড জবাবে বলেন, নৌবহর বঙ্গোপসাগরের দিকে যাচ্ছে। তবে কী জন্য তা তিনি জানেন না। পরবর্তী ঘটনাক্রম দেখে বোঝা গেছে, এটি ছিল সোভিয়েত ইউনিয়নকে ভয় দেখানোর একটি প্রতীকী চেষ্টা। তবে এতে কোনো কাজ হয়নি। যাঁরা ওই সময় ওয়াশিংটনে ঘটনাবলি পর্যবেক্ষণ করছিলেন, তাঁরা বুঝতে পেরেছিলেন যে কংগ্রেস ও গণমাধ্যম ছিল বৈরী এবং যুক্তরাষ্ট্রে যুদ্ধবিরোধী জনমত তখন তুঙ্গে। এ অবস্থায় পাকিস্তানকে বাঁচানোর জন্য সক্রিয় ভূমিকা নেওয়া যুক্তরাষ্ট্রের পক্ষে সম্ভব ছিল না। কিন্তু ডুবন্ত মানুষ খড়কুটো আঁকড়ে বাঁচতে চায়। সুলতান খানের ভাষ্যমতে, 'আমি যখন ভোর চারটায় ইয়াহিয়ার ঘুম ভাঙিয়ে কিসিঞ্জারের বার্তাটি পড়ে শোনালাম, তিনি আমাকে তখনই গভর্নর মালেককে ফোন করে যেকোনো মূল্যে পরবর্তী ৩৬ ঘণ্টা প্রতিরোধ চালিয়ে যাওয়ার নির্দেশ দিতে বললেন। একই বার্তা জেনারেল নিয়াজি ও ফরমান আলীকে দেওয়া হলো।'[২৫]

১৩ ডিসেম্বর দিবাগত রাত দুইটার সময় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নিক্সন ইয়াহিয়াকে টেলিফোন করেন। নিক্সন ইয়াহিয়াকে আশ্বস্ত করে বলেন, যুক্তরাষ্ট্র পাকিস্তানকে অত্যন্ত গুরুত্বপূর্ণ একজন বন্ধু মনে করে। তিনি আরও বলেন,

INSTRUMENT OF SURRENDER

The PAKISTAN Eastern Command agree to surrender all PAKISTAN Armed Forces in BANGLA DESH to Lieutenant-General JAGJIT SINGH AURORA, General Officer Commanding in Chief of the Indian and BANGLA DESH forces in the Eastern Theatre. This surrender includes all PAKISTAN land, air and naval forces as also all para-military forces and civil armed forces. These forces will lay down their arms and surrender at the places where they are currently located to the nearest regular troops under the command of Lieutenant-General JAGJIT SINGH AURORA.

The PAKISTAN Eastern Command shall come under orders of Lieutenant General JAGJIT SINGH AURORA as soon as this instrument has been signed. Disobedience of orders will be regarded as a breach of the surrender terms and will be dealt with in accordance with the accepted laws and usages of war. The decision of Lieutenant-General JAGJIT SINGH AURORA will be final, should any doubt arise as to the meaning or interpretation of the surrender terms.

Lieutenant-General JAGJIT SINGH AURORA gives a solemn assurance that personnel who surrender shall be treated with dignity and respect that soldiers are entitled to in accordance with provisions of the GENEVA Convention and guarantees the safety and well-being of all PAKISTAN military and para-military forces who surrender. Protection will be provided to foreign nationals, ethnic minorities and personnel of WEST PAKISTAN origin by the forces under the command of Lieutenant-General JAGJIT SINGH AURORA.

(JAGJIT SINGH AURORA) Lieutenant-General General Officer Commanding in Chief India and BANGLA DESH Forces in the Eastern Theatre 16 December 1971.	AAK Niazi Lt-Gen (AMIR ABDULLAH KHAN NIAZI) Lieutenant-General Martial Law Administrator Zone B and Commander Eastern Command (Pakistan) 16 December 1971

১৬ ডিসেম্বর ঢাকায় পাকিস্তানিদের আত্মসমর্পণের দলিল

ভারত মহাসাগরে অবস্থিত সপ্তম নৌবহরকে অবিলম্বে বঙ্গোপসাগরের দিকে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। যুক্তরাষ্ট্র অবশ্যই প্রয়োজনের সময় পাকিস্তানের পাশে থাকবে। এটি শুনেই ইয়াহিয়া জেনারেল হামিদকে বলেন, 'কাজ হয়ে গেছে, আমেরিকানরা রওনা হয়েছে।' পরবর্তী দিনগুলোতে পাকিস্তানিরা সপ্তম নৌবহরের আশায় দিন গুনছিল। কিন্তু তা আর কখনো আসেনি।[২৬]

১৪ ডিসেম্বর ভারতের বিমানবাহিনী ঢাকার গভর্নর হাউসে বোমা ফেলে। ভীতসন্ত্রস্ত গভর্নর আবদুল মোতালেব মালেক তাঁর মন্ত্রীদের নিয়ে হোটেল ইন্টারকন্টিনেন্টালে আশ্রয় নেন। এর আগেই এই হোটেলটিকে আন্তর্জাতিক রেডক্রসের তত্ত্বাবধানে নিরাপদ এলাকা হিসেবে ঘোষণা করা হয়েছিল।

জাতিসংঘের নিরাপত্তা পরিষদে যুদ্ধবিরতি, সেনা প্রত্যাহার এবং ভারত-পাকিস্তানের মধ্যে আলোচনা শুরুর তাগিদ দিয়ে তিনটি প্রস্তাব উত্থাপন করা হয়। একটি প্রস্তাব ছিল যুক্তরাষ্ট্রের, একটি ছিল যৌথভাবে বেলজিয়াম, ইতালি ও জাপানের এবং তৃতীয়টি ছিল আর্জেন্টিনা, বেলজিয়াম ও আরও সাতটি দেশের। সোভিয়েত ইউনিয়ন সব প্রস্তাবেই ভেটো দেয়। ১৩ ডিসেম্বর তাৎক্ষণিক যুদ্ধবিরতি ও নিজ নিজ সীমান্তে সেনা প্রত্যাহার করে নেওয়ার একটি প্রস্তাব যুক্তরাষ্ট্র উত্থাপন করলে সোভিয়েত ইউনিয়ন আবারও ভেটো দেয়।

১৪ ডিসেম্বর পোল্যান্ড যুদ্ধবিরতির একটি প্রস্তাব উত্থাপন করে। অনুমান করা যায়, পোল্যান্ডের প্রস্তাবে সোভিয়েত ইউনিয়নের সমর্থন ছিল। প্রশ্ন হলো, পাকিস্তান কেন ওই প্রস্তাবে রাজি হয়নি। রাজি হলে পাকিস্তানি বাহিনী লজ্জাজনক পরাজয়, আত্মসমর্পণ এবং যুদ্ধবন্দী হওয়ার গ্লানি থেকে রেহাই পেত। প্রস্তাবের প্রথম কয়টি অনুচ্ছেদ ছিল এ রকম :

ক) পূর্বাঞ্চলে শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বৈধভাবে নির্বাচিত প্রতিনিধিদের কাছে শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তর করা হবে, শেখ মুজিবকে তাৎক্ষণিকভাবে মুক্তি দিতে হবে।

খ) ক্ষমতা হস্তান্তরের পরপরই সব অঞ্চলে সামরিক কর্মকাণ্ড বন্ধ হবে এবং ৭২ ঘণ্টার যুদ্ধবিরতি শুরু হবে।

গ) যুদ্ধবিরতি শুরু হওয়ার সঙ্গে সঙ্গেই পাকিস্তানি সামরিক বাহিনী পূর্বাঞ্চল ছেড়ে আসার প্রক্রিয়া শুরু করবে।

ঘ) পশ্চিম পাকিস্তানি অসামরিক ব্যক্তি, যাঁরা বাড়ি ফিরে যেতে চান, জাতিসংঘের তত্ত্বাবধানে তাঁদের যাওয়ার সুযোগ নিশ্চিত করা হবে। তাঁদের কোনো হয়রানি করা হবে না।

ঙ) ৭২ ঘণ্টার মধ্যে সব পাকিস্তানি সেনা সরে আসার জন্য সমবেত হলে স্থায়ী যুদ্ধবিরতি বলবৎ হবে। পাকিস্তানি বাহিনী পূর্বাঞ্চল ছেড়ে আসার সঙ্গে সঙ্গে ভারতীয় বাহিনীও প্রত্যাহার করে নেওয়া হবে। তবে তাদের প্রত্যাহারের

বিষয়টি শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বৈধভাবে নির্বাচিত প্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তরের পর তাঁদের সঙ্গে আলোচনা করে ঠিক করা হবে।

চ) ভারত ও পাকিস্তান তাদের দখলকৃত এলাকা ছেড়ে দেবে এবং সেনাবাহিনীর প্রতিনিধিদের মাধ্যমে তাৎক্ষণিকভাবে আলোচনা শুরু করবে, যাতে যত তাড়াতাড়ি সম্ভব পশ্চিমাঞ্চলে এই নীতি বাস্তবায়িত হয়।[২৭]

জাতিসংঘে পাকিস্তানি প্রতিনিধিদলের নেতা ভুট্টো এই প্রস্তাব গ্রহণ করেননি। ১৫ ডিসেম্বর পোল্যান্ড একটি সংশোধিত প্রস্তাব উত্থাপন করে। এই প্রস্তাবে শেখ মুজিবের নাম উল্লেখ করা হয়নি, যদিও এই প্রস্তাব আগেরটির চেয়ে আলাদা ছিল না। পাকিস্তান তখনো আশা করছিল, শেষ মুহূর্তে চীন ও যুক্তরাষ্ট্র হস্তক্ষেপ করে পাকিস্তানকে এই বিপদ থেকে উদ্ধার করবে।[২৮]

১৫ ডিসেম্বর সংবাদ পাওয়া গেল, ঢাকায় পাকিস্তানিদের আত্মসমর্পণের তোড়জোড় চলছে। ভুট্টো নিরাপত্তা পরিষদের সভায় এসে নাটক করলেন। জাতিসংঘকে 'ফার্স অ্যান্ড ফ্রড' বলে তিনি হাতের কাগজগুলো ছিঁড়ে ফেলেন এবং পরিষদের সভা থেকে ওয়াকআউট করেন। পরে অবশ্য প্রচার করা হয়েছিল যে তিনি পোল্যান্ডের প্রস্তাব ছিঁড়ে ফেলেছেন।[২৯]

১৫ ডিসেম্বর সকাল থেকে দুপুর পর্যন্ত ভারতীয় দুটি বিমান থেকে ঢাকায় প্রচারপত্র ছাড়া হয়। প্রচারপত্রে পাকিস্তানের পূর্বাঞ্চলের সামরিক কমান্ডকে উদ্দেশ্য করে নিঃশর্ত আত্মসমর্পণের আহ্বান জানানো হয়েছিল। আত্মসমর্পণের সিদ্ধান্ত জানানোর জন্য ১৬ ডিসেম্বর সকাল নয়টা পর্যন্ত সময় বেঁধে দেওয়া হয়। পাকিস্তানের পূর্বাঞ্চলের কমান্ডার জেনারেল নিয়াজির সামনে আর কোনো পথ খোলা ছিল না। তিনি আত্মসমর্পণের সিদ্ধান্ত নেন।

১৬ ডিসেম্বর ভারতীয় সময় বেলা সাড়ে তিনটার দিকে জেনারেল অরোরা একটি হেলিকপ্টারে করে সস্ত্রীক ঢাকায় আসেন। তাঁর সঙ্গে অন্যান্যের মধ্যে ছিলেন বাংলাদেশ সরকারের প্রতিনিধি ডেপুটি চিফ অব স্টাফ গ্রুপ ক্যাপ্টেন এ কে খন্দকার। ভারতীয় সেনাবাহিনীর প্রধান জেনারেল মানেকশ ভারতীয় সময় বিকেল সাড়ে চারটায় আত্মসমর্পণ অনুষ্ঠানের আয়োজন করতে বলেছিলেন। অনুষ্ঠান শুরু হয় ২৫ মিনিট দেরিতে। ভারতীয় সময় বিকেল ৪টা ৫৫ মিনিটে (বাংলাদেশ সময় ৫টা ২৫ মিনিট) নিয়াজি আত্মসমর্পণের দলিলে স্বাক্ষর করেন।[৩০] মুক্তিবাহিনীর প্রধান কর্নেল এম এ জি ওসমানী আত্মসমর্পণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন না। 'কেউ একজন নৈতিক ভুলটা করে বাংলাদেশ আর্মির সঙ্গে বন্ধুত্বের বন্ধন সুদৃঢ় করার একটি ঐতিহাসিক সুযোগ নষ্ট করেছিল।'[৩১]

পাকিস্তানিদের আত্মসমর্পণ অনুষ্ঠানে ওসমানীর না থাকা নিয়ে পরে জল অনেক ঘোলা হয়েছে। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ শুরু হওয়ার সময় সারদা পুলিশ

একাডেমির অধ্যক্ষ ছিলেন আবদুল খালেক (পরে পুলিশের মহাপরিদর্শক ও স্বরাষ্ট্রসচিব)। তিনি মুজিবনগর সরকারে যোগ দিয়েছিলেন। তাঁর বর্ণনা থেকে জানা যায় :

> বিজয় যখন দিবালোকের মতো স্পষ্ট, তখন আত্মসমর্পণ উৎসবে আমাদের যোগদান সম্পর্কে যে কর্মসূচি গ্রহণ করা হয়, তাতে স্থির করা হয়েছিল ১৬ ডিসেম্বর কর্নেল ওসমানী, রুহুল কুদ্দুস ও আমি হেলিকপ্টারে ভারতীয় কমান্ডারকে নিয়ে ঢাকায় পৌঁছাব। দমদম এয়ারপোর্টে পৌঁছার জন্য আমাদের যে সময় দেওয়া হয়েছিল, তার ঘণ্টা খানেক আগে আমাদের প্রশাসনে কী যেন একটি হাশ হাশ পরিস্থিতির উদ্ভব হয়। আমি তার কিছুই আঁচ করতে পারিনি। রুহুল কুদ্দুস শুধু জানালেন যে কর্নেল ওসমানীকে কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না। কাজেই ডেপুটি কমান্ডার-ইন-চিফ এ কে খন্দকারকে খুঁজে বের করা হয়েছে। শুধু তিনি ঢাকায় যাবেন। আমরা দুজন যাব না। কর্নেল ওসমানীর সঙ্গে কার কী মতভেদ ঘটেছিল তা আর জানতে পারিনি।[৩২]

১৬ ডিসেম্বর বিকেলে ইন্দিরা গান্ধী সুইডেনের একটি টেলিভিশনের কর্মীদের সঙ্গে ছিলেন। এমন সময় জেনারেল মানেকশ তাঁকে টেলিফোনে পাকিস্তানি বাহিনীর আত্মসমর্পণের খবরটি দেন। ইন্দিরা দ্রুত চলে যান লোকসভায়। অধিবেশনকক্ষে তখন উৎকণ্ঠা, উত্তেজনা। এক লিখিত বিবৃতিতে ইন্দিরা বলেন, পশ্চিম পাকিস্তানি সেনারা নিঃশর্তভাবে আত্মসমর্পণ করেছে। ঢাকা এখন একটি স্বাধীন দেশের মুক্ত রাজধানী।[৩৩]

Over 30 lakh killed by Pak forces —Pravda

MOSCOW, Jan. 4 (ENA): The Communist Party newspaper Pravda has reported that over 30 lakh persons were killed throughout Bangladesh by the Pakistan occupation forces during the last nine months.

Said, Atiqur Rahman, [illegible] Rahman, Rehana Akhtar, Mahbuba Haider and others.

Observance of 'Mujib Day' discussed

A meeting of the Presidents and Secretaries of the Union Awami League units under [illegible]

মস্কো থেকে প্রকাশিত *প্রাভদায়* ছাপা সংবাদের সূত্র ধরে ৪ জানুয়ারি ১৯৭২ বার্তা সংস্থা 'এনা' পরিবেশিত খবর : পাকিস্তানিরা ৩০ লাখ মানুষকে হত্যা করেছে

যুদ্ধে পাকিস্তানি বাহিনীর প্রচুর ক্ষয়ক্ষতি হয়। পাকিস্তান সামরিক বাহিনীর অ্যাডজুট্যান্ট জেনারেলের দপ্তরের দেওয়া হিসাব অনুযায়ী, তাদের ৩৫৪ জন কমিশন্ড অফিসার, ১৯২ জন জুনিয়র কমিশন্ড অফিসার এবং ৫ হাজার ৩২০ জন সাধারণ সেনা নিহত হয়েছিল।[৩৪] আত্মসমর্পণের পর পাকিস্তান সেনাবাহিনীর ৫৪ হাজার ১৫৪ জন, নৌবাহিনীর ১ হাজার ৩৮১ জন, বিমানবাহিনীর ৮৩৩ জন, আধা সামরিক বাহিনী ও পুলিশের ২২ হাজার সদস্য, ১২ হাজার অসামরিক ব্যক্তিসহ মোট ৯০ হাজার ৩৬৮ জন যুদ্ধবন্দীকে ভারতে নিয়ে যাওয়া হয়েছিল।[৩৫]

যুদ্ধে ভারতীয় বাহিনীরও অনেক ক্ষয়ক্ষতি হয়। ভারতীয় কমিশন্ড অফিসারদের মধ্যে ৬৮ জন নিহত এবং ২১১ জন আহত হন। জুনিয়র কমিশন্ড অফিসারদের মধ্যে নিহত ও আহতের সংখ্যা ছিল যথাক্রমে ৬০ ও ১৬০, তিনজন নিখোঁজ হয়েছিলেন। এনসিওদের মধ্যে ৩ জন নিহত ও ১১ জন আহত হয়েছিলেন। সাধারণ সৈনিকদের মধ্যে ১ হাজার ২৯০ জন নিহত, ৩ হাজার ৬৭৬ জন আহত এবং ৬৩ জন নিখোঁজ হয়েছিলেন। মোট নিহত হয়েছিলেন ১ হাজার ৪২১ জন এবং আহত হয়েছিলেন ৪ হাজার ৫৮ জন।[৩৬]

যুদ্ধে মুক্তিবাহিনীর কতজন প্রাণ দিয়েছিলেন, তার সঠিক সংখ্যাটি এখনো অজানা। তবে নিয়মিত বাহিনীর মুক্তিযোদ্ধা সদস্যদের হিসাব পাওয়া যায়। পাকিস্তান সশস্ত্র বাহিনী থেকে আসা মুক্তিযোদ্ধাদের মধ্যে ১ হাজার ৬০৮ জন যুদ্ধে প্রাণ দিয়েছিলেন। তাঁদের মধ্যে অফিসার ছিলেন ৪৯ জন, জেসিও ৭৮ জন এবং অন্যান্য পদের সৈনিক ১ হাজার ৪৮১ জন। তাঁদের অনেকেই ২৫ মার্চ রাতে গ্রেপ্তার হয়েছিলেন এবং আটক অবস্থায় তাঁদের হত্যা করা হয়।[৩৭] এ ছাড়া পুলিশ বাহিনীর ১ হাজার ২৬২ জন সদস্য যুদ্ধে নিহত হয়েছিলেন।[৩৮] 'যুদ্ধে নিহত ইপিআরের বাঙালি সদস্যদের সংখ্যা ৮১৭।'[৩৯]

৩ ডিসেম্বর সর্বাত্মক যুদ্ধ শুরু হয়ে যাওয়ার পর মাত্র ১০-১২ দিনের মধ্যে বাংলাদেশ-ভারত যৌথ বাহিনী পাকিস্তানি সৈন্যদের সম্পূর্ণভাবে পরাজিত করে ফেলে। এত দ্রুত এই পর্ব শেষ হওয়াটি ছিল বিস্ময়কর। মাত্র ১২ দিনের যুদ্ধে ভারত পাকিস্তানকে হারিয়ে দিয়েছে এবং ভারতই বাংলাদেশকে স্বাধীন করে দিয়েছে—এমন একটা প্রচার আছে। এটা সত্যের অপলাপ।

ডিসেম্বরের শুরুতে বিজয়ের শর্তগুলো তৈরি করে দিয়েছিলেন এ দেশের হাজার হাজার মুক্তিযোদ্ধা এবং কোটি কোটি সাধারণ মানুষ। ভারতের পূর্বাঞ্চলের চিফ অব স্টাফ জেনারেল জ্যাকবের মূল্যায়ন হলো :

> বাংলাদেশ সেনাবাহিনী ও গেরিলাযোদ্ধারা এ ক্ষেত্রে নিয়ামক ভূমিকা রেখেছিলেন। প্রশিক্ষণ ও নেতৃত্বের সীমাবদ্ধতা সত্ত্বেও তাঁরা শত্রুকে হারাতে

> গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। দেশের ভেতরে বিধ্বংসী কর্মকাণ্ড চালিয়ে এবং শত্রুকে নানাভাবে হয়রানি করে তাঁরা জয়ের পথ সহজ করে দিয়েছিলেন। তাঁরা পাকিস্তানি বাহিনীর মনোবল পুরোপুরি ভেঙে দিয়েছিলেন; তাদের মনোবল এমন পর্যায়ে নেমে এসেছিল যে, বৈরী পরিবেশে তাদের সামর্থ্য তলানিতে ঠেকেছিল। তারা নিজ নিজ অবস্থানে অবরুদ্ধ হয়ে পড়েছিল। মুক্তিবাহিনী ও ইস্ট বেঙ্গল রেজিমেন্টের অর্জন ছিল বিশাল। বাংলাদেশ তাদের নিয়ে গর্ব করতে পারে। একটা চূড়ান্ত লড়াইয়ের প্রস্তুতিতে তাদের অবদান ছিল খুবই গুরুত্বপূর্ণ। দেশের স্বাধীনতা অর্জনে অবশ্যই তাদের অবদানের স্বীকৃতি দিতে হবে।[৪০]

ঢাকায় পাকিস্তানি বাহিনীর আত্মসমর্পণের মধ্য দিয়ে দেশটির ধর্মরাষ্ট্র হিসেবে প্রচারের ভিত্তিটা ধসে পড়ল বলে অনেকেই মনে করেন। পি এন হাকসারের মন্তব্য ছিল, হিন্দু আর মুসলমান যে দুটি আলাদা জাতি—এই প্রচার ছিল মানুষের তৈরি একটি নির্ভেজাল কেচ্ছা।[৪১] পাকিস্তানের নির্বাসিত লেখক-সাংবাদিক তারিক আলী পরে মন্তব্য করেছিলেন, উত্তর প্রদেশের মধ্যবিত্তের বৈঠকখানায় জন্ম নেওয়া দ্বিজাতিতত্ত্বকে বাংলার গ্রামে দাফন করা হয়েছে।[৪২]

মুক্তিযুদ্ধ চলাকালে নয় মাসে পাকিস্তানি সামরিক বাহিনী ও তাদের স্থানীয় সহযোগীরা এ দেশে নারকীয় হত্যাযজ্ঞ চালিয়েছে। কতজন যে যুদ্ধ ও গণহত্যার শিকার হয়েছেন, তার সঠিক হিসাব কোনো দিনই বের করা সম্ভব হবে না। মস্কো থেকে প্রকাশিত দৈনিক *প্রাভদা* পত্রিকায় নিহত মানুষের সংখ্যা ৩০ লাখের বেশি বলে উল্লেখ করা হয়েছিল। সংখ্যাটি উদ্ধৃত করে *বাংলাদেশ অবজারভার* ৫ জানুয়ারি (১৯৭২) একটি সংবাদ ছেপেছিল। পাকিস্তান অবশ্য সব সময় সংখ্যাটি অনেক কম দেখিয়ে নিজেদের অপরাধ আড়াল করার চেষ্টা করেছে।

বাংলাদেশে পাকিস্তানি সামরিক বাহিনী যে গণহত্যা চালিয়েছে, পাকিস্তান সরকার সব সময় তা ধামাচাপা দেওয়ার চেষ্টা করেছে। ১৯৭১ সালের যুদ্ধের ব্যাপারে অনুসন্ধান চালানোর জন্য পাকিস্তান সরকার ২৬ ডিসেম্বর (১৯৭১) একটি তদন্ত কমিশন গঠন করেছিল। পাকিস্তানের সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি হামুদুর রহমানকে প্রধান করে লাহোর হাইকোর্টের প্রধান বিচারপতি আনোয়ারুল হক এবং সিন্ধু ও বেলুচিস্তান হাইকোর্টের প্রধান বিচারপতি তোফায়েল আলী আবদুর রহমানকে এই কমিশনের সদস্য নিয়োগ করা হয়। কমিশন ১৯৭২ সালের ১ ফেব্রুয়ারি তথ্য জোগাড় করতে শুরু করে এবং ২৬ এপ্রিল পর্যন্ত তা চালু থাকে। কমিশন মোট ২১৩ জন ব্যক্তির সাক্ষাৎকার নিয়েছিল। সাক্ষাৎকারে দেওয়া তাঁদের কারও কারও বক্তব্যে পাকিস্তানি সামরিক বাহিনীর নৃশংসতার আংশিক ছবি ফুটে উঠেছে। তার কয়েকটি এখানে উদ্ধৃত করা হলো।

মেজর জেনারেল নজর হোসেন শাহ, জিওসি সপ্তদশ ডিভিশন, স্বীকার করেছেন, 'প্রচার ছিল যে অনেক বাঙালিকে বিচারবহির্ভূতভাবে হত্যা করা হয়েছে।'

৯৩-ক ব্রিগেডের কমান্ডার এবং ঢাকার দায়িত্বে নিয়োজিত আইএসআইয়ের স্ক্রিনিং কমিটির চেয়ারম্যান ব্রিগেডিয়ার আবদুল কাদির খান স্বীকার করেছেন, 'অনেক ক্ষেত্রে বাঙালিদের তুলে আনা হয়েছিল।'

লে. কর্নেল এস এম এইচ বোখারি বলেছেন, 'রংপুরে দুজন অফিসার ও ৩০ জন সেনাকে কোনো বিচার ছাড়াই খতম করা হয়েছে।' ৩৯ নম্বর বালুচ রেজিমেন্টের লে. কর্নেল এস এম নাঈমের ভাষ্য হলো, 'আমাদের অভিযানে নিরপরাধ মানুষ মারা গেছে এবং এর ফলে জনগণ আমাদের কাছ থেকে দূরে সরে গেছে।' ৫৩ ফিল্ড রেজিমেন্টের লে. কর্নেল ইয়াকুবের নির্দেশে ১৭ জন বাঙালি অফিসার ও ৯১৫ জন সেনাকে হত্যা করা হয়েছে। ৮ বালুচ রেজিমেন্টের লে. কর্নেল আজিজ আহমদ খান বলেছেন, 'ব্রিগেডিয়ার আরবাব জয়দেবপুরে সব ঘরবাড়ি ধ্বংস করে দিতে আমাকে নির্দেশ দিয়েছিলেন। আমি যত দূর সম্ভব এই আদেশ পালন করেছি। নিয়াজি ঠাকুরগাঁও ও বগুড়ায় আমার লোকদের দেখতে এসেছিলেন। তিনি জানতে চেয়েছিলেন, কতজন হিন্দুকে মারা হয়েছে? মে মাসে লিখিত নির্দেশ এসেছিল, সব হিন্দুকে হত্যা করতে হবে। ২৩ ব্রিগেডের ব্রিগেডিয়ার আবদুল্লাহ মালিক এই নির্দেশ দিয়েছিলেন।'[৪৩]

কমিশনের রিপোর্টে 'শৃঙ্খলা'বিষয়ক ২৮ নম্বর পরিচ্ছেদে বলা হয়, ১৯৭১ সালের মার্চ থেকে পূর্ব পাকিস্তানে বিদ্রোহ দমন করতে গিয়ে পাকিস্তান সেনাবাহিনী যা কিছু করেছে, বিভিন্ন জায়গা থেকে তার অনেক সমালোচনা হয়েছে। অভিযোগ আছে যে সেনাবাহিনী অতিরিক্ত শক্তি প্রয়োগ করেছে, অফিসার ও সেনারা যথেচ্ছ লুটপাট, অগ্নিসংযোগ ও ধর্ষণ করেছে। সেনারা ব্যাংক, দোকান এমনকি বাড়িঘরে ঢুকেও লুটতরাজ করেছে। অনেক জনপদ নিষ্ঠুরভাবে পুড়িয়ে দেওয়া হয়েছে এবং অসহায় নারীদের জোর করে ধরে এনে ধর্ষণ করা হয়েছে। পূর্ব পাকিস্তান থেকে ফিরে যাওয়া অসামরিক লোকেরাই শুধু এই অভিযোগ করেনি, সেনাবাহিনীর অনেক কর্মকর্তাও এসব কাজে অংশ নিয়েছে বলে জানিয়েছে।

রিপোর্টে আরও বলা হয়, সেনাসদর এবং পূর্বাঞ্চলের সামরিক কমান্ড থেকে বারবার বিজ্ঞপ্তি জারি করার পরও পরিস্থিতির উন্নতি হয়নি। কারণ, অপরাধীরা ধরা পড়ার পরও শাস্তি পায়নি। অভিযোগ আছে যে সার্বিক শৃঙ্খলা ভেঙে পড়ার প্রধান কারণ হলো সিনিয়র সামরিক কর্মকর্তাদের আচরণ সেনাদের চেয়ে কোনো অংশেই ভালো ছিল না। লুটপাট ও ধর্ষণের অভিযোগের কিছু তদন্ত হয়েছিল,

কিন্তু মনে হয় অপরাধীদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি।

এসব অভিযোগ অত্যন্ত গুরুতর এবং এটি বলা যাবে না যে পাকিস্তান সেনাবাহিনীর সম্মান নষ্ট করার জন্য এসব অভিযোগ তোলা হয়েছে। ঢাকার কর্তৃপক্ষ বলছে, সেনাবাহিনী পূর্ব পাকিস্তানে ৩০ লাখ লোককে হত্যা করেছে। ইয়াহিয়ার প্রশাসন এ বিষয়ে কোনো নির্ভরযোগ্য তথ্য দেয়নি। সেনাসদর থেকে জানানো হয়েছে, আনুমানিক ২৬ হাজার মানুষ সেনা অভিযানে মারা গেছে। সেনা আক্রমণে ঠিক কতজন নিহত হয়েছে, তার সঠিক সংখ্যাটি বের করা দরকার, অন্যান্য নৃশংসতার তথ্যও জানানো প্রয়োজন। এ জন্য একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন আদালত বা তদন্ত কমিশন গঠন করা দরকার। এই কমিশন এসব অভিযোগের তদন্ত করে দায়ী ব্যক্তিদের চিহ্নিত করবে। যারা পাকিস্তান সেনাবাহিনীর বদনামের কারণ হয়েছে এবং যাদের নিষ্ঠুরতার কারণে জনগণ মুখ ফিরিয়ে নিয়েছে, তাদের প্রাপ্য সাজা দিতে হবে। তদন্ত আদালতের গঠনপ্রক্রিয়া জনগণকে জানাতে হবে, যেন দেশের মানুষ ও আন্তর্জাতিক সম্প্রদায় সন্তুষ্ট হয়।[৪৪]

একাত্তরের নয় মাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিহত হয়েছেন ১৫২ জন। এর মধ্যে ২০ জন শিক্ষক, ১০২ জন ছাত্র এবং ৩০ জন কর্মকর্তা-কর্মচারী।[৪৫] দরিদ্র সাধারণ মানুষই নিহত হয়েছেন বেশি। শহীদের মধ্যেও শ্রেণিবিভক্তি হয়েছে। কেউ কেউ তারকাখ্যাতি পেয়েছেন। অন্যরা অপাঙ্‌ক্তেয় রয়ে গেছেন। শহীদ এখন একটি সংখ্যাবাচক শব্দ। তাঁদের নামের কোনো পরিপূর্ণ তালিকা নেই। মানুষ মারতে গিয়ে একজন পাকিস্তানি সেনা কর্মকর্তা ভারসাম্য হারিয়ে ফেলেছিল। তাকে চিকিৎসার জন্য রাওয়ালপিন্ডির সম্মিলিত সামরিক হাসপাতালে নেওয়া হয়। সে ছিল মানসিকভাবে বিপর্যস্ত। সে একাই ১৪ হাজার মানুষ মেরেছে। একটি দুঃস্বপ্ন তাকে তাড়া করে বেড়াচ্ছে।[৪৬]

এ যুদ্ধে ভারতীয় সামরিক বাহিনীর অনেক সদস্য হতাহত হয়েছিলেন। ২৭ ডিসেম্বর (১৯৭১) যুক্তরাষ্ট্রের এনবিসিকে এক সাক্ষাৎকার দেওয়ার সময় একজন সাংবাদিক ইন্দিরা গান্ধীকে প্রশ্ন করেছিলেন, 'মাননীয় প্রধানমন্ত্রী, যুদ্ধে আপনার দেশ অনেক মূল্য দিয়েছে। বিনিময়ে ভারত কী পেয়েছে?' এ প্রশ্নের জবাব ইন্দিরা ছোটবেলা থেকে শুনে আসা রালফ চ্যাপলিনের একটি কবিতার চার লাইন উদ্ধৃত করে বলেন :

মোর্ন নট দ্য ডেড
বাট র‍্যাদার মোর্ন দ্য প্যাথেটিক থ্রং
হু সি দ্য ওয়ার্ল্ডস গ্রেট অ্যাংগুইশ অ্যান্ড ইটস রং
বাট ডেয়ার নট স্পিক

(মৃতের জন্য কেঁদো না
বরং জমে থাকা ভুলের জন্য কাঁদো
জগতের সব দুঃখ আর অন্যায় দেখেও
কেন প্রতিবাদ করে না কেউ)

তিনি আরও বলেন, 'আমরা মনে করি, ভারত কথা বলেছে কেবল বাংলাদেশের মানুষের জন্য। ভারতের জন্য নয় শুধু, দুনিয়ার সব নির্যাতিত মানুষের জন্য।...আমি আশা করব, মার্কিন প্রশাসন রাগ ভুলে সবকিছু নতুন করে দেখবে।'[৪৭]

১৯৭২ সালের জানুয়ারিতে ডি পি ধরের সঙ্গে প্রথম সাক্ষাতেই শেখ মুজিব জিজ্ঞেস করেছিলেন, 'বাংলাদেশে পাকিস্তানি বাহিনীর আক্রমণের সঙ্গে সঙ্গেই ভারত হস্তক্ষেপ করেনি কেন? এটি করলে কম ভুগতে হতো এবং অনেক জীবন বেঁচে যেত।'[৪৮]

ইতিহাসের পুনরাবৃত্তি বিয়োগান্ত হয়। অনেক রক্তের বিনিময়ে বাংলাদেশের জন্ম। বাইরের দুনিয়ায় দ্বিজাতিতত্ত্বের বেলুনটা ফুটো হয়ে গেলেও বাংলাদেশের ভেতরে বড় একটি জনগোষ্ঠীর মনের মধ্যে এই তত্ত্বের আগুন ধিকি ধিকি করে জ্বলছিল। একাত্তরে আগুনটা সাময়িকভাবে চাপা পড়েছিল। ক্রমেই তার শিখাটা লকলকে জিহ্বা বের করতে থাকে। অল্প কয়েক বছরের ব্যবধানে দেখা যায়, বাংলাদেশ আবারও ১৯৪০-এর দশকের ধর্মীয় জাতীয়তার ধোঁয়ায় আচ্ছন্ন হয়ে গেছে। লেখক-রাজনীতিবিদ আবুল মনসুর আহমদের ভাষ্য হলো :

প্রকৃত অবস্থাটা এই যে বাংলাদেশের স্বাধীনতায় পাকিস্তানও ভাঙে নাই, 'দ্বিজাতি তত্ত্ব'ও মিথ্যা হয় নাই। এক পাকিস্তানের জায়গায় লাহোর প্রস্তাবমতো দুই পাকিস্তান হইয়াছে। ভারত সরকার লাহোর প্রস্তাব বাস্তবায়নে আমাদের সাহায্য করিয়াছে। তারা আমাদের কৃতজ্ঞতার পাত্র। দুই রাষ্ট্রের নামই পাকিস্তান হয় নাই, তাতেও বিভ্রান্তির কারণ নাই। লাহোর প্রস্তাবে 'পাকিস্তান' শব্দটার উল্লেখ নাই, শুধু 'মুসলিম-মেজরিটি রাষ্ট্রের' উল্লেখ আছে। তার মানে রাষ্ট্র-নাম পরে জনগণ দ্বারা নির্ধারিত হওয়ার কথা। পশ্চিমা জনগণ তাদের রাষ্ট্র-নাম রাখিয়াছে 'পাকিস্তান'। আমরা পূরবীরা রাখিয়াছি বাংলাদেশ। এতে বিভ্রান্তির কোনো কারণ নাই।[৪৯]

যুদ্ধে পাকিস্তানের শোচনীয় পরাজয়ের পর ইয়াহিয়ার পক্ষে আর ক্ষমতায় থাকা সম্ভব ছিল না। সেনাবাহিনীর সম্ভাব্য বিদ্রোহের মুখে তিনি অসামরিক কর্তৃত্বের কাছে ক্ষমতা হস্তান্তরের সিদ্ধান্ত নেন। ২০ ডিসেম্বর তিনি ভুট্টোকে প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক নিয়োগ করেন। ভুট্টো তখন রোমে ছিলেন। তাঁকে আনার জন্য একটি বিশেষ বিমান পাঠানো হয়। ভুট্টো ক্ষমতা গ্রহণ করেই ইয়াহিয়াকে অন্তরীণ এবং সাতজন জেনারেলকে বরখাস্তের নির্দেশ

দেন। শেখ মুজিবকে ২৬ ডিসেম্বর জেল থেকে প্রথমে একটি অতিথিশালায় নেওয়া হয়। এক রাত সেখানে থাকার পর তাঁকে রাওয়ালপিন্ডির সিহালা গেস্টহাউসে স্থানান্তর করা হয়। ২৭ ডিসেম্বর ভুট্টো শেখ মুজিবের সঙ্গে দেখা করেন। মুজিব তখনো জানতেন না, ভুট্টো পাকিস্তানের প্রেসিডেন্ট হয়েছেন। ভুট্টো মুজিবকে জানালেন, এখন তিনিই প্রেসিডেন্ট। ইয়াহিয়া মুজিবের ফাঁসি চেয়েছিলেন, তিনিই (ভুট্টো) এতে আপত্তি জানিয়েছিলেন। তাঁদের কথোপকথন ছিল এ রকম :

মুজিব : আমি সুখী। আমাকে বাংলাদেশের অবস্থা বলুন। আমি খুবই উত্তেজিত।

ভুট্টো : সোভিয়েত যুদ্ধজাহাজের সহযোগিতায় ভারতীয় সেনাবাহিনী ঢাকা দখল করেছে।

মুজিব : তার মানে, ওরা আমাদের মেরে ফেলেছে? আমার ঢাকায় যাওয়ার ব্যবস্থা করুন। আপনাকে কথা দিতে হবে, ভারতীয়রা যদি আমাকে জেলে পাঠায়, আমি আপনার সাহায্য পাব। আপনাকে আমার জন্য লড়তে হবে।

ভুট্টো : মুজিব, আমাদের একসঙ্গে লড়াই করতে হবে।

মুজিব : না, না, আমাকে সবকিছু ঠিক করতে হবে। আমি নিশ্চিত, সেখানে দখলদার বাহিনী আছে। আওয়ামী লীগ তাদের হটাতে পারবে না। আমি আপনার সাহায্য চাই। বিশ্বাস করুন, আমি কখনো ভারতীয়দের চাইনি। আপনি কি আমার কথা বিশ্বাস করছেন না?

ভুট্টো : আমি আপনাকে বিশ্বাস করি। তা না হলে আমি কি এ কাজ করতাম? প্রথমেই আমি জেল থেকে আপনার মুক্তির ব্যবস্থা করেছি এবং তারপর এখানে এনেছি। আইয়ুবের সময় আমিও একই জেলে, একই সেলে বন্দী ছিলাম।

মুজিব : আপনি কি মিলিটারিকে সরিয়ে দিয়েছেন?

ভুট্টো : এটি আর কোনো বিষয় নয়। মিলিটারি আর ফিরে আসবে না। আমি এখন পাকিস্তানের ঐক্য চাই, আপনার দেওয়া যেকোনো শর্তে। আপনি যদি প্রেসিডেন্ট হতে চান, তাতেও আমার আপত্তি নেই। আপনি ইচ্ছা করলে প্রধানমন্ত্রীও হতে পারেন। অথবা আপনার অনুমোদন নিয়ে আমি প্রধানমন্ত্রী থাকতে পারি। প্রতিটি অংশের যার যার মতো সংবিধান তৈরির স্বাধীনতা থাকবে, যেমনটি আপনি চেয়েছিলেন। খোদা কি লিয়ে পাকিস্তানকো কিসি তারে বাঁচাও। (আল্লাহর ওয়াস্তে যেভাবেই হোক পাকিস্তানকে বাঁচাও)

মুজিব : ইয়ার মুঝে জানে তো দো না (বন্ধু, আমাকে তো আগে যেতে দাও)?

ভুট্টো : মুজিব ভাই, আমাদের একত্রে থাকার কোনো সম্ভাবনা আছে কি?

মুজিব : আমি আমার লোকদের সঙ্গে দেখা করব, তাদের সঙ্গে আলাপ করে আপনাকে জানাব। আমি কথা দিচ্ছি। ইনশাআল্লাহ আমরা একটা কিছু করব। এ ব্যাপারে আমি এখনই কথা দিতে পারছি না। আপনি আমার অবস্থা বুঝতে চেষ্টা করুন।[৫০]

পাকিস্তানের পররাষ্ট্রসচিব সুলতান খানের মতে, ভুট্টোকে মুজিব এসব কথা বলেছিলেন তাঁকে খুশি করার জন্য, তাঁর নিরাপত্তা ও মুক্তির জন্য। তাঁর সন্দেহ ছিল, তাঁকে আটকে রাখার জন্য নানান ছুতো তৈরি করা হতে পারে।[৫১]

বিচার চলাকালে শেখ মুজিব জানতে পেরেছিলেন, কামাল হোসেন পশ্চিম পাকিস্তানের একটি কারাগারে আছেন। তিনি ভুট্টোকে অনুরোধ করলেন কামাল হোসেনকে যেন এই গেস্টহাউসে নিয়ে আসা হয়। পরদিন কামাল হোসেনকে হরিপুর জেল থেকে মুক্তি দিয়ে এই গেস্টহাউসে নিয়ে আসা হয়। তাঁদের রেডিও ও সংবাদপত্র সরবরাহ করা হয়।

আজিজ আহমদকে ভুট্টো পররাষ্ট্র প্রতিমন্ত্রী নিয়োগ করেছিলেন। আজিজ আহমদ শেখ মুজিবের ঢাকায় যাওয়ার ব্যাপারে আলাপ করতে এলেন। শেখ মুজিব অনুরোধ করলেন, জাতিসংঘ বা রেডক্রসের একটি বিমানে করে যেন তাঁকে পাঠানো হয়। আজিজ আহমদ জানালেন, এটি সম্ভব নয়। তাঁকে পিআইএর একটি বিমানে পাঠানো হবে। কিন্তু যেহেতু ভারতের ওপর দিয়ে বিমান যেতে পারবে না, তাই তাঁকে তেহরানে নিয়ে যাওয়া হবে এবং সেখান থেকে অন্য একটি বিমানে তাঁকে ঢাকায় পাঠানো হবে। শেষে ঠিক হয়, তাঁকে লন্ডনে পাঠিয়ে দেওয়া হবে। এয়ার মার্শাল জাফর চৌধুরীকে ব্যবস্থা করার দায়িত্ব দেওয়া হলো। দু-তিন দিন পর কামাল হোসেনের পরিবারকে করাচি থেকে ইসলামাবাদে নিয়ে আসা হলো।[৫২]

৭ জানুয়ারি রাতে রওনা হওয়ার আগে ভুট্টো শেখ মুজিবের সঙ্গে আবার দেখা করেন। পাকিস্তানের পররাষ্ট্র দপ্তর শেখ মুজিব ও কামাল হোসেনের জন্য পাকিস্তানি কূটনৈতিক পাসপোর্টের ব্যবস্থা করে। এ জন্য পররাষ্ট্র দপ্তর রাত অবধি খোলা রাখা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা বিরজিস হাসান খানের স্বাক্ষরিত পাসপোর্ট নিয়ে তাঁরা তৈরি হলেন লন্ডনে যাওয়ার জন্য। বিমানবন্দরে ভুট্টো মুজিবকে ২৭ ডিসেম্বরের আলোচনার কথা স্মরণ করিয়ে বলেন, 'আপনি বলেছিলেন, আমরা দেশরক্ষা, পররাষ্ট্র এবং মুদ্রা—এর দুটি বা তিনটি জিনিস একত্রে রাখতে পারি। যত হালকা হোক, কনফেডারেশনে আমার আপত্তি নেই।' মুজিব আপত্তি জানিয়ে বলেন, 'না, না আমি আপনাকে আগেই বলেছি, অপেক্ষা করুন, আমরা একটা কিছু ব্যবস্থা করতে পারব। এটি আপনার আর আমার মধ্যকার একান্ত বিষয়। আশা করি, আপনি এ কথা কাউকে বলেননি।' ভুট্টো

কথা দিলেন, তিনি বিষয়টি পুরোপুরি গোপন রাখবেন। ভুট্টো বললেন, মিটমাট করার জন্য প্রয়োজনে তিনি ঢাকায় যেতে রাজি। জবাবে মুজিব বললেন, 'না, না আমি আমার লোকদের সঙ্গে দেখা করব। আমি সময় চাই। আমি পরে জানাব।' ভুট্টো শেখ মুজিবের হাতে ৫০ হাজার ডলারের একটি তোড়া দিয়ে বললেন, 'এটা আপনার খরচের জন্য।' মুজিব তা নিতে অস্বীকার করে বলেন, 'এটি বিমান চার্টার করার খরচ হিসেবে রেখে দিন।'[৫৩]

ভুট্টো ও মুজিব পরস্পরকে আলিঙ্গন করলেন। পিআইএর বিশেষ বিমানটি শেখ মুজিব, কামাল হোসেন ও তাঁর পরিবারকে নিয়ে ৭ জানুয়ারি মাঝরাতে রওনা হলো। ভুট্টো স্বগতোক্তি করলেন, 'পাখি উড়ে গেছে।' পরদিন ভোর সাড়ে ছয়টায় বিমানটি লন্ডনের হিথরো বিমানবন্দরে পৌঁছায়। শেখ মুজিব বিমান থেকে মুক্ত মানুষ হিসেবে নামলেন। সঙ্গে সঙ্গে পাকিস্তানের সঙ্গে সম্পর্ক সম্পূর্ণ ছিন্ন হয়ে গেল, যে পাকিস্তান প্রতিষ্ঠার জন্য একদিন তিনি লড়াই করেছিলেন।[৫৪]

পাকিস্তানের এই বিয়োগান্ত পরিণতির জন্য কে কতটা দায়ী, তা নিয়ে পাকিস্তানে অনেক বছর ধরেই একাডেমিক আলোচনা হচ্ছে। বাংলাদেশে এটি এখনো শুরু হয়নি। হয়তো সেই পরিবেশ নেই। মুজিব, ভুট্টো, ইয়াহিয়া তিনজনই জানতেন, পাকিস্তান ভাঙছে। শেখ মুজিবের হারানোর কিছু ছিল না। পাকিস্তান থাকলে তিনিই সরকার চালাবেন, পাকিস্তান ভাঙলে বাংলাদেশ তাঁরই থাকবে। কেননা তিনি তখন বাঙালির একচ্ছত্র নেতা। সাধারণ মানুষ তাঁর পেছনে এককাট্টা।

সশস্ত্র বাহিনীর প্রধান হিসেবে ইয়াহিয়ার সংকটটা অন্য রকম। সেনাবাহিনী চলবে কী করে। শেখ মুজিব যে ফর্মুলা দিয়েছেন, তাতে করে কেন্দ্রীয় সরকারকে চলতে হবে প্রদেশগুলো থেকে পাওয়া চাঁদার টাকায়। পাকিস্তানের সশস্ত্র বাহিনী রীতিমতো একটি শ্বেতহস্তী। ইয়াহিয়ার পক্ষে এটি কোনো রকমেই মেনে নেওয়া সম্ভব ছিল না।

পাকিস্তানের ঐক্য নিয়ে ভুট্টোর মাথাব্যথা ছিল না। বরং পাকিস্তান ভাঙলেই তাঁর সুবিধা। পাকিস্তান এক থাকলে তাঁকে আজীবন বিরোধী দলের বেঞ্চেই বসতে হবে। উচ্চাকাঙ্ক্ষী ও ক্ষমতালিপ্সু ভুট্টোর পক্ষে এটি হজম করা ছিল প্রায় অসম্ভব। তাই দুই গণপরিষদের পক্ষে তিনি সাফাই গেয়েছিলেন। যদিও পশ্চিম পাকিস্তানে পাঞ্জাব ও সিন্ধু প্রদেশে ছিল তাঁর দলের সংখ্যাগরিষ্ঠতা। সমগ্র পশ্চিম পাকিস্তানে তাঁর দল শতকরা ৪০ ভাগ ভোট পেয়েছিল। কিন্তু তিনি পশ্চিম পাকিস্তানের একক প্রতিনিধির মতো হুংকার দিতে থাকলেন। এখানেও ভুট্টোর সমস্যা ছিল।

বাংলাদেশ আলাদা হলেও পশ্চিম পাকিস্তানকে যে তিনি পকেটে পুরতে পারবেন, তার নিশ্চয়তা ছিল না। তিনি ভালো করেই জানতেন, পশ্চিমে তাঁর

অবস্থান নিরঙ্কুশ নয়। সেনাবাহিনী সেখানে ক্ষমতার প্রতিদ্বন্দ্বী। সেনাবাহিনীকে তোয়াজ করেই তাঁকে চলতে হবে। সুতরাং তাঁর পথের কাঁটা হয়ে দাঁড়াল ইয়াহিয়া ও সশস্ত্র বাহিনী। ইয়াহিয়া সরে গেলেও সেনাবাহিনী থেকে যাবে। আরেকজন উচ্চাকাঙ্ক্ষী জেনারেল তখন তাঁর ঘাড়ে নিশ্বাস ফেলবে। সুতরাং ভুট্টো এক ঢিলে দুই পাখি মারার ফন্দি আঁটলেন। তাঁর চিন্তা হলো, পাকিস্তানকে এমন জায়গায় নিয়ে যেতে হবে, যাতে ইয়াহিয়াকে সরে যেতে হয় এবং মানুষ সেনাবাহিনীর ওপর বীতশ্রদ্ধ হয়, মুখ ফিরিয়ে নেয়।

জাতিসংঘের সাধারণ পরিষদে পোল্যান্ডের প্রস্তাব আলোচনার সময় তাঁর সন্দেহজনক অনুপস্থিতি ঢাকা থেকে পাকিস্তানি বাহিনীর মানসম্মান নিয়ে ফিরে আসার শেষ সম্ভাবনাটুকু মুছে দেয়। ১৬ ডিসেম্বর পাকিস্তানি বাহিনীর আত্মসমর্পণের পর পশ্চিম পাকিস্তানের সাধারণ মানুষের কাছে ইয়াহিয়া এবং তাঁর সেনাবাহিনী প্রচণ্ড সমালোচনার মুখে পড়ে। ভুট্টোর জন্য সম্ভাবনার দুয়ার খুলে যায়। তিনি ত্রাণকর্তা হিসেবে আবির্ভূত হন। সেনাবাহিনীর মর্যাদা ধুলোয় লুটিয়ে, আত্মসমর্পণের মাধ্যমে তাদের কোমর ভেঙে দিয়ে ভুট্টো যে 'অপরাধ' করেছিলেন, পাকিস্তানের সেনাবাহিনী তা কখনোই ক্ষমা করেনি। প্রতিশোধ নিতে সেনাবাহিনীর সময় লেগেছিল আট বছর। একটি সাজানো মামলায় তাঁকে ফাঁসির দড়িতে ঝোলানো হয়েছিল।

পাকিস্তানে স্কুল-কলেজের পাঠ্যবইয়ে বাংলাদেশের স্বাধীন হওয়ার প্রেক্ষাপট নিয়ে একটি সরল পাঠ আছে, যেখানে বলা হয়েছে : পূর্ব পাকিস্তানের মানুষ না বুঝে এবং অসৎ উদ্দেশ্যে রাষ্ট্রভাষা উর্দুর বিরোধিতা করেছে। পূর্ব পাকিস্তানের হিন্দুদের মধ্যে দেশের প্রতি কোনো আনুগত্য ছিল না। দেশের ভেতরে অনেক শত্রু ছিল, যারা দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র করেছিল। ভারত তার এজেন্টদের মাধ্যমে পূর্ব পাকিস্তানে দাঙ্গা বাধায়। অনুকূল পরিস্থিতি তৈরি হলে ভারত চারদিক থেকে পূর্ব পাকিস্তান আক্রমণ করে। পাকিস্তান সেনাবাহিনীকে আত্মসমর্পণ করতে হয় এবং পূর্ব পাকিস্তান বাংলাদেশ হয়ে যায়। এই বক্তব্যে বাঙালিদের বিরুদ্ধে অভিযোগ এবং পশ্চিম পাকিস্তানের পক্ষে যে সাফাই গাওয়া হয়েছে, তা সত্যের অপলাপ ছাড়া আর কিছু নয়।[৫৫] বাংলাদেশ 'হাতছাড়া' হয়ে যাওয়ার ক্ষত দগদগে ঘা হয়ে পাকিস্তানের শাসকগোষ্ঠীর মনোবেদনার কারণ হয়ে থাকবে দীর্ঘকাল।

দুই দশকের একটানা রাজনৈতিক লড়াইয়ের শেষ লগ্নে এসে একটি রক্তাক্ত পথ পাড়ি দিয়ে বাংলাদেশ স্বাধীন হলো। পাকিস্তানি বাহিনীর ঢাকায় আত্মসমর্পণের ফলে বাঙালি এক বন্দিশালা থেকে মুক্তি পেল। কিন্তু স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু তখনো বন্দী। তাঁর মুক্ত হয়ে লন্ডনে পৌঁছানোর

খবর শোনা মাত্রই বাংলাদেশের সব মানুষ আনন্দের জোয়ারে ভেসে যায়। মনে হলো, স্বাধীনতার স্বাদ বুঝি পাওয়া গেল পুরোপুরি, যা মুজিবের অনুপস্থিতিতে ছিল অপূর্ণ।

বঙ্গবন্ধু শেখ মুজিব তখনো একটি ঘোরের মধ্যে। হিথরো বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান যুক্তরাজ্যের পররাষ্ট্র ও কমনওয়েলথ-বিষয়ক দপ্তরের কর্মকর্তা আয়ান সাদারল্যান্ড। এখন তিনি কোথায় যাবেন? রাসেল স্কয়ারে একটি হোটেলের কথা তাঁর মনে পড়ল। কিছুক্ষণ কথাবার্তার পর তাঁকে বলা হলো, বনেদি ক্ল্যারিজ হোটেলেই তাঁর থাকার ব্যবস্থা হয়েছে। শেখ মুজিব বিস্মিত হয়ে বললেন, 'এ তো অনেক টাকার ধাক্কা, কোথায় পাব আমি?' তাঁকে বলা হলো, রাষ্ট্রপ্রধানদের থাকার উপযোগী হাতে গোনা হোটেলগুলোর মধ্যে এটি অন্যতম। ইয়াহিয়া খান ও ইন্দিরা গান্ধী লন্ডনে এসে এখানেই থেকেছেন। হোটেলে যাওয়ার পথে তিনি লন্ডনে বাংলাদেশের ভারপ্রাপ্ত মিশনপ্রধান রেজাউল করিমের কাছে শুনতে থাকেন, কী ঘটে গেছে এই দিনগুলোতে। বন্দী থাকা অবস্থায় অনেক কিছুই ছিল তাঁর অজানা। রেজাউল করিমের কাছে সব শুনে তিনি অবাক বিস্ময়ে শুধু বলতে পারলেন, 'আমরা সত্যি স্বাধীন হয়েছি!'[৫৬]

যে দেশটি স্বাধীন করার জন্য তিনি এতগুলো বছর খেটেছেন, জীবনের সোনালি সময়টা হারিয়েছেন চার দেয়ালের মধ্যে বন্দী অবস্থায়, সেই দেশটি

বীরের প্রত্যাবর্তন

